১২৯৩ কারিকর দর্পণ ... বিহারীলাল ঘোষ।

১২৯৪ কর্ণধার ... হারাণচন্দ্র রক্ষিত।

১২৯৪ বীণাপাণি ... শরৎচন্দ্র মুখোপাধ্যায়।

১২৯৪ বৈশাখ, চিকিৎসা-দর্শন—রজনীকান্ত মুখোপাধ্যায়, সুবর্ণপুর, নদীয়া হইতে প্রকাশিত।

১২৯৪ দীপিকা ... প্যারীমোহন হালদার প্রকাশক।

১২৯৪ বিবিধার্থ দীপিকা ... অপ্রকাশিত।

১২৯৪ সম্মিলনী ... মুন্সি গোলাম কাদের, মাগুরা হইতে প্রকাশিত।

১২৯৪ সংসার দর্পণ ... কেদারনাথ বন্দ্যোপাধ্যায়, প্রবোধচন্দ্র দে, দক্ষিণেশ্বর হইতে প্রকাশিত।

১২৯৪ বিভা ... চারুচন্দ্র ঘোষ।

১২৯৪ অনুসন্ধান (পাক্ষিক)—দুর্গাদাস লাহিড়ী।

১২৯৫ জোনাকি ... লাখ্যোবর শর্ম্ম, গোহাটী।

১২৯৫ ভারত ... অপ্রকাশিত।

১২৯৫ ধন্বন্তরী ... সতীপ্রসাদ সেনগুপ্ত।
১৩০৪ কুঞ্জবিহারী কাব্যতীর্থ।

৪০৪ চৈঃ অঃ, যুগধর্ম্ম ... হরিদাস গোস্বামী, শ্রীরামপুর হইতে প্রকাশিত।

১২৯৫ মালঞ্চ ... ঠাকুরদাস মুখোপাধ্যায়।

১২৯৫ পরীক্ষা ... হৃদয়নাথ মৈত্র ও বৈদ্যনাথ বিদ্যা-নিধি।

১২৯৫ আর্য্যপ্রতিভা ... বৈষ্ণবচরণ বসাক (প্রকাশক)।

১৩৯৬ নূতন প্রকরণ ... অপ্রকাশিত।

১২৯৬ সুকথা ... দুর্গাদাস গুপ্ত, কোচবিহার হইতে প্রকাশিত।

১২৯৬ যমুনা ... হরিহর চট্টোপাধ্যায়।

১২৯৬ সাহিত্যকল্পদ্রুম ... সুরেশচন্দ্র সমাজপতি।

১২৯৬ সবিতা ... যোগীন্দ্রনারায়ণ সিংহ, উত্তরপাড়া হইতে প্রকাশিত।

১২৯৬ পুষ্পহার ... উমেশচন্দ্র বৈতালিক।

১২৯৬ প্রজাপতি ... বিজয়কৃষ্ণ রায়।

১২৯৬ দরিদ্র-রঞ্জন ... রাধানাথ মিত্র (কার্য্যাধ্যক্ষ)।

১২৯৬ নবযুবক ... উমেশচন্দ্র দে, টাঙ্গাইল।

১২৯৬ সঙ্গিনী ... রাধিকাপ্রসাদ দত্ত।

১৮৯০ শ্রীহট্ট সুহৃদ ... কৈলাসচন্দ্র বিশ্বাস, শ্রীহট্ট হইতে প্রকাশিত।

১২৯৭ প্রতিমা ... বামদেব দত্ত।

১২৯৭ মজলিস ... দুর্গাদাস দে (প্রকাশক)।

১২৯৭ সাহিত্য ... সুরেশচন্দ্র সমাজপতি।

১২৯৭ আর্য্য কায়স্থ ... দেব কিশোরীমোহন ঘোষ বর্ম্ম, খিদিরপুর হইতে প্রকাশিত।

১২৯৭ সমালোচক ... সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য।

১২৯৭ অরুণোদয় পত্রিকা ... রসিকমোহন চট্টোপাধ্যায়।

৪০৬ গৌঃ অঃ, শ্রীচৈতন্যমত-বোধিনা—রাধিকাপ্রসাদ ভগবৎ রত্নাকর, শ্রীগোবিন্দের ঘেরা বৃন্দাবন হইতে প্রকাশিত।

১২৯৭	জন্মভূমি	...	১৩০৩-০৪ বঙ্গবাসী প্রেস।
১৩০৭	জন্মভূমি	...	নবমবর্ষ ১৩০৭-০৮ নরেন্দ্রনাথ দত্ত।
১৮৯১	ভিষকদর্পণ	...	গিরিশচন্দ্র বাগচী।
১২৯৮	চিকিৎসক	...	ডাঃ বিনোদবিহারী রায়।
১২৯৮	আশা	...	মথুরামোহন গঙ্গোপাধ্যায় (প্রকাশক)।
১২৯৮	উগ্রক্ষত্রিয় প্রতিনিধি	...	শ্রীশচন্দ্র তা।
১২৯৮	জমিদারী পঞ্চায়ৎ		যোগেন্দ্রনাথ বসু, এম্‌-এ, বি, এল্‌।
১২৯৮	সাহিত্য ও বিজ্ঞান	...	যোগেশচন্দ্র মিত্র।
১২৯৮	ইস্‌লাম প্রচারক	...	মহম্মদ রেয়াজুদ্দিন আহম্মদ।
১২৯৮	সংসার চিন্তা	...	অপ্রকাশিত।
১২৯৮	সেবক	...	পূর্ব্ববাঙ্গলা ব্রাহ্মসম্মিলনী, ঢাকা হইতে প্রকাশিত।
১২৯৮	যোগসাধন	...	নৃসিংহচন্দ্র ভড়।
১২৯৮	সাধনা	...	(১) সুধীন্দ্রনাথ ঠাকুর, ১৩০১-০২ (২) রবীন্দ্রনাথ ঠাকুর।
১২৯৮	মোহিনী	...	কেদারনাথ মিত্র।
১২৯৮	মিহির	...	সেখ আব্দর রহিম।
১২৯৯	প্রতিভা	..	বিধুভূষণ ঘোষ (প্রকাশক)।
১২৯৯	রঙ্গভূমি	...	বিদ্যারত্ন কোম্পানি (প্রকাশক)।
১২৯৯	১ম দাসী	...	রামানন্দ চট্টোপাধ্যায়, ১৮৯৩ ২য় বর্ষ হইতে ১৮৯৬ ৫ম বর্ষ পর্য্যন্ত। ১৮৯৭

গোবিন্দচন্দ্র গুহ, ১৮৯৮ মহেন্দ্রচন্দ্র ভৌমিক।

১২৯৯	শ্যামচাঁদ	...	জে, দেব।
১২৯৯	অনুশীলন	...	কুঞ্জলাল রায় (কার্য্যাধ্যক্ষ)।
১২৯৯	সুচিন্তা	...	অপ্রকাশিত।
১৩০০	পূর্ণিমা	...	ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও বিষ্ণুপদ চট্টোপাধ্যায়, হুগলী বাঁশবেড়িয়া হইতে প্রকাশিত।
১৩০০	কল্প	...	রাখালচন্দ্র সেন, এল, এম, এস, ও দুর্গানাথ কাব্যরত্ন।
১৩০০	নববিধান	...	অপ্রকাশিত।
১৩০০	তত্ত্ববোধ	...	শ্রীগুরুনাথ কবিরত্ন।

১৩০০ চিকিৎসাতত্ত্ব বিজ্ঞান ও সমীরণ—দ্বারকানাথ মুখোপাধ্যায়।

১৩০০	সৎসঙ্গ	...	সাতকড়ি বন্দ্যোপাধ্যায়।
১৩০০	সাথী	...	সতীশচন্দ্র সেন।
১৩০০	সমীরণ	...	দ্বারকানাথ মুখোপাধ্যায়।
১৩০০	পুরোহিত	...	মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১৩০০	বীণাপাণি	...	রামগোপাল সেনগুপ্ত।
১৩০০	বিকাশ	...	মন্মথনাথ ঘোষ ও রসিকমোহন চক্রবর্ত্তী।
১৩০০	তৃপ্তি	...	কালীচরণ মিত্র।
১৩০০	ঊষা	...	নবচন্দ্র দত্ত, ত্রিপুরা।
১৩০১	বাসনা	...	জানকীনাথ মুখোপাধ্যায়, প্রকাশক। (চুঁচুড়া)।

১৩০১ নব্য বঙ্গদর্শন ... চন্দ্রকিশোর রায় চৌধুরী।

১৩০১ জ্যোতিঃ ... শ্রীঅধরচন্দ্র বসু, প্রকাশক।

১৩০১ পুরোহিত ও অনুশীলন—মহেন্দ্রনাথ বিদ্যানিধি।

১৩০১ সুহৃদ ... ইডেন হিন্দু হোষ্টেল।

১৩০১ সরস্বতী ... রসিকমোহন চক্রবর্ত্তী, নবাবগঞ্জ হইতে প্রকাশিত।

১৩০১ সখা ও সাথী ... সতীশচন্দ্র সেন, প্রকাশক।

১৩০১ জ্যোৎস্না ... শ্রীরমণীমোহন মল্লিক।

১৩০১ সাহিত্য-পরিষৎ পত্রিকা (১) রজনীকান্ত গুপ্ত।
(২) নগেন্দ্রনাথ বসু।
(৩) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী।
(৪) নগেন্দ্রনাথ বসু।

১৩০১ প্রভা ... পঞ্চানন চট্টোপাধ্যায়।

১৩০১ কৃষিতত্ত্ব ও ভারতবন্ধু এন, সাহা এণ্ড কোং।

১৩০১ জ্যোৎস্না হার ... প্রসাদদাস গঙ্গোপাধ্যায় ও সত্যচরণ মুখোপাধ্যায় কার্য্যাধ্যক্ষ। (চুঁচুড়া চৌমাথা হইতে প্রকাশিত)।

১৩০১ আভা ... মহেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়, রংপুর হইতে প্রকাশিত।

১৩০১ বেদ ... অপ্রকাশিত।

১৩০২ ভারতভূমি ... বসন্তকুমার চক্রবর্ত্তী।

১৩০২ আশা ... সতীশচন্দ্র মুখোপাধ্যায় ও মনোরঞ্জন কুণ্ডু প্রকাশক।

১৩০২ মুকুল ... শিবনাথ শাস্ত্রী।

১৩০২	সৌরভ	...	গিরিশচন্দ্র ঘোষ।
১৩০২	মহিলা	...	অপ্রকাশিত।
১৩০২	মোহিনী	...	বিমলাচরণ রায় চৌধুরী।
১৩০২	বঙ্গ জীবন	...	তারিণীচরণ সেন।
১৩০২	আর্য্য সুহৃদ্ পত্রিকা	...	আর্য্য সুহৃদ্‌সমিতি সম্পাদক, প্রকাশক।
১৩০৩	পারিজাত	...	রসিকমোহন চক্রবর্ত্তী (রংপুর)।
১৩০৩	সমাজ ও সাহিত্য	...	গিরিজানাথ মুখোপাধ্যায়, গরিবপুর হইতে প্রকাশিত।
১৩০৩	গান ও গল্প	...	বঙ্কুবিহারী দাস, হবিনগর, শ্রীহট্ট হইতে প্রকাশিত।
১৩০৩	প্রতিনিধি	...	অপ্রকাশিত।
১৩০৩	ব্রহ্মতত্ত্ব	...	সীতানাথ দত্ত।
১৩০৩	অদৃষ্ট	...	রমণকৃষ্ণ চট্টোপাধ্যায়।
১৩০৩	বিবেক	...	কামাখ্যানাথ মুখোপাধ্যায়
১৩০৩	আয়ুর্ব্বেদ	...	কবিরাজ এণ্ড কোং।
১৩০৩	শ্রীসনাতনী	...	কৃষ্ণকিশোর চৌধুরী, প্রকাশক।
১৩০৩	কান্তি	...	মহেন্দ্রনাথ মাইতি, বি-এ, কার্য্যাধ্যক্ষ, কাঁথি হইতে প্রকাশিত।
১৩০৩	বসুমতী (সাপ্তাহিক)	...	* (১) ব্যোমকেশ মুস্তফী, (২) কালীপ্রসন্ন চট্টোপাধ্যায় চন্দ্রকিশোর রায়, গুণসাগর (৩) অম্বিকাচরণ গুপ্ত (৪) পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় (৫) জলধর সেন (৬) দীনেন্দ্রনাথ রায় (৭) সুরেশচন্দ্র সমাজপতি।

* ভ্রমক্রমে সংবাদপত্র মধ্যে বিনিবিষ্ট হয় নাই।

১৩০৩ সাবিত্রী ... রামযাদব বাগচী।

৪১২ চৈঃ অঃ, সনাতন ধর্ম্মকথা—কালীকুমার দত্ত (চুঁচুড়া)।

১৮৯৭ (১৩০৪) শিল্প পুষ্পাঞ্জলি—শরৎচন্দ্র দেব ও অমৃতলাল বন্দ্যোপাধ্যায়।

১৩০৪ উৎসাহ ... নরেন্দ্রনাথ রায় (প্রকাশক) রাজসাহী হইতে প্রকাশিত।

১৩০৪ উদ্দীপনা ... মন্মথনাথ চট্টোপাধ্যায় (প্রকাশক)।

১৩০৪ তত্ত্বমঞ্জরী ... রামকৃষ্ণ মিশন।

১৩০৪ পন্থা ... (১) কৃষ্ণধন মুখোপাধ্যায় ও শ্যামলাল গোস্বামী (২) হীরেন্দ্রনাথ দত্ত ও মন্মথনাথনাথ বসু।

১৩০৪ উষা ... শরচ্চন্দ্র মিত্র, বঙ্গনগর ২৪ পরগণা হইতে প্রকাশিত।

১৩০৪ বীণাবাদিনী ... জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুর।

১৩০৪ নবীন লেখক ... অপ্রকাশিত।

১৩০৪ পুণ্য ... প্রজ্ঞাসুন্দরী দেবী।

১৩০৪ স্বাস্থ্য ... দুর্গাদাস গুপ্ত।

১৩০৪ প্রদীপ ... রামানন্দ চট্টোপাধ্যায়, এম্ এ, ১৩০৮ সাল হইতে বিহারীলাল চক্রবর্ত্তী।

১৩০৪ শিক্ষা ... বিপিনবিহারী চট্টোপাধ্যায় (প্রকাশক) হুগলী হইতে প্রকাশিত।

১৩০৪ মালা ... অপ্রকাশিত।

১৩০৪ অন্তঃপুর ... (১) বনলতা দেবী (১৩০৭ পৌষ) (২) হেমন্তকুমারী চৌধুরাণী (১৩০৭ মাঘ ১৩১১) (৩) সুখতারা দত্ত (১৩১২)।

১৩০৪ অবোধ-বোধিনী পত্রিকা—শরচ্চন্দ্র দেব।

১৩০৫ জননী ... প্রসাদদাস গাঙ্গুলী (প্রকাশক) চুঁচুড়া চৌমাথা।

১৮৯৯ প্রয়াস ... সাহিত্য-সেবক-সমিতি (প্রকাশক)।

১৮৯৯ সেবিকা ... মহেন্দ্রনাথ তত্ত্বনিধি, ডায়মণ্ড হারবার হইতে প্রকাশিত।

১৮৯৯ কমলা ... মন্মথনাথ মিত্র বি,এ, এফ, আর, এইচ, এস্, (কাশীপুর হইতে প্রকাশিত)।

১৩০৫ অঞ্জলি ... রাজেশ্বর গুপ্ত,চট্টগ্রাম হইতে প্রকাশিত।

১৩০৫ প্রসূন ... ভূতনাথ সেন।

১৩০৫ নির্ম্মাল্য ... রাজেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়।

১৩০৫ উদ্দীপনা ... নারায়ণদাস চট্টোপাধ্যায়।

১৩০৫ কোহিনুর ... এস, কে, এম মহম্মদ রওসন আলি।

১৩০৫ ঋষি .. কবিরাজ রামচন্দ্র বিদ্যাবিনোদ কবিভূষণ।

১৩০৫ প্রচারক ... যমু মিয়া।

১৩০৫ কোকিল ... নিশিকান্ত ঘোষ হাবড়া হইতে প্রকাশিত।

১৩০৬ মুকুর ও মেডিক্যাল জারন্যাল—কেনারাম মুখোপাধ্যায়।

১৩০৬ শ্রীচৈতন্য পত্রিকা ... সুশীলকৃষ্ণ গোস্বামী।

১৩০৬ শ্রীগৌড়েশ্বর বৈষ্ণব ... ললিতমোহন গোস্বামী।

১৩০৬ আলো ... শ্রীনঃ।

১৩০৬ ছাত্র ... কতিপয় ছাত্র।

১৩০৬ বীরভূমি ... নীলরতন মুখোপাধ্যায়।

১৩০৬ সদানন্দ ... হরিহর নন্দী (প্রকাশক) ঢাকা হইতে প্রকাশিত।

১৩০৬ বিংশ শতাব্দী ... হরিপদ চট্টোপাধ্যায়।

১৩০৬ কৃষিতত্ত্ব (নবপর্য্যায়)—নৃত্যগোপাল চট্টোপাধ্যায়, পাকপাড়া হইতে প্রকাশিত।

১৩০৭ প্রকৃতি ... কে, সি, দেব (প্রকাশক)।

১৩০৭ ব্রহ্মবাদী ... সত্যানন্দ দাস, বি, এ।

১৩০৭ জ্যোৎস্না ... বরদাপ্রসাদ বসু, পাবনা হইতে প্রকাশিত।

১৩০৭ ছায়া ... অপ্রকাশিত।

১৩০৭ লহরী ... মোজাম্মেল হক।

১৩০৭ সনাতনী ... যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়।

১৩০৭ সাহিত্য-সংহিতা ... সাহিত্য-সভা হইতে প্রকাশিত। নৃসিংহ মুখোপাধ্যায়, কালীপ্রসন্ন মুখোপাধ্যায়, সুবলচন্দ্র মিত্র, গোপালচন্দ্র মুখোপাধ্যায়।

১৩০৭ স্বাধীন জীবিকা ... প্রতুলচন্দ্র সোম।

১৩০৭ সর্ব্বধর্ম্মরক্ষিণী ... ক্ষীরোদচন্দ্র মিত্র (প্রকাশক)।

১৩০৭ শোভা ... (১) রায় রাজকৃষ্ণ তন্ত্রবাগীশ, (২) ভবতারণ বিদ্যারত্ন।

১৩০৬ ইসলাম ... আবদর রসিদ (ম্যানেজার)।

১৩০৭ আরতি ... উমেশচন্দ্র বিদ্যারত্ন, সারদাচরণ ঘোষ, ১৩১০ ভাদ্র পর্য্যন্ত, উপেন্দ্রচন্দ্র রায়, ১৩১১ মাঘ হইতে ১৩১৩ চৈত্র পর্য্যন্ত; যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় বি, এ, ১৩১৫।

১৩০৭ শিল্প ও সাহিত্য ... অপ্রকাশিত।

১৩০৭ ত্রিস্রোতা ... শশিকুমার নিয়োগী ও ভুজঙ্গধর রায় চৌধুরী, জলপাইগুড়ি হইতে প্রকাশিত।

১৩০৭ সনাতনী ও ছায়া ... যোগেন্দ্রলাল দেব।

১৩০৭ অনুশীলন বা কালচার (Culture)—Literary Club Raj Chandra College (Barisal).

১৩০৭ জগদ্ধাত্রী ... রজনীকান্ত মুখোপাধ্যায়।

১৩০৭ রত্নাকর ... গুরুনাথ সেনগুপ্ত কবিরত্ন।

১৩০৭ বৈষ্ণব-পত্রিকা ... শ্যামলাল গোস্বামী (প্রকাশক)।

১৩০৭ বিশ্বজননী ... যোগীন্দ্রনাথ চট্টোপাধ্যায়।

১৩০৭ বাসনা ... মৃণালচন্দ্র চট্টোপাধ্যায়।

১৩০৭ নবপ্রভা ... জ্ঞানেন্দ্রলাল রায়।

১৩০৭ মহাজনবন্ধু ... রাজকৃষ্ণ পাল।

১৩০৭ শ্রীশ্রীগৌরাঙ্গ পত্রিকা—যতীন্দ্রনাথ মিত্র।

১৯০১ সরল হোমিওপ্যাথি... বিপিনবিহারী চট্টোপাধ্যায় (১৯০১-০৭) অমুল্যকুমার মুখোপাধ্যায় (১৯০৮) নৃপেন্দ্রনাথ সেঠ (১৯০৯) ও অমূল্য-কুমার মুখোপাধ্যায়।

১৯০১ নব্যবঙ্গ ... আশুতোষ মুখোপাধ্যায় ও পাঁচকড়ি রায়।

১৩০৮ প্রবাসী ... রামানন্দ চট্টোপাধ্যায়।

১৩০৮ শ্রীশ্রীগৌড়ভূমি ... অপ্রকাশিত।

১৩০৮ ভাস্কর ... সত্যপদ বন্দ্যোপাধ্যায়।

১৩০৮ কৃষক (মাসিক) ... মন্মথনাথ মিত্র, এফ, আর, এইচ্ এস্।

১৩০৮ আর্য্যধর্ম্ম ... চণ্ডীচরণ ন্যায়রত্ন।

১৩০৮ উষা ... কান্তিচন্দ্র বন্দ্যোপাধ্যায়, কালনা বৰ্দ্ধমান হইতে প্রকাশিত।

১৩০৮ বসুধা ... সত্যলাল বন্দ্যোপাধ্যায়, রাজকৃষ্ণ তন্ত্রবাগীশ, অন্নদাপ্রসাদ ঘোষাল।

১৩০৮ কল্যাণী ... বিশ্বেশ্বর মুখোপাধ্যায় (প্রকাশক)।

১৩০৮ সতী ... অপ্রকাশিত।

১৩০৮ সঙ্গীত প্রকাশিকা ... জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

১৩০৮ সুধা ... কালীপ্রসন্ন দাস গুপ্ত, মুর্শিদাবাদ হইতে প্রকাশিত।

১৩০৮ জ্ঞানদায়িনী ... শ্রীসুরেন্দ্রনাথ গোস্বামী, দক্ষিণ সিতি ৶শীতলাতলা পোঃ কাশিপুর হইতে প্রকাশিত।

১৯০২ শিবপুর কলেজ-পত্রিকা—অপ্রকাশিত।

৪১৭ গৌঃ অঃ, শ্রীশ্রীগৌড় বিষ্ণুপ্রিয়া পত্রিকা—মৃণালকান্তি ঘোষ (কার্য্যাধ্যক্ষ)।

১৩০৯ তাম্বুলি-সমাজ ... বামসত্য মুখোপাধ্যায় ও শরচ্চন্দ্র দত্ত, রাজকৃষ্ণ পাল ও যোগেন্দ্রনাথ সিংহ, ১৩১৪ হইতে বহরমপুর হইতে প্রকাশিত।

১৩০৯ সমালোচনী ... শৈলেশচন্দ্র মজুমদার।

১৩০৯ আশা ... মহিমচন্দ্র চক্রবর্ত্তী, নওয়াখালি হইতে প্রকাশিত।

১৩০৯ আশা ... হেমন্তকুমার বন্দ্যোপাধ্যায়, এম এ, বিএল, বারাশত হইতে প্রকাশিত।

১৩০৯ অতিথি ... প্রমথনাথ রায় (প্রকাশক) ঢাকা হইতে প্রকাশিত।

১৩০৯ গুরু দর্পণ ... মন্মথনাথ গোস্বামী, বোধখানা (যশোহর) হইতে প্রকাশিত।

১৩০৯ কায়স্থ পত্রিকা ... নগেন্দ্রনাথ বসু।

১৩০৯ অভিষেক ... বিভূতিশেখর মুখোপাধ্যায়।

১৩০৯ প্রীতি ... বিপিনকৃষ্ণ কুমার।

১৩১০ যমুনা ... সতীশচন্দ্র মিত্র।

১৩১০ নবনূর ... মৌলবী সৈয়দ এমদাদ আলি।

১৩১০ সোপান ... শরচ্চন্দ্র সিংহ (প্রকাশক) বীরভূম হইতে প্রকাশিত।

১৩১০ চিকিৎসা-সম্মিলনী নবপর্য্যায়—অপ্রকাশিত।

১৩১০ বৈষ্ণব সন্দর্ভ ... শ্যামলাল গোস্বামী, বৃন্দাবন হইতে প্রকাশিত।

১৩১০ বার্ত্তা ... কালীপ্রসন্ন বিশ্বাস।

১৩১০ কমলা ... জি, সি, বসু এণ্ড কোং (প্রকাশক)।

১৩১০ সমাজ দর্পণ ... সুরেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

১৩১০ সর্ব্বজন-সুহৃদ ... অপ্রকাশিত।

১৩১০ জননী ... জিতেন্দ্রনাথ মজুমদার (প্রকাশক)

১৩১০ ভূ-বৃত্তান্ত প্রকাশিকা... মধুসূদন চক্রবর্ত্তী।

১৩১০ অর্চ্চনা ... জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায়, এম এ, ১৩১৫, কেশবচন্দ্র গুপ্ত, এম এ, বি এল।

১৩১১ নববিকাশ ... হরকুমার সাহা (ঢাকা)।

১৩১১ অবসর ... নবকুমার দত্ত।

১৩১১ ঊষা ... উপেন্দ্রনাথ ভট্টাচার্য্য (প্রকাশক)।

১৯০৪ ভুবনমোহিনী বীণা ... ডি. পি. বিশ্বাস, ঢাকা হইতে প্রকাশিত।

১৩১১ যোগী সখা ... অধরচন্দ্র নাথ।

১৩১১ বঙ্গরত্ন ... অপ্রকাশিত।

১৩১১ জাহ্নবী ... শ্রীনলিনীরঞ্জন পণ্ডিত ১৩১৩ শ্রীমতী গিরীন্দ্রমোহিনী দাসী।

১৩১১ চন্দ্রমা ... হবেন্দ্রচন্দ্র সিংহ, কাঁদি, মুর্শিদাবাদ হইতে প্রকাশিত।

১৩১১ ঐতিহাসিক চিত্র ... নিখিলনাথ রায়।

১৩১১ আর্য্য প্রতিভা ... অশ্বিনীকুমার সেনগুপ্ত।

১৩১১ উপাসনা ... চন্দ্রশেখর মুখোপাধ্যায়, কাসিমবাজার হইতে প্রকাশিত।

১৩১১ পথিক ... যোগেন্দ্রনাথ গুপ্ত।

১৩১১ বঙ্গীয় বণিক ... নিকুঞ্জবিহারী দাস।

১৩১১ শ্রীশ্রীবৈষ্ণব সঙ্গিনী ... মধুসূদন অধিকারী, ১ম ৩ বৎসর ত্রৈমাসিক, ১৩১৫ হইতে মাসিক হয়।

১৩১১ চিকিৎসক ও সমালোচক—সত্যকৃষ্ণ রায়।

১৩১১ সুমতি ... অবিনাশচন্দ্র দত্ত।

১৩১২ বৌদ্ধ পত্রিকা ... সর্ব্বানন্দ বড়ুয়া।

১৩১২ বঙ্গলক্ষ্মী ... হরিদাস মিত্র, বি এল্।

১৩১২ প্রতিভা ... কুঞ্জবিহারী বসু।

১৩১২ গন্ধবণিক ... অবিনাশচন্দ্র দাস, এম্ এ, বি এল্।

১৩১২ ইন্দিরা ... বরেন্দ্রলাল মুখোপাধ্যায়, কালীঘাট হইতে প্রকাশিত।

১৩১২ ভারত মহিলা ... সরযূবালা দত্ত, ঢাকা হইতে প্রকাশিত।

১৩১২ স্বদেশী ... নারায়ণচন্দ্র বিদ্যাভূষণ।

১৩১২ অঙ্কুর ... কালীবর বেদান্তবাগীশ।

১৩১২ বাণী ... অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।

১৩১৩ বঙ্গভাষা ... কুমার সুরেন্দ্রচন্দ্র দেব বর্ম্মা।

১৩১৩ উৎসব ... রামদয়াল মজুমদার, এম্ এ, কাশী হইতে প্রকাশিত।

১৩১৩ আয়ুর্ব্বেদ পত্রিকা ... নলিনীকান্ত সাংখ্যতীর্থ।

১৩১৩ ভাণ্ডার ... রবীন্দ্রনাথ ঠাকুর।

১৩১৩ শীতলা পত্রিকা ... শীতলপ্রসাদ ঘোষ।

১৩১৩ শৈবী ... শিবচন্দ্র বিদ্যার্ণব, কুমারখালি হইতে প্রকাশিত।

১৩১৩ সাহিত্য-পরিষৎ পত্রিকা—রঙ্গপুর শাখা হইতে প্রকাশিত। ত্রৈমাসিক।

১৩১৩ কণিকা ... ভূপেশনাথ ভট্টাচার্য্য (প্রকাশক)।

১৩১৩ মঙ্গলা ... অশ্বিনীকুমার শর্ম্মা, শিলেট হইতে প্রকাশিত।

১৯০৭ কাজের লোক ... অপ্রকাশিত।

১৩১৪ বেদান্ত দর্পণ ... সারদানাথ দত্ত।

১৩১৪ চিন্তা ... অম্বিকাচরণ গুপ্ত।

১৩১৪ আর্য্যভূমি ... প্রিয়দর্শন হালদার।

১৩১৪ পল্লীচিত্র ... বিধুভূষণ বসু।

১৩১৪ সুব্রাহ্মণ ... অপ্রকাশিত।

১৩১৪ ছাত্রসখা ... মন্মথমোহন বসু।

১৩১৪ বাল্যসখা ... পূর্ণচন্দ্র রায়।

১৩১৫ বাসনা ... সেখ ফজলল করিম, কাঁকিনা, রঙ্গপুর।

১৩১৫ আর্য্যবিভূতি ... বিপিনবিহারী ঘটক।

১৩১৫ আর্য্য-কায়স্থ-প্রতিভা—কালীপ্রসন্ন সরকার বর্ম্ম, বি এ।

১৩১৫ সত্যপ্রকাশ ... হরিদাস বন্দ্যোপাধ্যায়।

১৩১৫ সারথী ... দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার।

১৩১৫ মালঞ্চ ... অপ্রকাশিত।

১৩১৫ আর্য্য দর্পণ ... স্বামী নিগমানন্দ সরস্বতী।

১৩১৫ অনুশীলন ... নবকুমার দত্ত।

১৩১৫ মানসী ... ইন্দুপ্রকাশ বন্দ্যোপাধ্যায়, সুবোধচন্দ্র বন্দ্যোপাধ্যায়,ফকিরচন্দ্র চট্টোপাধ্যায় শিবরতন মিত্র।

১৩১৫ জগজ্জ্যোতিঃ ... গুণালঙ্কার মহাস্থবির।

১৩১৬ দেবালয় ... অপ্রকাশিত।

১৩১৬ তিলি-বান্ধব ... ঐ

১৩১৬ মৃণ্ময়ী ... ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী, এম্ এ।

১৩১৬ শান্তিকণা ... পূর্ণচন্দ্র সাহা প্রকাশক। ঢাকা হইতে প্রকাশিত।

১৩১৬ অলৌকিক রহস্য ... ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ।

১৩১৬ ইউনাইটেড ষ্টেড্ গেজেট্—নারায়ণকৃষ্ণ গোস্বামী।

সপ্তম অধ্যায়

সভাসমিতি ও পুস্তকাগার

(*) চিহ্নিত পুস্তকাগার গুলিতে কলিকাতা মিউনিসিপ্যালিটি কর্ত্তৃক সাহায্য প্রদত্ত হয়। এই সকল স্থানে বিনামূল্যে পুস্তক পত্রিকাদি পড়িতে পাওয়া যায়। বার্ষিক সাহায্যের পরিমাণ (বন্ধনী মধ্যে প্রদত্ত হইয়াছে)।

অক্ষয় দত্ত স্মৃতিসমিতি ও শান্তিকুটীর লাইব্রেরী—বালী (হাওড়া)। সম্পাদক শ্রীরাসবিহারী বন্দ্যোপাধ্যায়।

অমিয় লাইব্রেরী—বাঁকীপুর। সম্পাদক ও স্বত্বাধিকারী শ্রীসুধীরনাথ ভাদুড়ী।

অষ্টগ্রাম সুনীতি-সঞ্চারিণী সভা—(কুমিল্লা)।

আগড়পাড়া এসোসিয়েশন—আগড়পাড়া ২৪ পরগণা।

আগড়পাড়া পাবলিক লাইব্রেরী—মিশন রোড, আগড়পাড়া ২৪ পরগণা।

আগ্রা বাঙ্গালা সাহিত্য সমিতি ও লাইব্রেরী—আগ্রা।

আঞ্জুমান তালিম ও তরক্কি—তাঁতিবাগ, ইটালী, কলিকাতা।

* আঞ্জুমানি মুফিদুল ইসলাম লাইব্রেরী—৩৬ ফুলবাগান রোড, কলিকাতা। (১০০৲ টাকা)।

আড়িয়াদহ এসোসিয়েশন লাইব্রেরী ও রিডিং রুম—সুখদা দেবী মেমোরিয়েল হল, আড়িয়াদহ ২৪ পরগণা। সম্পাদক শ্রীচুনিলাল বন্দ্যোপাধ্যায়।

আদমদিঘী সাহিত্য-সমিতি—আদমদিঘী, বগুড়া। সম্পাদক শ্রীনগেন্দ্রনাথ চক্রবর্ত্তী।

আর্য্য সাহিত্য সমাজ—বাগবাজার, কলিকাতা। সভাপতি—শ্রীচন্দ্রশেখর সেন, বার-এট ল।

আহিরীটোলা রিডিং লাইব্রেরী—১ গৌর লাহা ষ্ট্রীট, কলিকাতা।

* ইউনাইটেড্ রিডিং রুম—৬৭।১।২ নিমতলা ঘাট ষ্ট্রীট, কলিকাতা। (২০০৲ টাকা)।

* ইউনিয়ন লাইব্রেরী—১৭০ মুক্তারাম বাবু ষ্ট্রীট, কলিকাতা। (১৫০৲ টাকা)।

ইউনিয়ন লাইব্রেরী—মুগকল্যাণ (হাওড়া)।

* ইয়ং মেন্স্ ইউনিয়ন—৪।১ ওয়েলিংটন স্কোয়ার, কলিকাতা। (৭৫৲ টাকা)

ইয়ং মেন্স্ ক্লাব এবং রিডিং রুম—৬৩ নেবুতলা লেন, কলিকাতা।

ইয়ং মেন্স্ এসোসিয়েশন এবং লাইব্রেরী—৬৩ বারাকপুর ট্রাঙ্ক রোড, পাইকপাড়া।

ইষ্ট লাইব্রেরী—১২৮।২ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

উজ্‌বার্ণ পাবলিক লাইব্রেরী—বগুড়া। সম্পাদক—শ্রীজিতেন্দ্রকুমার বিশ্বাস, বি এল্।

উত্তরপাড়া সারস্বত সম্মিলন—উত্তরপাড়া (হুগলী)। বান্ধব—কুমার শ্রীপঞ্চানন মুখোপাধ্যায় বাহাদুর। সভাপতি—শ্রীভূষণচন্দ্র বন্দ্যোপাধ্যায়। সম্পাদক—শ্রীললিতমোহন মুখোপাধ্যায়। জুন ১৯০৯ খৃঃ স্থাপিত।

উপনচৌকী পল্লী সাহিত্য-সমিতি—বাউরা (জলপাইগুড়ি)।

উলুবেড়িয়া ভিক্টোরিয়া মেমোরিএল লাইব্রেরী—উলুবেড়িয়া (হাওড়া)। সম্পাদক—শ্রীউমেশচন্দ্র শীল।

উষালক্ষ্মী লাইব্রেরী—গ্রাম কোয়েপাড়া, পোঃ মহামুনি, জেলা চট্টগ্রাম। শ্রীরমণীরঞ্জন বিদ্যাবিনোদ সম্পাদক।

এমারেল্ড লাইব্রেরী এবং রামবাগান লিটারেরি ক্লাব—১৬৭ মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।

* ওল্ডক্লাব লাইব্রেরী এবং রিডিং রুম—৮৪।১।১ বহুবাজার ষ্ট্রীট (৫০৲ টাকা)।

* কটেজ লাইব্রেরী—২ পদ্মপুকুর রোড ভবানীপুর, কলিকাতা। (৬০০৲ টাকা)।

কমলা পাঠাগার—নাওডাঙ্গা, রঙ্গপুর।

* কমলা লাইব্রেরী—১৭ পানার বাজার রোড ইটালি, কলিকাতা। (১৫০৲ টাকা)।

* কর্ণওয়ালিস ইউনিয়ন ক্লাব এবং লাইব্রেরী—৮৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা (৭৫৲ টাকা)।

কলিকাতা ইউনিভার্সিটি ইনষ্টিটিউট্—কলেজ স্কোয়ার, কলিকাতা।

কশবা শান্তি লাইব্রেরী—ঢাকুরিয়া বালীগঞ্জ, ২৪ পরগণা।

কাঁটালপাড়া সাহিত্য সম্মিলনী—কাঁটালপাড়া, ২৪ পরগণা।

কাছাড় অনুসন্ধান সমিতি—শিলচর (আসাম)।

কামরূপ অনুসন্ধান সমিতি—গৌহাটি (আসাম)।

কাঁথি সারস্বত সমিতি—কাঁথি (মেদিনীপুর)।

* কালীঘাট লাইব্রেরী—১১।২ রসারোড সাউথ, ভবানীপুর, কলিকাতা। (১০০৲ টাকা)।

কাশীপুর লাইব্রেরী—চট্টগ্রাম। সম্পাদক—শ্রীযোগেশচন্দ্র দত্ত।

কাশীশ্বরী পাবলিক লাইব্রেরী—দার্জিলিং। সভাপতি—শ্রীহরিলাল গোস্বামী।

কিশোরীমোহন ষ্টুডেণ্টস্ লাইব্রেরী—পাবনা। কার্য্যাধ্যক্ষ—শ্রীসারদা চরণ রায়।

কুমারখালি সাহিত্য সম্মিলনী—কুমারখালি, নদীয়া।

* কুমারটুলী ইনষ্টিটিউট্—১৭ অভয়চরণ মিত্র ষ্ট্রীট, কলিকাতা। (১৫০৲ টাকা)।

কেশবানন্দ লাইব্রেরী—শ্যামপুকুর, কলিকাতা।

কোহিনুর সমিতি—পাংশা, ফরিদপুর। সম্পাদক—শ্রীমোঃ রৌশনালি চৌধুরী।

গীতা সমিতি—৫১ শাঁকারীটোলা লেন, কলিকাতা। সম্পাদক—শ্রীঅমৃতলাল সরকার, এফ্ সি এস্। ১৯০১ খৃঃ স্থাপিত।

গুণালঙ্কার লাইব্রেরী—১ বুদ্ধিষ্ট টেম্পল লেন, বহুবাজার কলিকাতা। সভাপতি—শ্রীযুক্ত কৃপাশরণ মহাস্থবির, সহকারী সভাপতি শ্রীযুক্ত গুণালঙ্কার মহাস্থবির।

গৌরীবেড় লাইব্রেরী—১৬ বদ্রীদাস টেম্পল্ ষ্ট্রীট, কলিকাতা। ১৮৮৪ খৃঃ স্থাপিত।

* চৈতন্য লাইব্রেরী—৪।১ বীডন ষ্ট্রীট, কলিকাতা। সম্পাদক—শ্রীগৌরহরি সেন। ১৮৮৯ খৃঃ স্থাপিত। (মিউনিঃ সাহায্য ৬৫০৲)।

ছাত্রভাণ্ডার—চট্টগ্রাম। সম্পাদক—শ্রীসতীশচন্দ্র দত্ত।

জগদ্বল্লভপুর সাহিত্য সমিতি—জগদ্বল্লভপুর, হাওড়া।

জঙ্গিপুর সরস্বতী লাইব্রেরী—জঙ্গিপুর, মুর্শিদাবাদ। সম্পাদক—শ্রীচণ্ডীচরণ সিংহ।

জাতীয় শিক্ষা পরিষৎ—৪৬ মুরারি পুকুর রোড, কলিকাতা।

জাতীয় শিক্ষা পরিষৎ—মালদহ। সম্পাদক—শ্রীবিপিনচন্দ্র ঘোষ, বি-এল্।

জাত্রারাজিব লাইব্রেরী—সম্পাদক—শ্রীহেরম্বচন্দ্র রায়।

টানাদীঘি সারস্বত লাইব্রেরী—টানাদীঘি, বাঁকুড়া।

ডিউক্স্ লাইব্রেরী—হাওড়া। সম্পাদক—শ্রীদুর্গাদাস লাহিড়ী।

ঢাকা সাহিত্য পরিষৎ—ঢাকা। সম্পাদক—শ্রীউপেন্দ্রচন্দ্র গুহ। ১৩১৮ সালে স্থাপিত।

ঢাকুরিয়া পাবলিক লাইব্রেরী—ঢাকুরিয়া বালীগঞ্জ ২৪ পরগণা।

* তালতলা পাবলিক লাইব্রেরী—৯ নিয়োগীপুকুর ওয়েষ্ট লেন, কলিকাতা। (৩৫৲ টাকা)।

ত্রিপুরা সাহিত্য সম্মিলনী—কুমিল্লা।

দেবালয়—২১০।৩।২ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। ১৮৭৩ খৃঃ বরাহনগর শশিপদ ইনষ্টিটিউটে সেবাব্রত শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্তৃক স্থাপিত। ১৯০৮ খৃঃ ১লা জানুয়ারি তারিখে কলিকাতায় স্থানান্তরিত হয়। উদ্দেশ্য—ঈশ্বরভক্তি, সাহিত্যিক, বৈজ্ঞানিক জ্ঞান প্রচার, দরিদ্রসেবা এবং উদাসভাবে বিভিন্ন ধর্ম্মাবলম্বীর স্বীয় স্বীয় ধর্ম্ম প্রচার। সভাপতি—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন, এম্-এ, বিএল্। সম্পাদক—শ্রীভবসিন্ধু দত্ত ও শ্রীসতীন্দ্রনাথ রায় চৌধুরী, এম্ এ, বি-এল্।

নদীয়া সাহিত্য পরিষৎ—কৃষ্ণনগর নদীয়া। সভাপতি—শ্রীজ্ঞানেন্দ্রলাল রায় এম্-এ, বিএল্। সম্পাদক - শ্রীআশুতোষ চট্টোপাধ্যায়, এম্-এ ও শ্রীভবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, এম্-এ, বেদান্ততীর্থ।

নর্থব্রুক পাবলিক লাইব্রেরী—কুচবিহার।

নর্থব্রুক পাবলিক লাইব্রেরী—ঢাকা।

* নিত্যানন্দ লাইব্রেরী—২৯ চেতলা সেণ্ট্রাল রোড, কলিকাতা। (৭৫৲ টাকা)

নিত্যানন্দ লাইব্রেরী—ফরিদাবাদ, ঢাকা।

ন্যাশনাল রিডিং সোসাইটি—কলিকাতা।

পঞ্চানন লাইব্রেরী—খুরুট, পঞ্চাননতলা, হাওড়া। সম্পাদক শ্রীহরিপদ বন্দ্যোপাধ্যায়।

পাইকপাড়া সাহিত্য সমিতি—কাশীপুর, কলিকাতা।

পানীহাটী ক্লাব...পানীহাটী ২৪ পরগণা।

পাবলিক লাইব্রেরী—নড়াইল।

„ „ —যশোহর।

পি এম্, পাবলিক লাইব্রেরী—নওগাঁও, রাজসাহী।

পীতাম্বর লাইব্রেরী—সেনহাটী, খুলনা।

পূর্ব্ববঙ্গ সাহিত্য সমাজ—৭৩ পাটুয়াটুলি, ঢাকা। সভাপতি—শ্রীবিধুভূষণ গোস্বামী, এম্ এ।

পূর্ব্ববঙ্গ সারস্বত সমাজ—বাগবাজার, ঢাকা।

পেট্রিয়টিক লাইব্রেরী এবং পাঠাগার—৩৮।২ রামতনু বসু লেন, কলিকাতা।

প্রয়াগ বঙ্গসাহিত্য মন্দির—হাবাসপুর, ফরিদপুর। সম্পাদক—শ্রীপ্রমথ-নাথ কুণ্ডু।

* ফ্রেণ্ডস্ ইউনাইটেড্ ক্লাব—১৮ মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা। (২৫৲ টাকা)।

ফ্রেণ্ডস্ ডিবেটিং ক্লাব এবং লাইব্রেরী—দত্তের গলি, চুঁচুড়া।

ফ্রেণ্ডস্ ড্রামাটিক্ ইউনিয়ন্ এবং ইউনিয়ন্ লাইব্রেরী—৫৭।২ মুক্তারাম বাবু ষ্ট্রীট, কলিকাতা।

ফ্রেণ্ডস্ সান্‌রাইজ লিটারেরি ক্লাব—৮।৭ পিয়ারীমোহন পাল লেন, কলিকাতা।

বগুড়া সাহিত্য সমিতি।

বগুড়া হিন্দুধর্ম্ম সভা।

বঙ্গসাহিত্য সভা ও পুস্তকালয়—গন্ধনালা, দিল্লী। সম্পাদক—শ্রীহীরালাল মুখোপাধ্যায়।

বঙ্গসাহিত্য সমাজ—১৫২ কাজীপুর, বেনারস সিটি। সম্পাদক—শ্রীললিতমোহন মুখোপাধ্যায়।

বঙ্গীয় ছাত্র সম্মিলনী—১৯১ আপার সাকুর্লার রোড, কলিকাতা।

বঙ্গীয় সাহিত্যপরিষৎ—২৪৩।১ আপার সাকুর্লার রোড। ১৩০১ সালের ১৭ই বৈশাখে প্রতিষ্ঠিত। সভাপতি—ডাঃ শ্রীজগদীশচন্দ্র বসু, এম্ এ, ডি এস্ সি। সম্পাদক—শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, এম্ এ, বি এল্। (৫২৫৲ টাকা) বঙ্গীয় সাহিত্য পরিষদের শাখাগুলির নাম নিম্নে প্রদত্ত হইল,—

রঙ্গপুর শাখা—রঙ্গপুর। সম্পাদক—শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী।

মুর্শিদাবাদ শাখা—বহরমপুর। „ শ্রীযজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।

ভাগলপুর শাখা—ভাগলপুর। „ শ্রীমণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, বি এল্।

চট্টগ্রাম শাখা—চট্টগ্রাম। „ শ্রীত্রিপুরাচরণ চৌধুরী।

গৌহাটী শাখা—গৌহাটী। „ শ্রীভুবনমোহন সেন।

বরিশাল শাখা—বরিশাল। সভাপতি—শ্রীনিবারণচন্দ্র দাশগুপ্ত, এম্ এ, বি এল্। সম্পাদক—শ্রীদেবকুমার রায় চৌধুরী।

বৰ্দ্ধমান শাখা—বৰ্দ্ধমান। সভাপতি—রায় শ্রীনলিনাক্ষ বসু বাহাদুর। সম্পাদক—শ্রীদেবেন্দ্রনাথ সরকার ও শ্রীক্ষীরোদবিহারী চট্টোপাধ্যায়, এম্ এ, বি এল্।

কালনা শাখা—কালনা (বৰ্দ্ধমান)। সম্পাদক—শ্রীউপেন্দ্রনাথ নাগ, এল্ এম্ এস।

দিল্লী শাখা—দিল্লী। সম্পাদক—শ্রীললিতমোহন চট্টোপাধ্যায়, টিমারপুর, দিল্লী।

এতদ্ভিন্ন রাজসাহী, বাঁকুড়া, বারাণসী, পাবনা, কৃষ্ণনগর, মেদিনীপুর ও পুরুলিয়ায় শাখা আছে।

* বড়বাজার লাইব্রেরী এবং ফ্রি রিডিং রুম্—৯৬।৯৭ লোয়ার চিৎপুর রোড কলিকাতা ১৯০১ খৃঃ স্থাপিত। সম্পাদক—শ্রীমদনমোহন বর্ম্মন। (১৫০৲ টাকা)।

বয়েজ ওন লাইব্রেরী—৭।৩ বীডন ষ্ট্রীট, কলিকাতা।

বরাহনগর পীপল্‌স্ লাইব্রেরী—৩০ কুঠীঘাট রোড, বরাহরগর। ১৮৭৬ খৃঃ স্থাপিত।

বরিশাল রিডিং ক্লাব এবং লাইব্রেরী—বরিশাল ২৪ পরগণা।

বরেন্দ্র অনুসন্ধান সমিতি—রাজসাহী। বান্ধব—কুমার শ্রীশরৎকুমার রায়, এম্ এ। সভাপতি—শ্রীঅক্ষয়কুমার মৈত্রেয়, বি এল্। সম্পাদক—শ্রীরমাপ্রসাদ চন্দ, বি এ।

বর্দ্ধমানরাজ ফ্রি পাবলিক লাইব্রেরী—বর্দ্ধমান। স্বর্গীয় মহারাজাধিরাজ আফতাপ চাঁদ বাহাদুর কর্ত্তৃক স্থাপিত। পুস্তক লইতে হইলে কোন মাসিক চাঁদা দিতে হয় না, ৬৲ ও ৩৲ জমা রাখিতে হয়। বর্দ্ধমানরাজ কর্ত্তৃক সমস্ত ব্যয় নির্ব্বাহিত হয়। সম্পাদক—ডাঃ শ্রীজগদ্বন্ধু মিত্র।

বাকলণ্ড পাঠাগার ও পুস্তকালয়—চট্টগ্রাম। সম্পাদক—শ্রীবিপিনচন্দ্র গুপ্ত।

বাঁকুড়া জর্জ্জ লাইব্রেরী—বাকুড়া।

*বাগবাজার রিডিং লাইব্রেরী—২৫।১ রাজা রাজবল্লভ ষ্ট্রীট, কলিকাতা। সম্পাদক—শ্রীআশুতোষ বন্দ্যোপাধ্যায়, এম্এ। (মিউনিঃ সাহায্য ৩০০৲)

বাণীভবন—বগুড়া।

বাণী সেবাশ্রম—কাশীনগর, যশোহর। সম্পাদক—জ্ঞানাঞ্জন চট্টোপাধ্যায়।

*বান্ধব লাইব্রেরী—১৮৬ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। (১২৫৲ টাকা)

বান্ধব লাইব্রেরী—ঢাকা।

বান্ধব সমিতি—১৭০ আপার সার্কুলার রোড, কলিকাতা।

বান্ধব সমিতি—দিল্লী।

বারাকপুর ইভ্‌নিং ক্লাব—বারাকপুর। সম্পাদক—শ্রীব, স, বন্দ্যোপাধ্যায়

বারাকপুর লাইব্রেরী—বারাকপুর।

বালক সম্মিলনী লাইব্রেরী—সাধনপুর, চট্টগ্রাম।

*বালীগঞ্জ ক্লাব লাইব্রেরী—৪৭ পদ্মপুকুর রোড, কলিকাতা। (৭৫৲ টাকা)

বিদ্যাসাগর লাইব্রেরী এবং বাঙ্গালী যুবক সমিতি—আমিনাবাদ, লক্ষ্ণৌ। সম্পাদক—শ্রীকরুণাময় চট্টোপাধ্যায়।

বিশ্বেশ্বরী লাইব্রেরী—কৈকালা, হুগলী। সম্পাদক—শ্রীরাজকুমার বেদ-তীর্থ।

বীণাপাণি লাইব্রেরী—গুরুই, হিলচিরা, ময়মন সিংহ।

বীরভূম অনুসন্ধান সমিতি—হেতমপুর, বীরভূম। সভাপতি—প্রাচ্য বিদ্যা-মহার্ণব শ্রীনগেন্দ্রনাথ বসু সিদ্ধান্তবারিধি। সম্পাদক—মহারাজকুমার শ্রীমহিমা নিরঞ্জন চক্রবর্ত্তী। ৫ই কার্ত্তিক ১৩২১ স্থাপিত।

*বেণিয়াপুকুর লাইবেরী এবং রিডিং ক্লাব—৩৬ বেণিয়াপুকুর রোড, কলিকাতা। (১২৫৲ টাকা)।

বেলপুকুর পল্লী পরিষৎ—বেলপুকুর, শ্যামগঞ্জ, রঙ্গপুর।

বেলিয়াঘাটা সান্ধ্যসমিতি—১৬ বারোয়াবিতলা রোড, বেলিয়াঘাটা, কলিকাতা।

বেহালা লাইবেরী—বেহালা, ২৪ পরগণা। ১৯০৩ খৃঃ স্থাপিত।

বেহালা সারস্বত সমিতি—হরিসভা লেন, বেহালা ২৪ পরগণা।

বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভা—৫ ললিতমোহন দাস লেন, কলিকাতা। সভাপতি—শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির, সহঃ সভাপতি—শ্রীমৎ গুণালঙ্কার মহাস্থবির। সম্পাদক—শ্রীবেণীমাধব বড়ুয়া, এম্ এ।

ব্রাহ্মণডাঙ্গা অমরাবতী লাইব্রেরী—রায়গ্রাম, যশোহর। সম্পাদক—শ্রীমনোমোহন চক্রবর্ত্তী।

*ব্রাহ্মসমাজ লাইব্রেরী—২১২ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। (৭৫৲ টাকা)

ভবানীপুর সাহিত্য সমিতি—৫০ কাঁসারিপাড়া রোড, ভবানীপুর, কলিকাতা। ১৩০৭ সালের ভাদ্র মাসে "ছাত্রসমিতি" নামে প্রতিষ্ঠিত। সমিতিই ১৩১০ সালের চৈত্র মাসে "ভবানীপুর সাহিত্য সমিতি" নামে অভিহিত হয়। সভাপতি—রায় শ্রীযতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, এম্‌এ, বিএল। সম্পাদক—শ্রীশ্যামরতন চট্টোপাধ্যায়, বিএল।

ভার্নেনা ক্লাব এবং লাইব্রেরী—১৩ হরিশ্চন্দ্র মুখার্জ্জি রোড, ভবানীপুর, কলিকাতা।

মনোমোহন লাইব্রেরী—কমলা হাউস, ঢাকা। সম্পাদক—শ্রীবিরাজমোহন দে।

ময়মনসিংহ সাহিত্য পরিষৎ—ময়মনসিংহ।

মহাবোধি সোসাইটি—১।এ কলেজস্কোয়ার। সম্পাদক—শ্রীঅনাগারিক ধর্ম্মপাল।

মাইকেল মধুসূদন লাইব্রেরী—খিদিরপুর, কলিকাতা। সম্পাদক—শ্রী ব, ক, বসু।

মাজু পাবলিক্ লাইব্রেরী—মাজু, হাওড়া।

মাধবপুর পাবলিক্ লাইব্রেরী—চৌগাছা, যশোহর। সম্পাদক—শ্রীদেবেন্দ্রনাথ সিংহবর্ম্মা।

* মিনার্ভা লাইব্রেরী ও ষ্টুডেণ্টস্ লিটারেরি ক্লাব—৯ পিয়ারীমোহন পাল লেন, কলিকাতা।

মির্জ্জাপুর ফিনিক্স ইউনিয়ন লাইব্রেরী—১২ কালিদাস সিংহ লেন, কলিকাতা। (৭৫৲ টাকা)।

মুসলমান সাহিত্য সমিতি—১১।২ ছকু খানসামা লেন, কলিকাতা।

* মেডিক্যাল ক্লাব লাইব্রেরী—৭২ হারিসন রোড, (১০০৲ টাকা)।

মেদিনীপুর সাহিত্য সমাজ—মেদিনীপুর।

* রজনীকান্ত গুপ্ত মেমোরিয়াল লাইব্রেরী—১২৮।২ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা। (৭৫৲ টাকা)।

রতন লাইব্রেরী—সিউড়ী বীরভূম। সম্পাদক শ্রীশিবরত্ন মিত্র।

* রামমোহন লাইব্রেরী এবং ফ্রি রিডিং রুম—২৬৭ আপার সাকুলার রোড, কলিকাতা। সম্পাদক—শ্রীপ্রমথনাথ বন্দ্যোপাধ্যায়, এম্-এ, বার-এট-ল। (৬৫০৲ টাকা)।

রাজসাহী সাধারণ পুস্তকালয়—রাজসাহী। সম্পাদক—শ্রীকালীপ্রসন্ন আচার্য্য, বিএ।

রাণাঘাট পাবলিক লাইব্রেরী—রাণাঘাট, নদীয়া।

রায়কালী সাহিত্য সমিতি—বগুড়া। সম্পাদক—শ্রীবিপিনচন্দ্র কাব্যরত্ন।

লিটারেরি এসোসিয়েশন ও লাইব্রেরী—ভাটপাড়া, ২৪ পরগণা।

শরৎ পুস্তকালয়—সাধনপুর, চট্টগ্রাম। সম্পাদক শ্রীঅতুলচন্দ্র রায়চৌধুরী।

শিক্ষা সমিতি—বালী, হাওড়া।

শিবপুর ওরিয়েণ্টাল পঞ্চবটী লিটারেরি ক্লাব—৪৮ চৌধুরী পাড়া, হাওড়া।

শিবপুর পাবলিক-লাইব্রেরী হাওড়া।

শিবপুর সাহিত্য সংসদ—হাওড়া।

শিমুলজানি বিজয়া লাইব্রেরী বাঙ্গলা ময়মনসিংহ।

শিলচর সাহিত্য সম্মিলন।

সখা সম্মিলন—২১ কালিদাস সিংহ লেন, কলিকাতা। ১৯০৭ খৃঃ স্থাপিত।

* সরস্বতী ইনষ্টিটিউট—৫২।৩ শাঁকারি টোলা লেন, কলিকাতা। সভাপতি ...মাননীয় ডাঃ শ্রীদেবপ্রসাদ সর্ব্বাধিকারী, এম্এ, বি-এল্, এল্ এল্ ডি। সম্পাদক—শ্রীযদুনাথ কঞ্জিলাল, এম্-এ, বি-এল্। (৩০০৲ টাকা)।

সারস্বত সমাজ—৩নং গোয়াবাগান, কলিকাতা।

সাঁরাইল সারদাচরণ ফ্রি পাবলিক লাইব্রেরী ও বিদ্যোৎসাহিনী সভা—হরিপুর, পাবনা।

সাহিত্য সংঘ—কলিকাতা।

* সাহিত্য সভা—১০৬।১ গ্রে ষ্ট্রীট, কলিকাতা। সভাপতি—মাননীয় মহারাজ শ্রীযুক্ত স্যর মনীন্দ্রচন্দ্র নন্দী, কে সি আই ই, বাহাদুর। সম্পাদক—রায় শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী বাহাদুর, এম্‌এ। (১৫০৲ টাকা)

সাহিত্য সভা—মালদহ। ৺ পণ্ডিত রজনীকান্ত চক্রবর্ত্তী প্রতিষ্ঠিত।

সাহিত্য সমিতি—দেরাদূন। সম্পাদক—রায় সাহেব শ্রীঈশানচন্দ্র দেব।

সাহিত্য সম্মিলন—৯২ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। সম্পাদক—শ্রীশচীন্দ্র নাথ মুখোপাধ্যায়।

সাহিত্য সম্মিলন—ডিউক্স্‌ লাইব্রেরী, হাওড়া। সম্পাদক—শ্রীদুর্গাদাস লাহিড়ী।

সাহিত্য সংসদ—কালিগাঁও, মালদহ। সম্পাদক—শ্রীকৃষ্ণচরণ সরকার।

সুহৃদ্‌ পরিষদ্‌ ও হেমচন্দ্র লাইব্রেরী—লঙ্গরটুলি, বাঁকীপুর। সম্পাদক—শ্রীত্রিগুণাচরণ মিত্র, বি-এল্‌।

সুহৃদ্‌ লাইব্রেরী—বাণীগ্রাম, চট্টগ্রাম। সম্পাদক—শ্রীক্ষীরোদচন্দ্র দে।

হুগলী পাব্‌লিক লাইব্রেরী—চুঁচুড়া।

* হেমচন্দ্র লাইব্রেরী—২১ রামকমল মুখার্জি ষ্ট্রীট, খিদিরপুর, কলিকাতা। ১৯০৭ খৃঃ স্থাপিত। সভাপতি—শ্রীব্রজগোপাল গোস্বামী, বিএল্‌ ও শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়, বিএল্‌। সম্পাদক—শ্রীবীরেশ্বর বন্দ্যোপাধ্যায়, এম্‌ এস্‌ সি। (২০০৲ টাকা)।

মন্তব্য—কলিকাতা কর্পোরেসন্‌ বাৎসরিক মোট ৫৮৭৫৲ টাকা পাঠাগারাদিতে সাহায্য করেন।

অষ্টম অধ্যায়

মুদ্রণ বিষয়ক তথ্য

ছাপার অক্ষর বা টাইপের আকার

বাঙ্গলা ছাপাখানায় সাধারণতঃ নিম্নলিখিত বিভিন্ন আকারের অ[illegible]র থাকে।

ডবল গ্রেট	অ
ডবল গ্রেট কম্প্রেষ্ট	অ
ডবল গ্রেট সেডেড	অ
ডবল পাইকা বা দুইলাইন পাইকা	অ
গ্রেট	অক
গ্রেট এন্টিক	অক
ইংলিস	অক
ইংলিস এন্টিক	ফিস্যানতেরঘৌম
পাইকা	কুন্তলীন প্রেস
স্মল পাইকা	কুন্তলীন প্রেস
স্মল পাইকা এন্টিক	কুন্তলীন প্রেস
স্মল পাইকা দোভাষী	কগোমহরনল
লংপ্রাইমার	প্রনঠর্বপ্রনঠর্বন
বর্জ্জাইস	কুন্তলীন প্রেস
বর্জ্জাইস এন্টিক	অকরঅকতরতচঙ্গ

অক্ষর বা টাইপ রাখিবার ঘর—৪৫৭

প্রুফ-সংশোধন।

ঐ দিন হইতে লোকে কোথাও রৌদ্রে বস্ত্র শুকাতে হইয়াছে
দেখিলেই শকুনরা বাজ পাখীতে যেমন ছোঁ মারিয়া মাংস
লইয়া লইয়া যায়, ঐইমত সেই সমস্ত নিমেষের মধ্যে লইয়া
যাইত এবং শ্রেষ্ঠির উঠানে রাখিয়া দিত।
শকুনেরা ফেলিয়া দিয়াছে জানিয়া শ্রেষ্ঠী সেগুলি পৃথক
করিয়া রাখাইতেন। ক্রমে রাজার কর্ণ গোচর উইল যে
শকুনেরা নগর লুঠ করিতেছে তিনি আদেশ দিলেন,
একটা শকুন ধর, তাহা করিলেই আমি যাহার যে দ্রব্য হারাই
যাছে সমস্ত আনিয়া দিব।" ইহা শুনিয়া লোকে নানা স্থানে
ফাঁদও জাল পাতিল. মাতৃপোষক বোধিসত্ত্ব ইহার একটায়
আবদ্ধ হইলেন।

চিহ্নের অর্থ, —

১। □ # — Space (ফাঁক) দাও ২। ℈ — টাইপ উল্টো বসিয়াছে, সোজা কর
৩। wf — wrong fount ভিন্ন অক্ষরের বসিয়াছে ৪। Leg # [illegible]
৫। ‸ এইখানে ... ৬। tr — transpose = স্থান পরিবর্তন কর
৭। ⊂ অক্ষর দুটি মিলাইয়া দাও ৮। ∂ delete অক্ষরটি বা শব্দটি তুলিয়া দাও
৯। stet যেমন আছে তেমনি থাকিবে ১০। × ভাঙা অক্ষর স্থানে ভাল অক্ষর দাও
১১। ‖ লাইন সোজা কর ১২। ld — lead ঢুকাইয়া দাও বা বাড়াও
১৩। NP এইখান হইতে নূতন প্যারাগ্রাফ হইবে
১৪। run on এখানে প্যারাগ্রাফ হইবে না, ১৫। ‸ এইখানে এই চিহ্ন দাও

সংশোধিত প্রুফ

ঐ দিন হইতে লোকে কোথাও রৌদ্রে বস্ত্র শুকাইতে দিয়া বা আভরণ খুলিয়া রাখিয়া অন্যমনস্ক হইয়াছে দেখিলেই শকুনেরা, বাজ পাখীতে যেমন ছোঁ মারিয়া মাংস লইয়া যায়, সেইমত সেই সমস্ত নিমেষের মধ্যে লইয়া যাইত এবং শ্রেষ্ঠীর উঠানে ফেলিয়া দিত। শকুনেরা ফেলিয়া দিয়াছে জানিয়া শ্রেষ্ঠী সেগুলি পৃথক্ করিয়া রাখাইতেন।

ক্রমে রাজার কর্ণগোচর হইল যে শকুনেরা নগর লুঠ করিতেছে। তিনি আদেশ দিলেন, "একটা শকুন ধর, তাহা করিলেই আমি যাহার যে দ্রব্য হারাইয়াছে সমস্ত আনিয়া দিব।" ইহা শুনিয়া লোকে নানা স্থানে ফাঁদ ও জাল পাতিল। মাতৃপোষক বোধিসত্ত্ব ইহার একটায় আবদ্ধ হইলেন।

পুস্তক পত্রিকার আকার

পুস্তক পত্রিকার মুদ্রণে আট রকমের কাগজ ব্যবহৃত হয়। যথা, ফুলস্কাপ্, ক্রাউন, ডিমাই, রয়াল, ডবল ফুলস্কাপ্, ডবলক্রাউন, ডবল ডিমাই, ডবল রয়াল, ইহার মধ্যে ৪ প্রকার কাগজের আকার নিম্নে প্রদত্ত হইল।

ফুলস্কাপ	...	১৩¼ ইঞ্চি × ১৬½ ইঞ্চি
ডিমাই	...	১৮ ইঞ্চি × ২২ ইঞ্চি
রয়াল	...	২০ ইঞ্চি × ২৬ ইঞ্চি
ডবল ক্রাউন	...	২০ ইঞ্চি × ৩০ ইঞ্চি।

ইংরাজীতে "ফোলিও" বলিলে একতা কাগজের অর্দ্ধেক ও "কোয়ার্টো" বলিলে একতা কাগজের সিকি বুঝায়। "কোয়ার্টো"তে বইএর ৪ পাতা ৮ পৃষ্ঠা হয়। সমস্ত কাগজই একটি ভাঁজকরা থাকে। বাঙ্গালা মুদ্রাযন্ত্রে "ফুলস্কাপ্" আকার বলিলে পূর্ণ ফুলস্কাপ্ কাগজের অর্দ্ধেক আকার বুঝায়। তাহাতে ৪ পৃষ্ঠা করিলে ইংরাজীর "কোয়ার্টো" আকার হইয়া পড়ে। অর্থাৎ ইংরাজী কোয়ার্টো (১)=বাঙ্গালা ৪ পেজী, ইং অক্টেভো (১/৮) =বাং ৮ পেজী ইত্যাদি।

বাঙ্গলায় পুস্তক পত্রিকার "ফর্ম্মা" অর্থাৎ ভাঁজকরা ছাপান একতা কাগজ প্রধানতঃ নিম্নলিখিত প্রকারের হয় ;—

ফুলস্কাপ্	...	৪ ও ৮ পেজী।
ক্রাউন	...	৪, ৮, ১২ ও ১৬ পেজী।
ডিমাই	...	৮, ১২ ও ১৬ পেজী।
রয়াল	...	৮, ১২ ও ১৬ পেজী।
ডবল ফুলস্কাপ	...	৮ ও ১৬ পেজী।
ডবল ক্রাউন	...	৮, ১৬, ২৪ ও ৩২ পেজী।

তন্মধ্যে ফুলস্কাপ্	৪ পেজীর আকার	...	৮½ ইঞ্চি × ৬¾ ইঞ্চি
ডিমাই	৮ „ „	...	৫½ „ × ৯ „
রয়াল	৮ „ „	...	৬½ „ × ১০ „
ডবল ক্রাউন	১৬ „ „	...	৫ „ × ৭½ „
ডবল ফুলস্কাপ্	„ „	...	৪½ „ × ৬¾ „

ইত্যাদি।

ডিমাই আট পেজীর উদাহরণ—"ইংরাজের কথা," সাহিত্য, মালঞ্চ, নৈবেদ্য প্রভৃতি

রয়াল আট পেজীর উদাহরণ—সাহিত্য পরিষৎ পত্রিকা, নারায়ণ, ভারতী, গম্ভীরা, গৃহস্থ।

ডবল ক্রাউন আট পেজী—ভারতবর্ষ, মানসী ও মর্ম্মবাণী, প্রবাসী, স্বাস্থ্য সমাচার প্রভৃতি।

ডবল ক্রাউন ষোল পেজী—সমসাময়িক ভারত গ্রন্থাবলী, শ্রীযুক্ত রাখাল দাস বন্দ্যোপাধ্যায়ের "বাঙ্গালার ইতিহাস", বসন্তকুমারের "সপ্তস্বরা," কালিদাসের "ব্রজবেণু"।

ডবল ফুলস্কাপ্ ষোলপেজী—গুরুদাস চট্টোপাধ্যায় প্রকাশিত "আধুলি সংস্করণ গ্রন্থাবলী"।

ডিমাই বার পেজীর উদাহরণ—শ্রীশ্যামাচরণ কবিরত্ন প্রণীত ভিক্টোরিয়া শিশুবোধ।

বইয়ের প্রথমে যে আকার থাকে দৈর্ঘ্যের দিকে দুই বার ও বিস্তারের দিকে একবার কাটিলে আকার কিছু ছোট হয়।

১৩২২ বঙ্গাব্দের সাহিত্য পঞ্জিকা

দ্বিতীয় ভাগ

প্রথম অধ্যায়

১৩২২ বঙ্গাব্দের বঙ্গসাহিত্যের বিবরণ

(শ্রীযুক্ত অধ্যাপক অমূল্যচরণ বিদ্যাভূষণ লিখিত)

('সাহিত্য পরিষদে পঠিত এবং 'মানসী ও মর্ম্মবাণী' হইতে পুনর্মুদ্রিত)

১৭৭৮ খ্রীষ্টাব্দের পূর্ব্বে যখন বাঙ্গালাদেশে মুদ্রাযন্ত্র ছিল না, তখন কি প্রকারে বঙ্গীয় সাহিত্য-পঞ্জী রক্ষিত হইত তাহা বলিতে পারি না। মহামহোপাধ্যায় শাস্ত্রী মহাশয়, মুন্সী আবদুল করিম, প্রাচ্যবিদ্যামহার্ণব নগেন্দ্রনাথ বসু প্রমুখ পুঁথিনবিশগণ হয়ত তাহা অনুমান করিয়া বলিতে পারেন। পাঁচ বৎসর পূর্ব্বে শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয় কাষ্ঠখোদিত ব্লক হইতে মুদ্রিত অন্যূন ২০০ বৎসরের পুরাতন একখানি পুঁথির সংবাদ দিয়াছেন। তিনি বলেন, বাঙ্গালার এই মুদ্রণপ্রণালী তিব্বতী বা নেপালী পদ্ধতির অনুকরণ (History of the Bengali Language and Literature, Calcutta, 1911, p. 849 ; J. A. S. B. April 1913. p. 149 ; Bengal : Past and Present, 1914, Vol IX, P. I. No. 17 (July-Sept.) P. 40)। সে যাহা হউক, হুগলীতে Charles Wilkins যখন পঞ্চানন কর্ম্মকার নামে বাঙ্গালার Caxton-এর সাহায্যে কাঠের খোদাই বাঙ্গালা অক্ষর তৈয়ারি করিয়া Nathanile Brassy Halhed-এর বাঙ্গালা ব্যাকরণ ছাপিলেন, তখন

হইতে বাঙ্গালা অক্ষরে বই ছাপা হইতে সুরু হইল। পূর্ব্বে ছাপায় বাঙ্গালা অক্ষর দেখিবার বড় একটা সুবিধা বাঙ্গালীর ছিল না। তবে Halhed-এর ব্যাকরণের পূর্ব্বে ১৭৬৭ খ্রীষ্টাব্দে দুইখানি বাঙ্গালা অক্ষরে মুদ্রিত পুস্তক লণ্ডন নগরে প্রকাশিত হয়। রেভারেণ্ড বেণ্টো 'প্রার্থনামালা' ও 'প্রশ্নমালা' নাম দিয়া এই গ্রন্থ দুইখানি রচনা করেন। বেণ্টোর পুস্তকের পূর্ব্বে ১৬৯২ খ্রীষ্টাব্দে Jesuit পাদরী Jen de Fontenay, Guy Tachard, Etienne Noel ও Claude de Beze, এই চতুর্গ্রন্থকার লিখিত পুস্তকে * বঙ্গ ও ব্রহ্ম ভাষার অক্ষর ছিল; অতঃপর ১৭৪৮ খ্রীষ্টাব্দে লাইপ্‌জিগে Johann Friedrich Friedrich Fritz-এর প্রাচ্য ও প্রতীচ্য ভাষাধিকার-গ্রন্থে † যেমন ১০০টি ভাষার বর্ণমালা স্থান পাইয়াছিল, তেমনই কতকগুলি বাঙ্গালা বর্ণমালাও তাহাতে স্থান পাইয়াছিল। এ ছাড়া আরও দুই একখানি বিলাতী গ্রন্থে বাঙ্গালা বর্ণমালার নমুনা খুঁজিলে দেখিতে পাওয়া যাইতে পারিত।

পর্ত্তুগীজদের বাণিজ্য যখন কোন কোন প্রাচ্যদেশে চলিতেছিল, তখন Nuno da Cunha (১৫২৯-১৫৩৮) তাহাদের মধ্যে সর্ব্বপ্রথম বঙ্গদেশের সহিত রীতিমত ব্যবসায় চালাইতে আরম্ভ করেন। ১৫৮১

* এই পুস্তকখানির নাম Observations Physiques et Mathematiques pour servir a l' histoire naturelle, et a la perfection de l' Astronomie et de la Geographie : Envoyees des Indes et de la chine a l' Academie Royale des Sciences a Paris, par les Peres Jesuites'.........

† Orientalisch und Occidentalischer Sprachmeister, বাঙ্গালা বর্ণমালার শিরোদেশে লিখিত আছে,—'Alphabetum Bengalicum et Jentivicum.' বিলাতে ১৭৭১ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত পুস্তকখানির খুব প্রতিপত্তি ছিল।—G. A. riGerson, Specimens of the Bengali & Assamese Languages, 1913.

খ্রীষ্টাব্দ হইতে প্রতিবর্ষে একখানি করিয়া পর্ত্তুগীজ জাহাজ বাণিজ্য-ব্যপদেশে চট্টগ্রামে আগমন করিত। ক্রমশঃ Da Cunhaoর চেষ্টায় অনেক পর্ত্তুগীজ বঙ্গে বাস করিতে লাগিল। তার পর দুই শত বৎসর চলিয়া যায়;—অতঃপর ধর্ম্মের তথা বাণিজ্যের কোন এক খেয়ালের বশে বাঙ্গালা ভাষার প্রতি তাহাদের দৃষ্টি পড়িল। ফলে ১৭৩৪ খ্রীষ্টাব্দের ২৮এ আগষ্ট তারিখে Father Frey Manoel da Assumpcao নামক ঢাকার নিকটবর্ত্তী ভাওয়াল নগরীর (?) একজন পর্ত্তুগীজ Augustinian মিসনবী বঙ্গভাষা ও পর্ত্তুগীজ ভাষায় একখানি খ্রীষ্টীয় ধর্ম্মমতের কথোপকথনচ্ছলে সংক্ষিপ্তসার রচনা করেন। তিনি ইহার নাম দেন—"Compendio dos Misterios da Fee, ordenado em linga Bengalla." * এই গ্রন্থখানি এবং ইহার আর দুইখানি গ্রন্থ ১৭৪৩ খ্রীষ্টাব্দে লিসবন হইতে প্রকাশিত হয়। ইহার অপর দুই খানি গ্রন্থের আলোচ্য বিষয় (১) খ্রীষ্টীয় ধর্ম্মমতেব প্রশ্নোত্তরী এবং (২)

* পুস্তকখানির প্রত্যেক বামদিকের পৃষ্ঠার শিরোভাগে "Creper Xaxtrer orth' "bhed" এবং দক্ষিণ দিকের পৃষ্ঠার শিরোভাগে "Cathecismo da Doutrina Christaa" লিখিত আছে। আকার ক্রাউন ১৬ পেজি; পুস্তকখানির বামদিকের পৃষ্ঠায় রোমান অক্ষরে বাঙ্গালা এবং দক্ষিণদিকের পৃষ্ঠায় তাহার পর্ত্তুগীজ অনুবাদ আছে। এসিয়াটিক সোসাইটীতে এই পুস্তকের একখণ্ড সংরক্ষিত আছে; কিন্তু তাহা খণ্ডিত। এই গ্রন্থের ৪র্থ পৃষ্ঠায় ভাওয়ালের নাম উল্লিখিত আছে। এই গ্রন্থ সম্বন্ধে বিশেষ বিস্তৃত বিবরণ Bengal : Past and Present, 1914 NO 17. pp 40—63 দ্রষ্টব্য। অপর দুইখানি গ্রন্থেরও কিঞ্চিৎ আলোচনা ইহাতে আছে। Father Manoel-এর দ্বিতীয় গ্রন্থখানির নাম প্রভৃতি এখনও জানা যায় নাই। ইহার তৃতীয় পুস্তকখানির নাম "Vocabularis em Idioma Bengalla e Portugez dividido em duas Partes." ১৫৫৭ খ্রীঃষ্টাব্দে Francis Xavier-লিখিত "Catecismo de Doctrina" নামক খ্রীষ্টীয় ধর্ম্মমতের একখানি পুস্তক Bustamentee কর্ত্তৃক গোয়ার মুদ্রাযন্ত্রে প্রকাশিত হয়। ইহার সহিত Father Manoel-এর ১ম গ্রন্থের কি কোন সম্বন্ধ আছে? ১৮৩৬ খৃষ্টাব্দে Fr. J. F.M. Guerin নামক চন্দননগরের St. Louis গির্জ্জার Vicar এই গ্রন্থের একটি সংস্কৃত সংস্করণ প্রকাশ করেন। ইহার বাঙ্গলা অংশ বঙ্গাক্ষরে মুদ্রিত হইয়াছিল।

বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান। এই তিন খানি পুস্তকেই বাঙ্গালা কথাগুলি রোমান অক্ষরে লিখিত। ইহার চব্বিশ বৎসর পরে বিলাতে বেণ্টোর বই এবং পঁয়ত্রিশ বৎসর পরে হালহেডের বাঙ্গালা ব্যাকরণ বাহির হয়। এই দুই পুস্তকেই বঙ্গাক্ষরে বাঙ্গালাকথা প্রথম মুদ্রিত হয়। ইহাদের পর হইতে মুদ্রাযন্ত্রের কৃপায় এতাবৎ সার্দ্ধলক্ষাধিক বাঙ্গালা পুস্তক মুদ্রিত হইয়াছে এবং বহু কল্যাণনিদান ইংরেজের অনুগ্রহে তাহাদের যৎসামান্য পঞ্জীও রহিয়াছে। Adams, Lushington, Blumhardt, Long প্রভৃতি বিলাতী পণ্ডিত বঙ্গসাহিত্য-পঞ্জী-রক্ষা কল্পে যথাসাধ্য শ্রম স্বীকার করিয়া সমগ্র বাঙ্গালী জাতির কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। ইহাদের পর Calcutta Gazette মুদ্রিত বাঙ্গলা পুস্তকের সাময়িক তালিকা প্রকাশ করিয়া সাহিত্য-পঞ্জী রক্ষায় কথঞ্চিৎ সহায়তা করিয়া আসিতেছে। বিদেশীয়দিগের চেষ্টায় যাহা হইবার তাহা হইয়াছে ও হইতেছে। পরে রামগতি ন্যায়রত্ন, রাজনারায়ণ বসু, মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য, মহেন্দ্রনাথ বিদ্যানিধি, রজনীকান্ত গুপ্ত প্রভৃতির চেষ্টায় বঙ্গীয়সাহিত্য-পঞ্জীর কিঞ্চিৎ উপাদান সংগৃহীত হয়।

অতঃপর বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ১৩০৯ বঙ্গাব্দ হইতে প্রতি বৎসর বঙ্গসাহিত্যের একটা বিবরণ প্রস্তুত করিয়া আসিতেছেন। ১৩১১ বঙ্গাব্দ পর্য্যন্ত সাহিত্যপরিষদ্‌গতপ্রাণ পরম শ্রদ্ধাস্পদ স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের উপর এই কার্য্যের ভার ছিল। ১৩১২ সাল হইতে এই বিবরণ প্রস্তুতের ভার আমার উপর অর্পিত হয়। তদনুসারে অদ্য আমি ১৩২২ বঙ্গাব্দের বঙ্গসাহিত্যের বিবরণ লইয়া উপস্থিত হইয়াছি। এই সংক্ষিপ্ত বিবরণে অসম্পূর্ণতা-ত্রুটি থাকিবার যথেষ্ট সম্ভাবনা; তজ্জন্য পূর্ব্ব পূর্ব্ব বৎসর যে কৈফিয়ৎ দিয়াছি, এ বৎসরও আমার সেই একই কৈফিয়ৎ। 'আমার এই ফর্দ্দে যাঁহারা আলোচ্য বর্ষের সমস্ত লেথকের

নাম দেখিতে চাহিবেন, তাঁহারা নিরাশ হইবেন, একথা পূর্ব্বেই বলিয়া রাখিতেছি।

আর একটি কথা বলিয়া রাখা উচিত, মনে করিতেছি। আপাততঃ সুসঙ্গত কারণে পরিষৎ কোন গ্রন্থের সমালোচনার ব্যবস্থা রাখেন নাই। কাজেই এই বিবরণীতে কোন পুস্তকের সমালোচনা থাকিবে না। তবে এই সাহিত্য বিবরণীতে সাহিত্যের বিভিন্ন-বিভাগ সম্বন্ধে গতি লক্ষ্য করিয়া যা' দুইচারি কথা বলা হয়, তাহারও একটা পরোক্ষ ফল সাহিত্যের উপর ফলে। বর্ত্তমান প্রবন্ধে তাহার একটু আভাষ দেখাইতে চেষ্টা করিয়াছি। কিন্তু সে চেষ্টায় কেহ যদি ত্রুটি দেখেন, তাহা আমার ত্রুটি বলিয়া বুঝিবেন—পরিষদের নয়।

আলোচ্য বর্ষে বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত অন্যূন ৮৭৩ খানি বাঙ্গালা পুস্তক প্রকাশিত হইয়াছে; কিন্তু গত বর্ষের মুদ্রিত বাঙ্গালা পুস্তকের সংখ্যা ১২৩৪। তন্মধ্যে যে সকল পুস্তকের নূতন সংস্করণ হইয়াছে, তাহাদের সংখ্যা ৩৬১। এগুলির সংখ্যা তালিকাভুক্ত হয় নাই। ইহাদের মধ্যে বিশুদ্ধ বাঙ্গালা, বাঙ্গালা ও সংস্কৃতে প্রকাশিত ৭৫২ খানি পুস্তক বিষয়ভেদে শ্রেণীবিভাগ করিলে, দেখা যায়—

আলোচ্য বর্ষে,—

কলা বিদ্যায়	১৭	সাহিত্যে	৭০
জীবনবৃত্তান্তে	২০	আইনে	১৫
নাটকাদিতে	৫২	চিকিৎসায়	২০
উপন্যাসে	১৬৫	দর্শনে	১৪
ইতিহাস-ভূগোল	৪৯	কাব্য ও কবিতায়	৬৭
ধর্ম্ম বিষয়ে	৭৩	বিজ্ঞানে	১৮
ভ্রমণবৃত্তান্তে	৮	বিবিধ বিষয়ে	১৮৪

মোট ৭৫২ খানি পুস্তক

প্রকাশিত হইয়াছে।

খৃষ্টানদিগের ক্ষুদ্র ক্ষুদ্র ধর্ম্ম-পুস্তকগুলি, পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও তালিকাভুক্ত করা হয় নাই।

পূর্ব্বোক্ত বিভাগের মধ্যে—

ইতিহাস ও ভূগোল	৪৯	খানির	মধ্যে	৩৫	খানি
সাহিত্যের	৭০	„	„	৫১	„
কাব্য ও কবিতার	৬৭	„	„	২৭	„
বিজ্ঞান-বিষয়ক	১৮	„	„	১২	„
বিবিধ বিষয়ক	১৮৪	„	„	৯৩	„

মোট ২১৮ খানি পুস্তক স্কুলপাঠ্য

(১) কলাবিদ্যা—শ্রীযুক্ত দক্ষিণাচরণ সেনের 'হারমোনিয়ম শিক্ষা ও গান শিক্ষা', শ্রীযুক্ত প্রসন্নকুমার বণিকের 'মৃদঙ্গপ্রবেশিকা' প্রভৃতি ১৭ খানি পুস্তক এই বিভাগে প্রকাশিত হইয়াছিল। বলা বাহুল্য, এই পুস্তকগুলি বাহির হওয়ায় এ বিভাগের গৌরব আদৌ বাড়ে নাই। শুধু হারমোনিয়ম বা মৃদঙ্গ বাজাইয়া কলাবিদ্যার পরিচয় দিলে চলিবে না। 'কৃষক', 'ব্যবসায়ী' প্রমুখ মাসিক পত্রগুলি যে প্রণালীতে কলাবিদ্যার অনুশীলনে সহায়তা করিয়াছে, অন্ততঃ তাহাই অবলম্বন করিয়া লেখকগণ এ বিষয়ে পুস্তকাদি-রচনায় যত্নবান হইলে দেশের ও সাহিত্যের কিছু কাজ হইতে পারিত। প্রত্যুতঃ শিল্পবিষয়ক সাময়িক পত্রগুলির গত বর্ষের চেষ্টা প্রশংসাসূচক না হইলেও নিন্দার্হ হয় নাই। তদ্ভিন্ন অন্যান্য মাসিকপত্রেও কলাবিষয়ক কয়েকটি প্রবন্ধ প্রকাশিত হইয়া এ বিভাগের অভাব কিয়ৎপরিমাণে দূর করিয়াছে।

জীবনবৃত্তান্ত—এ বিভাগের ২০ খানি গ্রন্থের মধ্যে নাম করিবার মত গ্রন্থ বাহির হইয়াছে দুইখানি। একখানি শ্রীযুক্ত মন্মথনাথ ঘোষ লিখিত মহাত্মা "কালীপ্রসন্ন সিংহ", অপরখানি, স্বামী সারদানন্দ

সঙ্কলিত "শ্রীশ্রীরামকৃষ্ণপ্রসন্ন"। 'মহাত্মা কালীপ্রসন্ন সিংহ' এই বিভাগের গৌরব অক্ষুণ্ণ রাখিতে সমর্থ হইয়াছে।

অনুবাদ-শাখায় শ্রীযুক্ত বিনয়কুমার সরকার লিখিত "নিগ্রোজাতির কর্ম্মবীর" অনুবাদ হইলেও এই বিভাগে অতি উচ্চস্থান অধিকার করিয়াছে। এরূপ গ্রন্থ হইতে শিখিবার জিনিষ অনেক পাওয়া যায়। আত্মজীবনবৃত্তান্ত কিরূপে লিখিতে হয়, এই গ্রন্থ তাহার আদর্শ হইবার উপযোগী।

মাসিক পত্রাদিতে গতবর্ষে যতগুলি জীবনবৃত্তান্ত প্রকাশিত হইয়াছে, তন্মধ্যে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোমের "মধুস্মৃতি" বিশেষভাবে উল্লেখ্য। ইহা এখনও শেষ হয় নাই—'ভারতবর্ষ' পত্রে ক্রমশঃ প্রকাশিত হইতেছে। এ বৎসর যদি এ বিভাগে অন্য কোন গ্রন্থ প্রকাশিত না হইত, একমাত্র 'মধুস্মৃতি'ই ইহার নাম বজায় রাখিতে পারিত।

(৩) নাট্যসাহিত্য—[নাটক, প্রহসন, চুট্‌কী নাটকাদি]—এই বিভাগে ৫২ খানি পুস্তক প্রকাশিত হইয়াছে। ইহাদের আমরা দুইটি উপবিভাগ করিব। একটিতে থিয়েটারে অভিনীত পুস্তকগুলি এবং অপরটিতে অন্য নাটকাদির উল্লেখ করিব।

থিয়েটারে অভিনীত বইগুলির মধ্যে দ্বিজেন্দ্রলাল রায়ের 'সিংহল-বিজয়' ও 'বঙ্গনারী' উল্লেখযোগ্য। 'বঙ্গনারী' পুস্তকে বঙ্গনারীর বিশেষ কিছু প্রাধান্য, বৈচিত্র্য বা বিশেষত্ব প্রদর্শিত হয় নাই বলিয়া 'বঙ্গনারী'র নামকরণটা তেমন সার্থক হয় নাই বলিয়া মনে হয়।

ক্ষীরোদচন্দ্র বিদ্যাবিনোদ মহাশয়ের "বাদশাজাদী' তাঁহার লেখনীর উপযোগী হয় নাই।

শ্রীযুক্ত অপরেশচন্দ্র মুখোপাধ্যায় Lyttonএর 'Lady of Lyons' অবলম্বনে 'শুভদৃষ্টি'-নাটক রচনা করিয়াছেন। বিষয়টি ভারতীয় চরিত্রের

মধ্যে দিয়া বর্ণিত হইয়াছে বটে, কিন্তু ভাবটি ভারতীয় না হওয়ায় কেমন যেন বিসদৃশ হইয়া পড়িয়াছে।

'Merchant of Venice' অবলম্বনে শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় 'সওদাগর' এবং শ্রীযুক্ত মনোজমোহন বসু 'সোণায় সোহাগা' লিখিয়াছেন।

শ্রীযুক্ত দাশরথি মুখোপাধ্যায়ের—'কণ্ঠহার' ডিটেক্‌টিভ্ আখ্যানমূলক নাটক—বায়স্কোপ filmএর মত ঘটনাবর্ত্তময়।

শ্রীযুক্ত নারায়ণচন্দ্র বসুর 'হামির'এর ভাষাও নাটকীয় art হিসাবে মন্দ হয় নাই।

চুট্‌কী নাটকাদির মধ্যে শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র কুণ্ডুর 'রাতদুপুরে'ও শ্রীযুক্ত মৃণালচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শ্যামসুন্দর', 'মানে মানে', শ্রীযুক্ত সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়ের 'হাতের পাঁচ', শ্রীযুক্ত মনোমোহন গোস্বামীর 'গুরুদক্ষিণা' উল্লেখযোগ্য।

শ্রীযুক্ত হরনাথ বসু 'কবীর'-জীবনকাহিনী লইয়া একখানি পঞ্চাঙ্ক নাটক রচনা করিয়াছেন।

থিয়েটারের জন্য রচিত হয় নাই, অথবা সাধারণ থিয়েটারে অভিনীত হয় নাই, এইরূপ নাট্যগ্রন্থের মধ্যে 'ফাল্গুনী' ও 'বৈরাগ্যসাধন' উল্লেখযোগ্য।

শ্রীযুক্ত কুমুদনাথ লাহিড়ীর 'সাগরের ডাক' বাঙ্গালায় Mystic Dramaর এক সুন্দর নিদর্শন।

বর্দ্ধমানাধিপতির দৃশ্যকাব্য 'শুকদেব' এবং শ্রীমতী কামিনী রায়ের দৃশ্যকাব্য 'অম্বা' অপর দুইখানি উল্লেখযোগ্য গ্রন্থ।

শ্রীমতী হেমলতাদেবীর 'সমাজ বা দেশাচার' নামক ক্ষুদ্র নাটকখানি Ibsenএর ধরণে রচিত একখানি সুন্দর গ্রন্থ, এখানিও অভিনয়োপযোগী।

প্রবাসীতে প্রকাশিত সৌরীন্দ্রবাবুর 'মৃত্যু-মোচন' এবং শ্রীযুক্ত

সনৎকুমার মুখোপাধ্যায়ের 'পিলিয়াস্ এবং ম্যালিস্যাণ্ডা' নামক অনূদিত নাটক দুইখানি পুস্তকাকারে বাহির হইলে আদৃত হইবে। এ দুইখানি যে বৈদেশিক নাট্যানুবাদ বিভাগের উপাদেয় পুস্তক হইবে তাহাতে সন্দেহ নাই।

(৪) উপন্যাস ও কথাসাহিত্য।—আলোচ্য বর্ষে এই বিভাগের ১৪৫ খানি গ্রন্থের মধ্যে নিম্নলিখিত কয়খানি পুস্তক উল্লেখযোগ্য। শ্রীমতী অনুরূপা দেবীর 'মন্ত্রশক্তি' একখানি উপাদেয় উপন্যাস। এখানি ১ম বর্ষ হইতে 'ভারতবর্ষে' ধারাবাহিকরূপে প্রকাশিত হইয়াছিল।

শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি-সম্পাদিত 'ছিন্নহস্ত' বিলাতী ডিটেক্‌টিভ গল্পের অনুবাদ।

শ্রীযুক্ত আশুতোষ ভট্টাচার্য্য লিখিত 'কমলা' একখানি সুন্দর সামাজিক উপন্যাস।

গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্সের আধুলি সংস্করণের তিনখানি সুন্দর উপন্যাস বাহির হইয়াছে। প্রথম 'অভাগী'—শ্রীযুক্ত জলধর সেনের সমাজ সমস্যামূলক উপন্যাস। দ্বিতীয়, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের 'ধর্ম্মপাল'—স্কটের ধরণে ইতিহাসের সহিত রোম্যান্সের সুন্দর সম্মিলন। ইতিহাসকে এইরূপে মুখরোচক ও লোকপ্রিয় করিবার পক্ষে রাখালবাবুর চেষ্টা সার্থক হইয়াছে। তৃতীয় উপন্যাস শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'পল্লীসমাজ'।

রায় এম সি সরকার বাহাদুর এণ্ড সন্সের আধুনিক সংস্করণে শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'চন্দ্রনাথ' উপন্যাস প্রথম গ্রন্থ। এখানি পূর্ব্বে 'যমুনা'-পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। ইহা শরৎবাবুর গৌরব ও কৃতিত্ব অক্ষুণ্ণ রাখিয়াছে।

অন্নদাবুকষ্টল হইতেও ঐ সংস্করণের প্রথম পুস্তক 'শুভদৃষ্টি ও অন্যান্য

গল্প’ বাহির হইয়াছে। এই গ্রন্থের লেখক শ্রীযুক্ত শ্রীপতিমোহন ঘোষ।

এই আধুলি সংস্করণের গ্রন্থাবলী বঙ্গসাহিত্যে নূতন সৃষ্টি।

গুরুদাস চট্টোপাধ্যায়—কোম্পানি সুলভ পৌরাণিক চিত্রাবলী গ্রন্থের মধ্যে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ রায়-প্রণীত ‘শর্ম্মিষ্ঠা’ নামক উপন্যাস প্রকাশিত করিয়াছেন।

শ্রীযুক্ত হেমেন্দ্রকুমার রায়ের বাছাইকরা কয়েকটি ছোট গল্প ‘পসরা’ নামে বাহির হইয়াছে।

শ্রীযুক্ত শরৎচন্দ্র ঘোষালের ছোট গল্পের বই ‘বারুণী’, শ্রীমতী কাঞ্চনমালা দেবীর ‘স্তবক’, শ্রীযুক্ত বিশ্বপতি চৌধুরীর ‘ব্যথা’ এবং শ্রীযুক্ত ফকিরচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘পরিকথা’ আর ৪ খানি উল্লেখযোগ্য পুস্তক।

শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায়ের ‘রত্নদীপ’ পুস্তকাকারে বাহির হইয়াছে। ডিটেক্‌টিভ গল্পের মত একটা কৌতূহল ইহাতে আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত বিদ্যমান।

পণ্ডিত শ্রীযুক্ত শিবনাথ শাস্ত্রীর ‘বিধবার ছেলে’ উপন্যাস ও ধর্ম্মকথার অপূর্ব্ব মিশ্রণ।

শ্রীযুক্ত ফণীন্দ্রনাথ পালের ছোট গল্পের বই ‘সইমা’ ও ‘ছোটবউ’ নামক উপন্যাস দুইখানি উল্লেখযোগ্য পুস্তক।

শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘মেজদিদি’ ‘আঁধারে আলো’ ও ‘দর্পচূর্ণ’ এই তিনটি গল্প একসঙ্গে পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। ‘মেজদিদি’ গল্পটি তাঁহারই ‘রামের সুমতি’ ও ‘বিন্দুর ছেলের’ হুবহু অনুকরণ। ‘দর্পচূর্ণ’ গল্পটির প্রথমাংশ বেশ সুন্দর, শেষটা লেখক বড়ই তাড়াতাড়ি করিয়া সারিয়াছেন। ‘আঁধারে আলো’ গল্পটির উপসংহার ভাগ উজ্জ্বল; গোড়ার অংশটি জঘন্য রুচির পরিচায়ক। শরৎ বাবুর ‘পল্লীসমাজ’

নামক আধুলি সংস্করণের উপন্যাসাবলীর অন্তর্ভুক্ত উপন্যাসখানি ক্ষুদ্র হইলেও অনেক লেখকের বড় উপন্যাস অপেক্ষা ভাল হইয়াছে; কিন্তু তাহা হইলেও তাঁহার 'রমা' চরিত্রে বিন্দুর ছেলের বিন্দুকেই যেন আর একভাবে দেখি। তাঁহার মত সুযোগ্য লেখকের লেখায় এরূপ একই ধরণের চিত্র উপর্য্যুপরি পাইতে কি কেহ ইচ্ছা করেন?

শ্রীমতী অনুরূপা দেবীর 'উল্কা' ও 'চিত্রদীপ' প্রকাশিত হইয়াছে। উল্কাতে 'উল্কা' ও 'সাজঙ্গী' নামক গল্প এবং চিত্রদীপে নয়টি গল্প আছে। লেখিকা ছোটগল্প রচনায়ও কিছু আর্ট ও মুন্সীয়ানার পরিচয় দিয়াছেন। 'উল্কা' বড় গল্প বা উপন্যাস, ধারাবাহিক ভাবে 'মানসী'তে প্রথমে প্রকাশিত হইয়াছিল। রচনায় সমাসবহুল বাক্যাবলী ব্যবহারের প্রলোভন লেখিকা সংবরণ করিতে পারেন নাই। এরূপ রচনা 'সীতার বনবাসে'র যুগে মানাইত; আজকাল কি শোভন হইবে?

কথা-সাহিত্যের অনুবাদ-গ্রন্থের মধ্যে শ্রীযুক্ত নিখিলনাথ রায়ের 'কবি-কথা' বিশেষভাবে উল্লেখ্য। সংস্কৃতের ভাব যথাযথ বজায় রাখিয়া নিখিল বাবু যেরূপ পরিশ্রম করিয়া 'শকুন্তলা' 'মালতীমাধব' প্রভৃতির অনুবাদ করিয়াছেন তাহা বস্তুতঃই প্রশংসার যোগ্য।

অনুবাদশাখায় ডাক্তার সতীশচন্দ্র বাগ্‌চীর 'ফরাসী গল্প' বিশেষভাবে উল্লেখযোগ্য। এখানি এমনই সরল, সহজ, সতেজ অথচ সলীল ভাষায় লিখিত যে ইহা পড়িতে অনুবাদ বলিয়া মনে হয় না। কিন্তু ফরাসী মূলের প্রত্যেক উক্তির সহিত ইহার সুন্দর সাদৃশ্য বর্ত্তমান। বাঙ্গালা অনুবাদকগণ অনুবাদ প্রণালীর অনুবর্ত্তন করিলে বাঙ্গালায় অনেক ভাল অনুবাদ-গ্রন্থ পাওয়া যাইবে।

গত বর্ষের মাসিকপত্রগুলিতেও অনেক উপন্যাস ও ছোট গল্প বাহির হইয়াছে, কিন্তু তাহাদের মধ্যে প্রকৃত প্রথম শ্রেণীর রচনা খুব অল্পই আছে।

'ভারতবর্ষে' শ্রীমতী অনুরূপা দেবীর 'মহানিশা' চলিয়াছে। ইহা এখনও শেষ হয় নাই। লেখিকা নারী-চরিত্র অঙ্কনে ও বিশ্লেষণে বিশেষ কৃতিত্বসম্পন্না; কিন্তু তিনি রচনা বড় বেশী ফাঁপাইয়া ফেলিতেছেন।

শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় কথা-সাহিত্যে বেশ নাম করিয়াছেন। গতবর্ষ হইতে তাঁহার 'শ্রীকান্তের ভ্রমণ' নামক একখানি ক্রমশঃ-প্রকাশ্য নূতন ধরণের উপন্যাস 'ভারতবর্ষে' প্রকাশিত হইতেছে। উৎকট প্রেমের কথা ছাড়াও যে উপন্যাস লেখা যায়, এই উপন্যাসখানিই তাহার দৃষ্টান্ত-স্থল হইতে পারে।

গতবর্ষের 'ভারতবর্ষে' ক্ষীরোদ বাবুর 'নিবেদিতা' উপন্যাস শেষ হইয়াছে। ইহা ক্ষীরোদ বাবুর লেখনীর বিশিষ্টতা বা কৃতিত্বের পরিচয় অতি অল্পই দিয়াছে। উপন্যাসখানি টানিয়া বুনিয়া বাড়ান হইয়াছে। চরিত্রচিত্রণ কি ভাবসম্পদ অথবা ভাষাসৌকর্য্যে ইহা কি 'নারায়ণী'র প্রথিতযশা ঔপন্যাসিকের মর্য্যাদা রক্ষা করিতে পারিয়াছে?

'প্রবাসী'তে শৈলবালা ঘোষজায়া নাম্নী নূতন লেখিকা 'শেখ আন্দু' উপন্যাস শেষ করিয়াছেন। লেখিকা bold হইতে পারেন, কিন্তু মাত্র boldnessই কৃতিত্বের পরিচায়ক নহে। সহিস ও মুসলমান মোটর-চালকের সহিত শিক্ষিতা বঙ্গবালার প্রেমে পড়ার চিত্রটা কি এতই স্বাভাবিক? এটা সংক্রামক রোগে দাড়াইল না কি? পুরুষলেখক না হয় সহিসের প্রেমে-পড়া বাঙ্গালী মেয়ের চিত্র আঁকিয়া বাহাদুরী বোধ করিয়াছিলেন; বাঙ্গালী রমণী হইয়া লেখিকা কিরূপে এই জঘন্য চিত্র অঙ্কন করিলেন? শেখ আন্দুর চরিত্রটি বেশ উজ্জ্বল ও সুন্দর। তাহারই পার্শ্বে মহিলা-অঙ্কিত বঙ্গমহিলার চিত্র ('লাবণ্য' ও 'জ্যোৎস্না', বিশেষতঃ লাবণ্যের চরিত্র) যেরূপ ভাবে অঙ্কিত হইয়াছে তাহাতে আমরা স্তম্ভিত হইয়াছি। রবীন্দ্রনাথের অনুকরণে ভাষার পিরামিড্ গড়া

সকলের পক্ষে সহজ নহে ; তাই লেখিকা যেখানেই কথার বুকনি দিয়া ভাবের খেলা দেখাইতে গিয়াছেন সেই খানেই কৃতিত্ব দেখাইতে পারেন নাই।

Vendetta অবলম্বনে 'মনের বিষ' শ্রীযুক্ত জানকীবল্লভ বিশ্বাস রচিত। ইহাও ক্রমশঃ প্রকাশ্য। Marie Corelli-র Delicia ও Other Stories পুস্তকে Other Stories অংশে যে কয়টি অনবদ্যসুন্দর ছোট গল্প আছে, সে অনুবাদ বা ভাবালম্বন লিখিত বাঙ্গালা গল্পের আদর এদেশে হয় না কি ? উক্ত লেখিকার Life Everlastingএর অনুবাদ করিলে লেখক আরও ভাল করিতেন। Vendetta-র বিষয় আমাদের দেশ-কালপাত্রানুযায়ী নয়।

'ভারতী'তে শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'স্রোতের ফুল' শেষ হইয়াছে, পুস্তকাকারেও প্রকাশিত হইয়াছে। 'চোখের বালির' পর আর এখানির কি দরকার ছিল ? স্থানে স্থানে চারুবাবুর বর্ণনা অতীব সুন্দর হইয়াছে। জমীদার বাড়ীর অন্তঃপুর, পুরনারীগণের চরিত্র, জন্মরোগী ছেলেটির মাদুলী ও কবচ-বন্ধনে যমকে ঠেকাইয়া রাখা, নবকুমারের কর্ম্মপ্রবণতা—এ গুলি সুন্দর হইয়াছে। বিপিন-কর্ত্তৃক সদ্যঃপ্রসূত কালীতারাকে আনয়ন-ব্যাপারের চিত্রাংশটি Adam Bede-এর Hetty Sonelএর ছায়াবলম্বনে লিখিত হইলেও, ইহা সর্ব্বাপেক্ষা সুন্দরভাবে অঙ্কিত হইয়াছে।

গতবর্ষের 'ভারতী'তে 'স্রোতের ফুল' ছাড়া সৌরীন্দ্র বাবুর ফরাসী হইতে অনূদিত 'নবাব' উপন্যাসও শেষ হইয়াছে। সৌরীন্দ্রবাবু একে একে অনেকগুলি বিদেশী উপন্যাস অনুবাদ করিলেন, কিন্তু মাঝে মাঝে অনুবাদের আড়ষ্টভাব এখনও তাঁহার রচনাকে জড়াইয়া রাখে।

'মানসী'তে গতবর্ষ হইতে 'জীবনের মূল্য' প্রকাশিত হইতেছে।

ইহা এখনও শেষ হয় নাই। প্রভাত বাবু উপন্যাস রচনা অপেক্ষা ছোট গল্পেই অধিকতর পটুত্ব দেখাইয়াছেন। 'জীবনের মূল্য' এখনও পর্য্যন্ত কি চরিত্রাঙ্কনে, কি বিষয়বর্ণনে আমাদের কৌতূহল উদ্দীপন করে নাই।

'নারায়ণে' কোনও উপন্যাস প্রকাশিত হয় নাই। তবে ইহার কথানাট্যগুলি সাহিত্যের আসরে বেশ একটু আন্দোলনের অবতারণা করিয়াছে। ধর্ম্ম, নীতি ও আর্ট হিসাবে শ্রীযুক্ত বিপিনচন্দ্র পালের মত সুযোগ্য লেখক ও সমালোচক এগুলির যে সমালোচনা 'নারায়ণে' করিয়াছেন তাহার পর আর কিছু বলা অনাবশ্যক। বাঙ্গালী পাঠক এ জঞ্জালগুলি কখনই ঘরে রাখিতে পারিবেন না।

গতবর্ষে 'যমুনা'য় শ্রীযুক্ত ফণীন্দ্রনাথ পালের 'ইন্দুমতী' নামক উপন্যাস বাহির হইয়াছে।

'সবুজপত্রে' গতবর্ষে রবীন্দ্রনাথের 'ঘরে বাইরে' উপন্যাস বাহির হইয়াছে।

আজকাল মাসিকপত্রগুলি গল্প ও উপন্যাসের ভাণ্ডারস্বরূপ হইয়া উঠিয়াছে। এমন মাসিকপত্র বিরল, যাহাতে অন্ততঃ একটিও ক্রমশঃ-প্রকাশ্য উপন্যাস প্রকাশিত হয় না। অনেকগুলিতে একাধিক ক্রমশঃ-প্রকাশ্য উপন্যাসও বাহির হয়। সাহিত্যের এ অংশটা যে একেবারেই অনাবশ্যক তাহা বলিতে চাহি না, তবে অতিরিক্ত বাড়াবাড়ি কিছুরই ভাল নয়। গল্প ও উপন্যাসে পত্রিকার অর্দ্ধেক বা তাহার কিছু কমবেশী ভরাইলে সাহিত্যের অন্যান্য অংশের আলোচনা সম্যক্ হইতে পারে না, ইহা এক হিসাবে সাহিত্যের পক্ষে অহিতকর। অধিকন্তু, সকল গল্প বা উপন্যাস সারবান্ নহে। এই অংশে দিন দিন যে রকম অসার আবর্জ্জনা বৃদ্ধি পাইতেছে তাহাতে রবীন্দ্রনাথের বর্ত্তমান মৃদু-সমালোচন-প্রবর্ত্তনকল্পে বাঙ্গালা সাহিত্যকে 'শিশু সাহিত্য' আখ্যা প্রদান সত্ত্বেও

আমাদিগকে বলিতে হয় যে, বঙ্কিমের মত, অক্ষয় সরকারের মত নিরপেক্ষ, নির্ভীক এবং কঠোর সত্যসন্ধ সমালোচনার সময় ও প্রয়োজন আসিয়াছে। বাস্তবিকই আমাদের বর্ত্তমান বাঙ্গালাসাহিত্য এখন এমন 'শিশু' অবস্থায় আর নাই যে উহা ফুলের ঘায়ে মূর্চ্ছা যাইবে। রবীন্দ্রনাথ পুরাতন 'ভারতী'র বক্ষে 'সাধনা'র পৃষ্ঠায় ও নবপর্য্যায় বঙ্গদর্শনের সম্পাদকরূপে সমালোচনার যে মানদণ্ড সাধারণে প্রচার করিয়াছিলেন, আজ তাহার স্থানে তাঁহার এই নব-উদ্ভাবিত সমালোচন-প্রণালী ও সাহিত্যের বর্ত্তমান 'শিশু' অভিধান আমরা সমীচীন বলিয়া মনে করি না। কয়েকজন লেখক পূর্ব্বে ভাল লিখিতেন, ভাল লিখিতে পারিতেন এবং আমাদের বিশ্বাস এখনও পারেন, কিন্তু 'নূতনত্বে'র খাতিরে, 'নূতন' কিছু করিবার মায়ায় ও মোহে বিদেশী আবহাওয়া এবং আওতার মধ্যে নিজেদের দেশী গাছগুলিকে টানিয়া তুলিয়া লইয়া বিলাতী টবে বসাইতে উদ্যত হইয়াছেন। ফলে যে গাছগুলি পূর্ব্বে দেশের মাটী, দেশের জল হাওয়া, এদেশী সূর্য্যকিরণে স্বাভাবিক গতিতে বাড়িয়া উঠিতেছিল, সেগুলি এখন আধমরা, নির্জ্জীব, সাহিত্যের যাদুঘরে রক্ষণোপযোগী কঙ্কালমাত্র হইয়া উঠিতেছে। বিলাতী হট্‌হাউসে ভারতবর্ষের গাছ স্বাভাবিকভাবে বাড়িতে পারে কি ? এই সকল সমস্যা এখন আমাদের সম্মুখে উপস্থিত।

আজকাল উপন্যাস-সাহিত্যে Realism বা বাস্তবের একটা তর্কতরঙ্গ উঠিয়াছে। ইহা লইয়া রাধাকমল মুখোপাধ্যায়, প্রমথ চৌধুরী, রবীন্দ্রনাথ, প্রিয়নাথ প্রভৃতির মধ্যে অনেক বাগ্‌বিতণ্ডা হইয়া গিয়াছে ও এখনও চলিতেছে ; এপর্য্যন্ত ইহার কোনও একটা সুমীমাংসা হয় নাই। কিন্তু তাহা হইলেও কথাটা ভাবিয়া দেখিবার সময় হইয়াছে। সাহিত্য-সৃষ্টির উদ্দেশ্য কিছু আছে কি আদৌ নাই, কবি ও ঔপন্যাসিক নিজের খুসিতেই

১২

লেখেন এবং নিজের খুসিতে লিখিবার অধিকার তাঁহাদের সত্যই আছে কি না—এ জটিল সমস্যার মীমাংসা এক কথায় হয় না। তবে, 'সাহিত্য-সভা'র গত বার্ষিক অনুষ্ঠান উপলক্ষে কাশিমবাজারাধিপতি যে সিদ্ধান্তগুলির অবতারণা করিয়াছেন তাহা নবীন বা প্রবীণ সকল সাহিত্যিকেরই প্রণিধানযোগ্য।

রবীন্দ্রনাথ 'ঘরে বাইরে' উপন্যাস লিখিয়া এবং তাহারও পূর্ব্বে 'জ্যাঠামশাই', 'শচীশ', 'দামিনী' ও 'শ্রীবিলাস' এই চারিটি গল্প লিখিয়া কথাসাহিত্যে যে নূতন ভাবের তরঙ্গ বহাইয়াছেন, তাহাকে অনেকেই সাহিত্যে সুরমন্দাকিনীর তরঙ্গলীলা বলিতে অসম্মত। কথা উঠিয়াছে যে তিনি অভিশপ্ত, কপিলশাপে ভস্মীভূত বঙ্গসন্তানগণের উদ্ধারের জন্য ভগীরথের ন্যায় গঙ্গা আনয়ন করেন নাই,—উহা বিলাত হইতে আনীত লোণাপানি। আমরা এ বিষয়ে কোনরূপ মত প্রকাশ করিতে অসমর্থ।

তবে আমাদের সমাজের প্রকৃত দোষ যে-গুলি সে-গুলি লইয়া Ibsen-এর মত নাটক বা ঐ ধরণের উপন্যাস ও গল্প রচিত হউক না, রচনার প্রয়োজনীয়তা থাকিলেও বিদেশী Ibsenism বা Shavism as it is আনিলে চলিবে কি না, এ সম্বন্ধে সাহিত্যে একটা আন্দোলন উপস্থিত হইয়াছে। প্রতীচ্যের পুরুষ ও নারীজীবন সমস্যা, সেখানের গৃহস্থালী-সমস্যা, সে দেশের ধনিদরিদ্র-সমস্যা আমাদের দেশের পক্ষে খাটিবে কি না, সে সকল দেশের ধর্ম্ম, নীতি, আচার-ব্যবহার, ব্যক্তিগত প্রবৃত্তির ধারা যখন একবিধ, এবং আমাদের অন্যবিধ, এক্ষেত্রে সে দেশের ভাবের ধারা বা সে দেশের সমস্যা লইয়া এদেশের সাহিত্যে চারা-রোপণ চলিবে কি না, ইহা লইয়া আলোচনা চলিতেছে। এই সমস্যার শেষ মীমাংসা কি হইবে, তাহার অনুমান এখন দুষ্কর—তবে সুধীগণ এই উপলক্ষে

এ বিষয়ে আলোচনা আরম্ভ করিয়াছেন, সাহিত্যে একটা সাড়া পড়িয়া গিয়াছে, ইহা সাহিত্যে জীবনের লক্ষণ।

প্রেম—বৈচিত্র্যময়। নরনারীর জীবন সমস্যার সোণার-কাঠি—রূপার-কাঠি স্বীকার করি; কিন্তু সে কাঠি দুইটি স্বদেশী কারিগরের হাতে দেশী নিখাদ সোণারূপায় তৈয়ারি হইলে ক্ষতি কি? আমাদের চাষার ঘরে আমাদের কেরাণীর ঘরে কি 'প্রেম' নাই? কই, সে সকলের উপর উপন্যাস লিখিত হয় না কেন? প্রেম ছাড়া আরও অনেক উপন্যাস লিখিবার উপাদান রহিয়াছে। দেশে শক্তিশালী লেখকের ত অভাব নাই। কই, 'Les Miserables' বা David Copperfield'-শ্রেণীর উপন্যাস ত প্রকাশিত হইতেছে না? আজকাল দু'একজন সাহিত্যিক বৈদেশিক সাহিত্যের আলোচনা দ্বারা এদেশের লেখক ও পাঠকদিগকে সময়ে সময়ে নূতন খাদ্য যোগাইয়া থাকেন। ইঁহারা জর্ম্মান সাহিত্য, ফরাসী সাহিত্য, রুষ সাহিত্য প্রভৃতি লইয়া অনেক আলোচনা করিয়াছেন এবং এখনও করিতেছেন। কিন্তু Dostoevskyর 'Crime & Punishment', Idiot প্রভৃতির মত উপন্যাসও বঙ্গসাহিত্যে একখানিও নাই। অন্ততঃ ইহাদের অনুবাদও ত এতদিনে বাহির হওয়া উচিত ছিল। Turgenevএর 'Smoke' ও অন্যান্য উপন্যাস, Maxim Gorkyর 'Chelkks' ও অন্যান্য গল্পের মত মৌলিক গল্প বা তাহাদের অনুবাদও এখনও প্রকাশিত হয় নাই। Selma Lagerleff, Stindburg, 'Quo vadis's রচয়িতা Sienkiewiez প্রভৃতি বিদেশী সাহিত্যের অনেক রথীই ত আমাদের সাহিত্যের নূতন রসভাণ্ডার খুলিয়া দিতে পারেন। সেই সকল ভাণ্ডারের দ্বারোদ্ঘাটন করিবার মত যোগ্য অধিকারীর ত অভাব নাই।

Auatole France Gerart Hauptmann বা Ibsen-এর ধরণে—অথচ দেশীভাব ও দেশী সমস্যা লইয়া—সাহিত্য রচনা কি অসম্ভব? বঙ্গ-সাহিত্যের স্ফূর্ত্তি, বিকাশ ও পূর্ণতাকল্পে ইহারা কি সহায়ক হইতে পারে না? 'Channings'-এর মত সংসার যুদ্ধের চিত্র, Dickens-এর 'Hard Times' বা Meredith-এর 'Ordeal of Richard Feveril'এর মত শিক্ষা সমস্যার বিভিন্ন অঙ্গ লইয়া উপন্যাস রচনা কি বঙ্গসাহিত্যে হইতে পারে না? Thomas Hughes-এর 'Tom Browns' School days' অথবা 'Tom Brown at Oxford' শ্রেণীর উপন্যাস শুধু ছেলেদের কেন, ছেলের অভিভাকদেরও পক্ষে কি কম চিত্তাকর্ষক? কই এ সকল শ্রেণীর উপন্যাস বাঙ্গালায় প্রকাশিত হইতে দেখি না ত? বিলাতী দৈনন্দিন জীবনের উপর কত উপন্যাস ও ছোট গল্প রহিয়াছে, আমাদের দেশীয় ভাবের উপযোগী Stindburg-এর There's crime and crime-এর মত নাটক বা বিবাহ-সমস্যা লইয়া লিখিত 'Marriage' নামক গল্প-পুস্তক-শ্রেণীর গল্পপুস্তকও যথেষ্ট আছে, সে গুলির মত উপন্যাস, নাটক বা কথাসাহিত্য কি বাঙ্গালায় লিখিত হইতে পারে না?

যাহা হউক, আমরা যে কথা বলিতেছিলাম তাহা এই যে, জর্ম্মান সাহিত্য, রুষ সাহিত্য, ফরাসী, সুইডিস নরউইজিয়ান বা আইসলাণ্ডিক সাহিত্য—সকল খনিগর্ভ হইতেই আমরা মণি সংগ্রহ করিয়া বঙ্গবাণীর মাতৃমূর্ত্তিকে অলঙ্কৃত করিতে পারি। যাঁহার যে বিষয়ে অভিজ্ঞতা ও অনুরাগ আছে, তিনি নিজের সামর্থ্যানুসারে সেই দিকে চেষ্টা করিতে থাকুন, শীঘ্রই আমাদের সাহিত্য বিবিধ নূতন আলোকরশ্মিসম্পাতে সমুজ্জ্বল হইয়া উঠিবে।

(৫) ইতিহাস ও প্রত্নতত্ত্ব—এই বিভাগে পূর্ব্ব বৎসর অপেক্ষা এবার

অনেক নূতন ও প্রয়োজনীয় তথ্যের আলোচনা হইয়াছে। সাময়িক পত্রাদি পাঠ করিয়া বেশ বুঝিতে পারা যায় যে, অনেকেই ঐতিহাসিক আলোচনার দিকে ঝুঁকিয়াছেন। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ-প্রমুখ 'বরেন্দ্র-অনুসন্ধান-সমিতির' সভ্যবৃন্দের গবেষণামূলক প্রবন্ধগুলি এবং 'প্রবাসী' প্রভৃতি মাসিকপত্রে প্রকাশিত দেশের বিভিন্ন অসভ্য, অর্দ্ধসভ্য জাতিগণের ইতিহাস বেশ উপাদেয় হইয়াছে। শ্রীযুক্ত অক্ষয়-কুমার মৈত্রেয়ের পালরাজগণের কথা ঐতিহাসিকদিগের নিকট নূতন যুগের অবতারণা করিয়া দিয়াছে। 'ঢাকা রিভিউ ও সম্মিলনী'তে প্রকাশিত শ্রীযুক্ত বীরেন্দ্র কুমাব বসু ঠাকুরের "বাঙ্গালা নগরী," শ্রীযুক্ত রামপ্রাণ গুপ্তের "রাজতত্ত্ব", 'প্রবাসী'তে প্রকাশিত শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দের "পুরাবৃত্ত আলোচনা," শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়ের "হিন্দু রসায়ন-শাস্ত্রের প্রাচানত্ব",—শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রীর "বৌদ্ধ ও হিন্দুধর্ম্ম কোথা হইতে আসিল" 'নারায়ণে' প্রকাশিত শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রীর "বৌদ্ধধর্ম্ম "দুর্গাপূজা" ও "নির্ব্বাণ", 'নারায়ণে' প্রকাশিত শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদারের "শক ও শকাব্দ", শ্রীযুক্ত মহিমারঞ্জন চক্রবর্ত্তীর "শ্যামা-রূপের গড়," 'ভারতবর্ষে প্রকাশিত শ্রীযুক্ত রাধাগোবিন্দ বসাকের "শিলিমপুরের পাষাণপ্রশস্তি, 'নোয়াখালী'তে প্রকাশিত শ্রীযুক্ত অনঙ্গ-মোহন দাসের "পর্ত্তুগীজদস্যু" এবং 'মানসী'তে প্রকাশিত শ্রীযুক্ত রাধাগোবিন্দ বসাকের "গুপ্তযুগে বঙ্গদেশ". সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসুর "বর্দ্ধমানের পুরাকথা," শ্রীযুক্ত যতীন্দ্রনাথ রায়ের "শ্রীবিক্রমপুর", শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসুর 'শ্রীবিক্রমপুর (প্রতিবাদের উত্তর), শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের "কৃষ্ণকীর্ত্তনের লিপিকাল" শ্রীযুক্ত হেমচন্দ্র দেব গোস্বামীর 'আসামে শ্রীচৈতন্য', গম্ভীরায় প্রকাশিত শ্রীযুক্ত হরিদাস পালিতের

'মালদহের পল্লীকথা', কায়স্থ-প্রত্রিকায় প্রকাশিত শ্রীযুক্ত উপেন্দ্রনাথ শাস্ত্রীর 'কায়স্থশব্দের নাম নিরুক্তি' বিশেষভাবে উল্লেখ্য।

শ্রীযুক্ত যতীন্দ্রমোহন রায়-প্রণীত "ঢাকার ইতিহাস (২য় খণ্ড)" শ্রীযুক্ত চারুচন্দ্র বসু ও শ্রীযুক্ত ললিতমোহন কর সঙ্কলিত "অশোক অনুশাসন", শ্রীযুক্ত রামপ্রাণ গুপ্ত-প্রণীত "প্রাচীন ভারত", শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার-প্রণীত "সমসাময়িক ভারত" কয়েক (খণ্ড) শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়-প্রণীত "প্রাচীন মুদ্রা" এবং শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার প্রণীত "প্রাচীন সভ্যতা" এই কয়খানি অতি প্রয়োজনীয় গ্রন্থ বিশেষভাবে উল্লেখযোগ্য।

শ্রীযুক্ত হরিসাধন মুখোপাধ্যায় উপন্যাস আকারে এক ইতিহাস লিখিয়াছেন—তাহার নাম দিয়াছেন "কলিকাতা—সেকালের ও একালের"। ইহা একখানি সংগ্রহ গ্রন্থ। গবেষণা-মূলক না হইলেও উপভোগ্য।

মৌলবী মোক্তার আহাম্মদ সিদ্দিকে—সিরাজগঞ্জের এক ইতিহাস লিখিয়াছেন। ইহা না লিখিলে কোন ক্ষতি ছিল না।

রোহিণীকুমার রায় চৌধুরীর "বাকলা"র ইতিহাসে কিছু কিছু জ্ঞাতব্য বিষয় আছে।

(৬) সাহিত্য—সাধারণ সাহিত্য ও আলোচনা-শাখায় শ্রীযুক্ত অজিতকুমার চক্রবর্ত্তী "বাতায়ন" ও "রবীন্দ্রনাথের সাহিত্যালোচনা" বিষয়ক নিবন্ধগুলি এবং "কাব্য পরিক্রমা" উল্লেখযোগ্য।

এ বৎসর সাহিত্য-বিভাগে এক অতি উপাদেয় গ্রন্থ প্রকাশিত হইয়াছে। গ্রন্থখানির নাম—"সৌন্দর্য্যতত্ত্ব" লেখকের নাম শ্রীযুক্ত অভয়কুমার গুহ। কঠোর পরিশ্রম-সহকারে লিখিত এমন সুন্দর গ্রন্থ বাঙ্গালা ভাষায় অনেকদিন প্রকাশিত হয় নাই।

আলোচ্য বর্ষে অধিকাংশ মাসিক পত্রেই সাধারণ সাহিত্য-বিষয়ক ভাল প্রবন্ধ কিছু কিছু বাহির হইয়াছে। 'ভারতবর্ষে' প্রকাশিত শ্রীযুক্ত বিপিনবিহারী গুপ্তের 'সাময়িকী', উপাসনায় প্রকাশিত শ্রীযুক্ত রাধাকমল মুখোপাধ্যায়ের 'আলোচনী', গৃহস্থে'র 'আলোচনা' এবং 'প্রবাসী'র 'বিবিধ প্রসঙ্গ' বিশেষ উল্লেখযোগ্য। প্রবাসীর বিবিধপ্রসঙ্গগুলির মত নির্ভীক সতেজ আলোচনা খুব কমই দেখা যায়। প্রবাসীর দেশের কথা, উপাসনার পল্লীবাণী ও গৃহস্থের পল্লীকথা অতি প্রয়োজনীয় কথায় পূর্ণ থাকে। প্রবাসীর 'পঞ্চশস্য' ও 'ভারতবর্ষে'র 'কল্পতরু' ও 'বিবিধ প্রসঙ্গ'-অংশে দেশ-বিদেশের অনেক জ্ঞাতব্য ও শিক্ষণীয় তথ্য সঙ্কলিত হয়।

শ্রীযুক্ত সতীশচন্দ্র রায়ের "বৈষ্ণবপদাবলীর রসবৈচিত্র্য", শ্রীযুক্ত বীরেন্দ্রনাথ বসু ঠাকুরের "মুসলমানগণের সংস্কৃতজ্ঞান", স্যর আশুতোষ মুখোপাধ্যায়ের "উত্তরবঙ্গ সাহিত্য সম্মিলনের অভিভাষণ" ও 'কৃত্তিবাস' —এই কয়টি গতবর্ষের ঢাকা রিভিউ ও সম্মিলনে প্রকাশিত উৎকৃষ্ট প্রবন্ধ।

মানসীতে প্রকাশিত নাটোরাধিপতির অহমিকাশূন্য অনাড়ম্বর সরল জীবন-স্মৃতিকাহিনী 'শ্রুতিস্মৃতি' নাম দিয়া প্রকাশিত হইতেছে। ইহার ভাষা নিতান্ত তরল অথবা বিশেষ আড়ম্বর পূর্ণ হয় নাই বলিয়া সাহিত্য-সমাজে আদৃত হইতেছে।

'গৃহস্থে' প্রকাশিত শ্রীযুক্ত সতীন্দ্রনাথ রায় চৌধুরীর 'সমাজ ও সেবা', নারায়ণে প্রকাশিত শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ শীলের "হিন্দুর প্রকৃত হিন্দুত্ব," শ্রীযুক্ত শরচ্চন্দ্র ঘোষালের "বাঙ্গালার আদি নাটক", শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতির 'স্বর্গীয় বঙ্কিমচন্দ্র ও ঠাকুরদাস মুখোপাধ্যায়', শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায়ের 'সাহিত্যে সহমরণ', শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রীর 'দুর্গোৎসবে

নবপত্রিকা', শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়ের শ্রীশ্রীদুর্গোৎসব, সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত শ্রীযুক্ত রাখালরাজ রায়ের 'জঙ্গিপুরের গ্রাম্য-শব্দ', মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রীর 'সম্বোধন', শ্রীযুক্ত সতীশচন্দ্র রায়ের 'জ্ঞানদাসের পদাবলী', সবুজপত্রে প্রকাশিত শ্রীযুক্ত কিরণশঙ্কর রায়ের 'ঐতিহাসিকতা' বিশেষভাবে উল্লেখযোগ্য।

বাঙ্গালা সাহিত্যের ভাষা কিরূপ হওয়া উচিত ইহা লইয়া 'সবুজপত্র', 'নারায়ণ', 'উপাসনা' ও অন্যান্য মাসিকপত্রে নানা প্রবন্ধে অনেক বাগ্-বিতণ্ডা হইয়া গিয়াছে ও হইতেছে। সম্প্রতি প্রবাসী-সম্পাদক শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায় এক নূতন বাঙ্গালা vowel dipthong চালাইবার প্রয়াসী হইয়াছেন। ইহাতে কেহ কেহ বলেন, ভাষার প্রাদেশিকতা যদি দোষের বিষয় বলিয়া গণ্য হয়, তবে কলিকাতার কথিত ভাষা লিখিত সাহিত্যের ভাষা বলিয়া গণ্য হইবে কি প্রকারে? অন্যান্য প্রদেশের অধিবাসিগণ সেই কথ্য ভাষাকে লিখিত সাহিত্যে বরণ করিয়া লইবেন কেন? এরূপে Split in the camp-সংসাধন দূরদৃষ্টির পরিচায়ক নহে।

কাব্য ও কবিতা—আজকাল খণ্ডকবিতারই যুগ। সবুজপত্রে রবীন্দ্র-নাথের ও মানসীতে মহারাজ জগদিন্দ্রনাথের কতিপয় সুন্দর কবিতা প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদারের 'হেঁয়ালি' এবং শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র মিত্রের 'চীবর' বাহির হইয়াছে। দৃশ্যকাব্যের মধ্যে শ্রীমতী কামিনী রায়ের 'অম্বা' উল্লেখযোগ্য। নারায়ণ-সম্পাদক চিত্তরঞ্জন দাশের 'মালা' ও 'অন্তর্যামী' অন্তর্বহিঃ উভয় সৌষ্ঠবেরই অধিকারী। আলোচ্য-বর্ষে সত্যেন্দ্রনাথের সম্প্রতি-রচিত কবিতাগুলি 'অভ্র আবীর' ও অনুবাদ-কবিতাগুলি 'মণিমঞ্জুষা'-গ্রন্থে স্থান পাইয়াছে। এ দুখানিতে কবির অনেক উৎকৃষ্ট কবিতাই আছে। শ্রীযুক্ত কুমুদরঞ্জন মল্লিক 'ভারতবর্ষে',

শ্রীযুক্ত কুমুদনাথ লাহিড়ী 'উপাসনায়', এবং শ্রীযুক্ত কালিদাস রায় বিভিন্ন মাসিকপত্রে—এই কবিত্রয় অনেকগুলি সুন্দর সুন্দর কবিতা বঙ্গবাণীর চরণে উপহার দিয়াছেন।

এই খণ্ড-কবিতার যুগে এবার শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বসুর 'পৃথ্বীরাজ' নামক এক সুন্দর ঐতিহাসিক মহাকাব্য প্রকাশিত হইয়াছে। ইহাতে তিনি ইতিহাসকে প্রধানতঃ আশ্রয় করিয়া পৃথ্বীরাজের এবং তৎসঙ্গে হিন্দুস্বাধীনতার পতনের বর্ণনা করিয়াছেন। রাষ্ট্রীয় দুর্ব্বলতা এবং তৎসহ জাতীয় নৈতিক অবনতি, স্বার্থ ও দুরাকাঙ্ক্ষা-জনিত ভীষণ পারিবারিক কলহ প্রভৃতি যে যে কারণে হিন্দুদিগের অধঃপতন সঙ্ঘটিত হওয়ায় মুসলমানেরা এদেশ আক্রমণ করিবার সুযোগ পাইয়াছিল, গ্রন্থকার তৎ-সমুদয় বিশেষভাবে বুঝাইতে প্রয়াস পাইয়াছেন।

রঙ্গব্যঙ্গ ও কৌতুক সাহিত্যে শ্রীযুক্ত হরিদাস হালদারের 'গোবর-গণেশের গবেষণা' ব্যঙ্গশাখার উল্লেখযোগ্য গ্রন্থ। Humourএর সহিত Sarcasmএর এরূপ সমাবেশ আজকাল অতি অল্পই দেখিতে পাওয়া যায়।

শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘটকের 'রঙ্গ ও ব্যঙ্গ' এবং সুপ্রসিদ্ধ রাসায়নিক শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগীর 'তুফান' রঙ্গকৌতুকে দুখানি উজ্জ্বলমণি।

ভ্রমণ—ভ্রমণ-বিষয়ক পুস্তক ও প্রবন্ধের মধ্যে বর্দ্ধমানাধিপতির 'য়ুরোপভ্রমণ' (১ খণ্ড) উল্লেখযোগ্য। ইহাতে তাঁহার অভিজ্ঞতা, সহৃদয়তা, অভিনিবেশ সহকারে পর্য্যবেক্ষণ-শক্তি ও ভাবুকতার পরিচয় পাওয়া গিয়াছে।

ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারীর 'ভারতবর্ষে' প্রকাশিত 'য়ুরোপে তিনমাস'-শীর্ষক মনোজ্ঞ নিবন্ধগুলি এখনও পুস্তকাকারে প্রকাশিত হয় নাই।

ভ্রমণ-শাখায় শ্রীমতী বিমলা দাসগুপ্তার 'নরওয়ে ভ্রমণ' আর একখানি উল্লেখযোগ্য গ্রন্থ। তবে ইহার ভাষা ভ্রমণ-কাহিনীর উপযোগী হয় নাই। কোন কোন স্থলে এরূপ অসংযমের পরিচয় পাওয়া গিয়াছে যাহা মহিলার হস্ত হইতে প্রকাশিত হওয়ায় বিস্মিত হইতে হয়। এ বিষয়ে আমরা শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্রের 'নারায়ণে' প্রকাশিত 'ভ্রমণ-বৃত্তান্ত' প্রবন্ধের সহিত একমত।

শ্রীযুক্ত বিনয়কুমার সরকারের দুই খণ্ড 'বর্ত্তমান জগৎ' আলোচ্যবর্ষে ভ্রমণ-সম্বন্ধে সর্ব্বাপেক্ষা উপাদেয় গ্রন্থ। পাশ্চাত্য জগতের নূতন নূতন ভাবের পসরা আনিয়া তিনি আমাদিগকে উপহার দিয়াছেন। বিবিধ মাসিকপত্রে প্রকাশিত তাঁহার ভ্রমণ-কাহিনীগুলি চিত্তাকর্ষক ও শিক্ষাপ্রদ।

এবার বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ হইতে ভ্রমণের এক চমৎকার, শিক্ষাপ্রদ গ্রন্থ বাহির হইয়াছে। ৬৩ বৎসর পূর্ব্বে ৺যদুনাথ সর্ব্বাধিকারী মহোদয় তাঁহার তীর্থভ্রমণের এক রোজনাম্চা রাখিয়াছিলেন। তাঁহার সময়ে রেলপথ ছিল না; সেই সময়ে ধর্ম্মপ্রাণ যদুনাথ কিরূপ কঠোর পরিশ্রম স্বীকার করিয়া আর্য্যাবর্ত্তের তীর্থগুলি ভ্রমণ করিয়াছিলেন এবং ভ্রমণ করিয়া কি দেখিয়াছিলেন এই গ্রন্থে তাহা এরূপ সুন্দর ভাবে লিখিয়াছেন যে তাঁহার বর্ণনা পড়িলেই তাহা প্রত্যক্ষবৎ প্রতীত হয়। ভ্রমণের এরূপ কোন পুস্তক পূর্ব্বে বাঙ্গালায় প্রকাশিত হয় নাই। পূর্ব্বকালে মুঘলদের কেহ কেহ রোজনাম্চা রাখিত; এখন সাহেবদের অনুকরণে অনেকে রাখিয়াও থাকেন। কিন্তু সেকালে বাঙ্গালী যে আধুনিক সময়ের মত রোজনাম্চা রাখিতেন, ইহা বাঙ্গালীর পক্ষে কম শ্লাঘা ও গৌরবের কথা নয়। আশ্চর্য্য ব্যাপার—সর্ব্বাধিকারী মহোদয় যেমন সমস্ত তীর্থের বর্ণনা করিয়াছেন, সঙ্গে সঙ্গে অমনই তাঁহার সময়ে প্রসিদ্ধ নগর-গ্রামাদিরও

পরিচয় দিয়াছেন। অধিকন্তু সে সময় কোথায় কোন্ জিনিষ পাওয়া যাইত এবং তাহাদের মূল্য কত ছিল তাহাও তিনি লিপিবদ্ধ করিয়াছেন। এই ভ্রমণ-বৃত্তান্ত হইতে তৎকালীন সমাজের বেশ একটি চিত্র পাওয়া যায়।

আলোচ্যবর্ষে শ্রীযুক্ত ইন্দুভূষণ দের 'মার্কিন যাত্রা' শ্রীযুক্ত সন্তোষকুমার দাসের 'কেদার-বদরিকা পরিক্রমা' ও শ্রীযুক্ত পদ্মনাথ বিদ্যাবিনোদের 'পরশুরামকুণ্ড ও বদরিকাশ্রম' প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত অতুলচন্দ্র মিত্রও 'প্রবাস-প্রসূন' নামে একখানা ভ্রমণ-কাহিনী লিখিয়াছেন।

অর্থনীতি—অর্থনীতি বিষয়ে শ্রীযুক্ত রাধাকমল মুখোপাধ্যায়ের 'দরিদ্রের ক্রন্দন' বিশেষভাবে উল্লেখযোগ্য দেশের ছাত্রগণের কার্য্যকরী শিক্ষা-সমস্যা ও লোকেদের জীবিকার্জ্জন-সমস্যা সাধনের জন্য অর্থনীতি এবং কার্য্যকরী শিক্ষা ও জীবিকার্জ্জনের প্রকৃত উপায়মূলক প্রবন্ধ ও পুস্তকাবলী বঙ্গসাহিত্যে অধিক সংখ্যায় প্রকাশিত হওয়া বাঞ্ছনীয়।

ধর্ম্ম ও দর্শন—শ্রীযুক্ত দ্বিজদাস দত্ত মহাশয়ের 'শঙ্কর-দর্শন (২য় ভাগ)' প্রকাশিত হইয়াছে। গ্রন্থখানিতে চিন্তাশীলতা ও গবেষণার যথেষ্ট পরিচয় আছে।

'শঙ্কর ও রামানুজ'-প্রণেতা শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ ঘোষ দর্শনের দিক্ দিয়া বঙ্গসাহিত্যে কিঞ্চিৎ উপাদান দিবার জন্য বহুদিন হইতে পরিশ্রম করিয়া আসিতেছেন। আলোচ্যবর্ষে তিনি মথুরানাথ তর্কবাগীশ-কৃত টীকা ও রঘুনাথ শিরোমণি-কৃত দীধিতির বঙ্গানুবাদ সমেত নব্যন্যায়ের অন্তর্গত ব্যাপ্তিপঞ্চকের বিস্তৃত ব্যাখা ও অনুবাদ প্রকাশ করিয়াছেন। মথুরানাথের টীকা ও রঘুনাথের দীধিতি পূর্ব্বে ভাষান্তরিত হয় নাই। এই দুইখানির প্রথম অনুবাদ হিসাবে এই গ্রন্থখানি বঙ্গসাহিত্যের গৌরব-বৃদ্ধি করিয়াছে।

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ মহোদয় শাস্ত্রগ্রন্থগুলির টীকা ভাষ্যের বঙ্গানুবাদ করিয়া বঙ্গবাসি-সাধারণের বিশেষ কৃতজ্ঞতা-ভাজন হইয়াছেন। বেদান্ত, উপনিষদের দুরূহ দার্শনিক তত্ত্ব বুঝিতে হইলে টীকা ও ভাষ্যের সাহায্য আবশ্যক। যাঁহারা সংস্কৃতনবীশ ন'ন তাঁহাদের বোধসৌকর্য্যার্থ সাংখ্যতীর্থ মহাশয় কঠোর শ্রম স্বীকার করিয়া এ বৎসর শ্রীভাষ্যের অনুবাদ শেষ করিয়া মূল সহ প্রকাশ করিয়াছেন। শ্রীভাষ্যের বঙ্গানুবাদ এই প্রথম। শ্রীভাষ্য 'সাহিত্য-পরিষদ্ গ্রন্থাবলী'-ভুক্ত।

পণ্ডিত শ্রীযুক্ত অক্ষয়কুমার শাস্ত্রী শ্রীমচ্ছঙ্করাচার্য্য বিরচিত 'উপদেশ-সাহস্রী'র বঙ্গানুবাদ সহ একটি সংস্করণ বাহির করিয়াছেন। এই গ্রন্থের অনুবাদও বঙ্গভাষায় এই নূতন।

জন্মভূমিতে শ্রীযুক্ত প্রসাদদাস গোস্বামীর 'অষ্টাবক্র-সংহিতা' বঙ্গানুবাদ সমেত প্রকাশিত হইতেছে। 'ব্রহ্মবিদ্যা' মাসিক পত্রিকায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র ঘোষালের 'বেদান্ত পরিভাষা'র বঙ্গানুবাদ বাহির হইতেছে। ঐ পত্রিকায় শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ 'বাৎস্যায়ন ভাষ্যে'র বঙ্গানুবাদ প্রকাশ করিতেছেন। এই দুইখানি গ্রন্থের বঙ্গানুবাদও বঙ্গভাষায় এই নূতন। ব্রহ্মবিদ্যায় প্রকাশিত শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্তের 'জগদ্গুরুর আবির্ভাব' শীর্ষক প্রবন্ধ বহু জ্ঞাতব্য তথ্যে পূর্ণ। তাঁহার 'ভারতীয় দর্শন' নামে বর্দ্ধমান-সাহিত্য-সম্মিলনীতে পঠিত অভিভাষণ বিশেষ গবেষণা-ব্যঞ্জক প্রবন্ধ। 'মানসী'তে প্রকাশিত শ্রীযুক্ত বীরেশ্বর সেনের 'জন্মান্তর' উল্লেখ্য। নারায়ণে প্রকাশিত শ্রীযুক্ত দ্বিজদাস দত্তের 'শঙ্করাচার্য্য কর্ত্তৃক জৈনমত খণ্ডন', নব্যভারতে প্রকাশিত 'শ্রীমৎশঙ্করাচার্য্য' চিন্তাপ্রসূত প্রবন্ধ। সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণের 'বৌদ্ধ-ন্যায়', কৃষ্ণানন্দ ব্রহ্মচারীর 'শঙ্করাচার্য্য ও

বৌদ্ধধর্ম্ম' ও শ্রীযুক্ত ধীরেশচন্দ্র বিদ্যারত্নের 'প্রত্যভিজ্ঞাদর্শন'; জগজ্জ্যোতিতে প্রকাশিত 'রিউথান কিমুরা'র 'ভারতবর্ষীয় বৌদ্ধদর্শনের ক্রমবিকাশ', শ্রীযুক্ত বেণীমাধব বড়ুয়ার 'বৌদ্ধদর্শনের ঐতিহাসিকতত্ত্ব'; গম্ভীরায় প্রকাশিত শ্রীযুক্ত প্রমথনাথ মিশ্রের 'হিন্দুশাস্ত্র' উল্লেখযোগ্য।

বিজ্ঞান—শ্রীযুক্ত জগদানন্দ রায় একাই বঙ্গসাহিত্যে বৈজ্ঞানিক রচনার ধারা অক্ষুণ্ণ রাখিয়াছেন। তিনি সম্প্রতি 'গ্রহনক্ষত্র' নামক বৈজ্ঞানিক গ্রন্থ অতি সহজ ও সরল ভাবে লিখিয়া প্রকাশ করিয়াছেন। ইহাতে নক্ষত্র, নীহারিকা, উল্কা প্রভৃতি অতি সুন্দর ও বিশদরূপে আলোচিত হইয়াছে। এই একখানি গ্রন্থ এবার বিজ্ঞান-বিভাগের মুখ উজ্জ্বল করিয়াছে।

আচার্য্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের 'বাঙ্ময়জগৎ', 'জড়জগৎ' ও 'বৈজ্ঞানিকের আকাশ' বঙ্গ-সাহিত্যের অপূর্ব্ব সামগ্রী। 'ভারতবর্ষ' এই তিনটি প্রবন্ধ বক্ষে ধারণ করিয়া সমগ্র বঙ্গবাসীর কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। ঢাকা রিভিউ ও সম্মিলন প্রভৃতি মাসিকপত্রে প্রকাশিত শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়ের 'দেশে বিজ্ঞান-প্রতিষ্ঠা' নামক বর্দ্ধমানের সাহিত্যসম্মিলনের অভিভাষণ বিশেষভাবে উল্লেখযোগ্য। নব্যভারতে প্রকাশিত শ্রীযুক্ত শীতলচন্দ্র চক্রবর্ত্তীর 'হিন্দুদিগের নভোবায়ু-বিজ্ঞান' বিশেষ পরিশ্রমলব্ধ প্রবন্ধ।

প্রাচীন গ্রন্থ—এই বিভাগে সাহিত্য-পরিষৎ আশানুরূপ কার্য্য করিয়াছেন। পরিষৎ এবার শ্রীযুক্ত আব্দুল করিম-সম্পাদিত ও কবিবল্লভবিরচিত 'সত্যনারায়ণের পুথি' শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু সম্পাদিত ৺বিজয়রাম সেন বিশারদ-প্রণীত 'তীর্থমঙ্গল', শ্রীযুক্ত আব্দুল করিম সম্পাদিত দ্বিজ রতিদেব-বিরচিত 'মৃগলুব্ধ' ও রামরাজা-বিরচিত 'মৃগলুব্ধ-সংবাদ', মহাকবি ক্ষেমেন্দ্র-বিরচিত 'বোধিসত্ত্বাবদান-কল্পলতা' এবং শ্রীযুক্ত সতীশচন্দ্র রায়-সম্পাদিত 'পদকল্পতরু' প্রকাশ করিয়াছেন।

এতদ্ভিন্ন পরিষৎ এবৎসর একরূপ অসাধ্যসাধন করিয়াছেন। ১৮৪৬ খ্রীষ্টাব্দে পণ্ডিত কৃষ্ণানন্দ ব্যাস নানাদেশ পর্য্যটন করিয়া ভারতীয় বহু ভাষার এক 'সঙ্গীতকোষ' গ্রন্থ সঙ্কলন করিয়া প্রকাশ করেন। দানবীর লালগোলার রাজাবাহাদুর মহোদয়ের ১২৮০০৲ মুদ্রা-সাহায্যে এই গ্রন্থ সাহিত্য পরিষদ্-গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হয়। এই গ্রন্থ আমাদের অমূল্য সম্পদ্।

অভিধান—এবৎসর শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়ের 'বাঙ্গালা শব্দকোষের' চতুর্থ খণ্ড পরিষৎ হইতে প্রকাশিত হইয়াছে। পণ্ডিত শ্রীযুক্ত রজনীকান্ত বিদ্যাবিনোদের 'বাঙ্গালা শব্দকোষের' পর বৈজ্ঞানিক রীতিক্রমে সঙ্কলিত এই গ্রন্থই বাঙ্গালা ভাষার প্রথম অভিধান। প্রথম বলিয়াই ইহাতে নানা ত্রুটির সম্ভাবনা। এই ত্রুটির সম্যক্ আলোচনা বাঞ্ছনীয়। যোগেশ বাবু অদ্ভুত পরিশ্রমে যে মহৎ কার্য্য সম্পাদন করিলেন, সেই আলোচনাই তাঁহার সম্যক্ পুরস্কার দিবে। পরিষৎ এই গ্রন্থ-প্রকাশে ভবিষ্যৎ ভাষা-তত্ত্ববিদের মহৎ উপকার করিলেন।

শিশু-সাহিত্য—এ বিভাগে কয়েক বর্ষ হইতে যুগান্তর আসিয়াছে বলিলেই চলে। এমন বৎসর যায় না যে বৎসর অন্ততঃ একশতখানি ছেলেদের পাঠের জন্য সচিত্র বই না বাহির হয়। এ বৎসর শ্রীযুক্ত জলধর সেনের 'কিশোর' (গল্পের বই), শ্রীযুক্ত রাজেন্দ্রলাল আচার্য্যের 'জুল্স্ ভার্ণ' হইতে 'আশীদিনে ভূপ্রদক্ষিণ' ও 'বেলুনে পাঁচসপ্তাহ' এবং শ্রীযুক্ত অবনীন্দ্রনাথ ঠাকুরের 'ভূতপত্রী' (গল্পের বই) ও ভারতীতে প্রকাশিত 'নালক' (কথা) বিশেষভাবে উল্লেখযোগ্য।

নূতন পুথি-সংগ্রহ—গত বর্ষে বঙ্গীয়-সাহিত্য-পরিষদে নিম্নলিখিত পুথিগুলি সংগৃহীত হইয়াছে—

১। মহাভারতোপাখ্যান নাটক।

২। বিদ্যাবিলাপ নাটক।

৩। মাধবানল কামনন্দলী।

৪। রামচরিত নাটক।

৫। তালানুকরণ।

পুথিগুলি নাটক নামে পরিচিত। অবশ্য এগুলি কাব্যশাস্ত্রের অনুমোদিত নহে। এগুলিতে রণজিৎমল্লের ভণিতাযুক্ত বহুপদের সমাবেশ আছে। ভাষা বাঙ্গালা—অক্ষর নেওয়ারী। প্রাপ্তিস্থান নেপাল। সম্ভবতঃ উপরিলিখিত গ্রন্থসমূহ এইরূপ পুথির প্রাচীনতম নিদর্শন।

শ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ।

দ্বিতীয় অধ্যায়

১৩২২ সালের প্রকাশিত পুস্তকের তালিকা

কলাবিদ্যা

তুলসীদাস চট্টোপাধ্যায় ... সরল স্বরলিপি শিক্ষা, প্রথম ভাগ। ৮, সৃষ্টিধর দত্তের গলি, কলিকাতা হইতে হরিপদ চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত, ১৲, ১০০০, দ্বিতীয় সংস্করণ।

দীননাথ হাজরা ... সরল ও সচিত্র তলমৃদঙ্গ বা তবলা শিক্ষা, ১ম ও ২য় ভাগ, নগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৪৪, পটলডাঙ্গা লেন, কলিকাতা, ১ম, সচিত্র, ২৲, ৫০০।

কউকাব্, এ, কে ... সঙ্গীত পরিচয়, ১ম ভাগ, গ্রন্থকার, ৪৭, পুরাতন বালিগঞ্জ, ১ম, ৷৹, ২,০০০।

দক্ষিণাচরণ সেন ... হারমোনিয়মে গান শিক্ষা, গ্রন্থকার, ১৪, বৃন্দাবন পাল লেন, প্রথম, ২৲, ১০০০।

প্রসন্নকুমার সেন ... মৃদঙ্গ প্রবেশিকা, মদন মোহন দে, বনগ্রাম রোড, ঢাকা, প্রথম, ১৲, ১০০০।

বিজ্ঞান শাখার সভাপতি

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

ইতিহাস শাখার সভাপতি

শ্রীযুক্ত [illegible]

রজনীকান্ত রায় দস্তিদার	...	সরল হারমোনিয়ম শিক্ষা, শিবসাগর, আসাম, ১ম ভাগ, ১।০, ১০০০, ২য় ভাগ ১।০, ১০০০।
গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়	...	সঙ্গীত-চন্দ্রিকা, বর্দ্ধমান, ১ম, ১।০, ১০০০, সঙ্গীত-চন্দ্রিকা, ২য় ভাগ, যন্ত্রস্থ।

জীবনী।

ভবসিন্ধু দত্ত	...	মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের জীবনচরিত, অবিনাশচন্দ্র সরকার, ২১১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ১॥০, ১,০০০।
সরোজনাথ ঘোষ	...	বিসমার্ক, সতীশচন্দ্র মুখার্জ্জি, বসুমতী আফিস, ১৬৬, বহুবাজার ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ১৲, ১,০০০।
চুপীর দেওয়ান মহাশয়	...	গোপালদাস ঘোষ, ৬৩, চেতলা রোড, আলিপুর, প্রথম, ১,০০০।
গণেশচন্দ্র মুখার্জ্জি	...	জীবনীসংগ্রহ, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, সচিত্র, ৬ষ্ঠ, ১॥০, ৩,১০০।
গিরিশচন্দ্র সেন	...	মহাপুরুষ চরিত, প্রথম ভাগ, কে, পি, নাথ, ৩, রমানাথ মজুমদার ষ্ট্রীট, তৃতীয়, ॥৵০, ৫০০।
শেবনি মজুদ্দিন আহম্মদ	...	আমার সংসার জীবন, আজিজুদ্দিন আহম্মদ, ১, কোরাম হোসেন ডাক্তার লেন, প্রথম, ১॥০, ১,০০০।

পঞ্চানন নিয়োগী ... বৈজ্ঞানিক জীবনী, প্রথম ভাগ, গ্রন্থকার, রাজসাহী কলেজ, সচিত্র, প্রথম, ১৷০, ১,০০০।

সারদানন্দ (স্বামী) ... শ্রীশ্রীরামকৃষ্ণ লীলাপ্রসঙ্গ, ব্রহ্মচারী কপিল, ১, মুখার্জ্জি লেন, বাগবাজার, সচিত্র, প্রথম, ।০, ১,০০০।

সরলাবালা দাসী ... নিবেদিতা, ব্রহ্মচারী গণেন্দ্র নাথ, ১, মুখার্জ্জি লেন, বাগবাজার, সচিত্র, দ্বিতীয়, ।০, ১,০০০।

৺ সরলা দাসগুপ্তার জীবন স্মৃতি—শ্রীমতী সুবর্ণপ্রভা দাসগুপ্তা, প্রথম,—১০০।

তারাপ্রসন্ন মুখার্জ্জি ... মৃতভৈরবচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সংক্ষিপ্ত জীবনী বা ভৈরব কথা, গ্রন্থকার, ভদ্রকালী, হুগলী, প্রথম,—২৫০।

অমূল্যকৃষ্ণ ঘোষ, বি এ .. গোপালকৃষ্ণ গোখেল্। মোহিতকুমার সেন, কর্ণওয়ালিস্ বিল্ডিং, কলিকাতা, প্রথম সংস্করণ, সচিত্র, ৶০, ১০০০।

আশাচন্দ্র ... শ্রীব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন—রমণা, ঢাকা হইতে শ্রীমতী হরিপ্রভা কর্ত্তৃক প্রকাশিত। প্রথম সংস্করণ, (মূল্য লেখা নাই) ১০০০।

হেমলতা সরকার ... স্বর্গীয় ব্রজসুন্দর মিত্র। ২৫, সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা হইতে প্রিয়নাথ

ভট্টাচার্য্য কর্ত্তৃক প্রকাশিত। প্রথম সংস্করণ, ১।০, ৫০০।

পঞ্চানন সিংহ ... জুলিয়াস সীজার, কর্ণওয়ালিস্ বিল্ডিংস্ হইতে মোহিতকুমার সেন, প্রথম সংস্করণ, ।/০, ১০০০।

কুমুদনাথ মল্লিক ... হজরত মোহাম্মদ, সিটি বুক সোসাইটী, প্রথম সংস্করণ, ।/০, ১০০০।

মধু মিঞা ... শান্তি কর্ত্তা বা হজরত মোহাম্মদ, তৃতীয় খণ্ড, আজামপুর, যশোহর হইতে গ্রন্থকার কর্ত্তৃক প্রকাশিত, প্রথম সংস্করণ, ১৲, ২০০০।

রবীন্দ্রনাথ সেন ... ধূপদান, ঢাকা, বীরেন্দ্রনাথ সিংহ চৌধুরী, প্রথম, ১৲, ১০০০।

শচীশচন্দ্র চট্টোপাধ্যায় ... বঙ্কিম জীবনী, গুরুদাস চ্যাটার্জ্জি, দ্বিতীয়, ৩৲, ২০০০।

শরচ্চন্দ্র চৌধুরী ... মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের কর্ম্মজীবন, ১৯।৩, ছকু খানসামার লেন, কলিকাতা হইতে, প্রকাশচন্দ্র চৌধুরী, প্রথম সংস্করণ, সচিত্র, ১৲, ২৫০।

৺ শিশিরকুমার ঘোষ ... শ্রীঅমিয় নিমাই চরিত, পঞ্চম খণ্ড, ১৩, আনন্দচন্দ্র চ্যাটার্জ্জি লেন, কলিকাতা, শ্রীতড়িতকুমার বিশ্বাস, ১৲, ২০০০।

৺ গিরিশচন্দ্র সেন ... তাপসমালা, প্রথম ভাগ, ৩, রমানাথ মজুমদার ষ্ট্রীট, কলিকাতা হইতে, কে, পি, নাথ, ষষ্ঠ সংস্করণ, ॥০, ১০০০।

তাপসমালা, দ্বিতীয় ভাগ, ঐ।

অমরচন্দ্র দত্ত ... শরচ্চন্দ্র, গ্রন্থকার, ময়মনসিং, ১ম ভাগ, সচিত্র, ১৲, ৫০০।

অমৃতলাল সেনগুপ্ত ... শ্রীমদাচার্য্য প্রভুপাদ বিজয়কৃষ্ণ গোস্বামী, সাধনা ও উপদেশ, গিরিশচন্দ্র দাশগুপ্ত, ৫৪।৩, কলেজ ষ্ট্রীট, কলিকাতা, ২য়, সচিত্র, ২৲, ১০০০।

অশ্রুমালা .. কালীকুমার দত্ত, ১৭, বেথুন রো, কলিকাতা, ১ম, বিনামূল্যে, ২০০।

বীরেশ্বর প্রামাণিক ... শ্রীঅদ্বৈত বিলাস (২য় খণ্ড), উত্তর কাণ্ড—যোগানন্দ প্রামাণিক, শান্তিপুর, ১ম, ১৵০, ১০০০।

বীরেশ্বর দাস (বি এ) ... কার্ত্তিক চরিত—পাঁচু গোপাল মিত্র, ৩২, চড়কতলা ষ্ট্রীট, সূতার পাড়া, শান্তিপুর, ১ম, সচিত্র, বিনা মূল্যে, ২০০০।

ইন্দ্রনারায়ণ শেঠ ... শিমুলতলা বা বামা-মাহাত্ম্য—গ্রন্থকার, রামপুর হাট, বীরভূম, ১ম, ৵০, ১০০০।

মনিলাল গাঙ্গুলি ... ভারতীয় বিদুষী, গ্রন্থকার ২২, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা, ৪র্থ, ৷৷৵৹, ১,০০০।

নিগ্রোজাতির কর্ম্মবীর ... চিন্তাহরণ গুহ, ২৪, মিডল্ রোড, ইটালী, কলিকাতা, ১ম সং, ১৷৹, ১,০০০।

পিতৃদেব ... অবিনাশচন্দ্র সরকার, ২১১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা, ১ম সং, বিনামূল্যে, ৩০০।

সাধু দীননাথ ... অতুলচন্দ্র চক্রবর্ত্তী, ৫৪।৬, কলেজ ষ্ট্রীট, কলিকাতা, ১ম সং, সচিত্র, ৫০০।

সাহিত্যে যোগেশ ... নটবর চক্রবর্ত্তী, ৩৮।২ ভবানীচরণ দত্ত ষ্ট্রীট, কলিকাতা, ১ম সং, সচিত্র।

শরচ্চন্দ্র চক্রবর্ত্তী ... সাধু নাগ মহাশয়, ব্রহ্মচারী জ্ঞানেন্দ্রনাথ, ১, মুখার্জ্জি লেন, কলিকাতা, ২য় সং, সচিত্র, ৷৷৹, ১,০০০।

শ্রীশ্রীমৎ পিতৃদেব শ্রীগঙ্গানারায়ণ দেবমল্লিক—পূর্ণচন্দ্র দাস, ৬১ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা, ১ম সং, ১,০০০।

স্বর্গীয় মহাত্মা ধর্ম্মদাস পাল মহাশয়ের সংক্ষিপ্ত জীবনী—মহেন্দ্রনাথ বিদ্যারত্ন কর্ত্তৃক সংগৃহীত, মহেন্দ্রনাথ বিদ্যারত্ন, সাহাদা, মিদনাপুর, ১ম সং; বিনামূল্যে, ৫০০।

তাপসমালা ষষ্ঠ ভাগ ... ৺গিরিশচন্দ্র সেন কর্ত্তৃক অনুদিত, কে, পি, নাথ, ৩, রমানাথ মজুমদার

লেন, কলিকাতা, ৪র্থ সং, ॥০, ৫০০।

অনাথনাথ বসু ... কর্ম্মবীর, গ্রন্থকার, নিতারা, ২৪ পরগণা, প্রথম সং, ।৵০, ১০০০।

বিপিনবিহারী সরকার ... শ্রীচৈতন্যদেব, বৃন্দাবন বসাক. ঢাকা, নূতন, সচিত্র, ॥০, ১০০০।

হরিদাস পালিত ... বঙ্গীয় পতিত জাতির কর্ম্ম, ২৪, মিডিল রোড, প্রথম সং, ১৲, ১০০০।

মহেন্দ্রনাথ বসু ... নানকপ্রকাশ, প্রথম ভাগ. কে, পি, নাথ, ৩, রমানাথ মজুমদার লেন, দ্বিতীয় সং, ॥০, ৫০০।

মন্মথনাথ ঘোষ ... মহাত্মা কালীপ্রসন্ন সিংহ, প্রিয়নাথ দাস, ১৪৭, বারাণসী ঘোষ ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ১৲, ১০০০।

শিশিরকুমার ঘোষ ... অমিয় নিমাই চরিত, তড়িৎকান্ত বিশ্বাস, ১৩ আনন্দ চ্যাটার্জ্জি লেন, চতুর্থ সং, ১০, ১০০০।

ব্রহ্মনন্দিনী সতী জগন্মোহিনী দেবী—শ্রীপ্রিয়নাথ মল্লিক সম্পাদিত।

ইতিহাস ও ভূগোল।

বিজয়চন্দ্র মজুমদার ... প্রাচীনসভ্যতা, চিন্তাহরণ গুহ, ২৪, মিডল্ রোড, ইটালি, কলিকাতা, প্রথম সং, ৸০, ১০০০।

যতীন্দ্রমোহন রায়	...	ঢাকার ইতিহাস, দ্বিতীয় খণ্ড, শশীমোহন রায়, ২৯৭, অপার চিৎপুর রোড, সচিত্র, প্রথম সং, ২॥০, ১১০০।
পাঁচকড়ি ব্যানার্জ্জি	...	বিংশ শতাব্দীর মহাপ্রলয়, প্রথম খণ্ড, উপেন্দ্রনাথ মুখার্জ্জি, ১৬৬, বউ-বাজার ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ১॥০, ২০০০।
পিয়ারীমোহন দাস	...	ইতিবৃত্ত-তত্ত্ব বা আর্য্য অনার্য্য বুভূৎসা। গ্রন্থকার, সনামগঞ্জ, সিলেট, প্রথম সং, ।০, ১০০০।
রাখালদাস ব্যানার্জ্জি	...	প্রাচীন মুদ্রা, প্রথম ভাগ। গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, সচিত্র, প্রথম সং, ২৲, ১০০০।
সমিরুদ্দিন আহম্মদ	...	ইস্‌লাম ইতিবৃত্ত সোপান। গ্রন্থকার, রাধাবল্লভ, রংপুর। প্রথম সং, ।৵০, ৫০০।
সত্যেন্দ্রকুমার বসু	...	সচিত্র মহাযুদ্ধের ইতিহাস, সপ্তম খণ্ড, নটবর চক্রবর্ত্তী, ৩৮।২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট। সচিত্র, প্রথম সং, ।৵০, ২০০০।
সিয়ার উল মুতথখরিণ	...	যোগেন্দ্রনাথ মৈত্র, ১০০, মাণিকতলা ষ্ট্রীট। প্রথম সং, ।০, ১২৫০।
সুরেন্দ্রনাথ রায়	...	পদ্মিনী। গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণ-ওয়ালিস ষ্ট্রীট। সচিত্র, দ্বিতীয় সং, ১॥০, ১০০০।

মোক্তার আহম্মদ সিদ্দিকী ... সিরাজগঞ্জের ইতিহাস। গ্রন্থকার, সিরাজ গঞ্জ, পাবনা। প্রথম সং, ।৵০, ১০০০।

রামপ্রাণ গুপ্ত ... প্রাচীন ভারত। পূর্ণচন্দ্র ঘোষ, ঢাকা। প্রথম সং, ২৲, ১০০০।

রোহিণীকুমার সেন ... বাকলা, সুধাংশু কুমার সেন, কীর্ত্তিপাশা, বরিশাল। সচিত্র, প্রথম সং, ২৲।

সত্যেন্দ্রকুমার বসু ... সচিত্র মহাযুদ্ধের ইতিহাস, ৪র্থ খণ্ড। নটবর চক্রবর্ত্তী, ৩৮।২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট। সচিত্র, প্রথম সং, ।৵০, ৭৫০০।

" " ... ঐ ৫ম খণ্ড। নটবর চক্রবর্ত্তী, ৩৮।২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট। সচিত্র, প্রথম সং, ।৵০, ২০০০।

" " ... ঐ ৬ষ্ঠ খণ্ড। নটবর চক্রবর্ত্তী, ৩৮।২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট। সচিত্র, প্রথম সং, ।৵০, ২০০০।

যোগীন্দ্রনাথ বসু ... ভারতবর্ষের সরল ইতিহাস। অনুকূল চন্দ্র ঘোষ, ৩০, কর্ণওয়ালিস ষ্ট্রীট। সচিত্র, দ্বিতীয় সং, ॥০, ১০০০।

রজনীকুমার বিশ্বাস ... চক্রশালার ইতিবৃত্ত। চক্রশালা, চট্টগ্রাম, হইতে গ্রন্থকার। প্রথম সং, ॥৵০, ৬০০।

সত্যেন্দ্রকুমার বসু—বিএ, ... মহাযুদ্ধের ইতিহাস, অষ্টম খণ্ড। বঙ্গবাসী কার্য্যালয়। সচিত্র, প্রথম সং, ।৵০, ২০০০।

সত্যেন্দ্রকুমার বসু—বিএ, ... মহাযুদ্ধের ইতিহাস, নবম খণ্ড। বঙ্গবাসী কার্য্যালয়। সচিত্র, প্রথম সং, ।৶০, ১৫০০।

" " ... ঐ দশম খণ্ড। বঙ্গবাসী কার্য্যালয়। সচিত্র, প্রথম সং, ।৶০, ১৫০০।

অম্বিকাচরণ গুপ্ত ... হুগলী বা দক্ষিণ রাঢ়, প্রথমার্দ্ধ, ললিতমোহন পাল, ৮০, গ্রে ষ্ট্রীট, প্রথম, ১।০, ১,০০০।

শেখ রিয়াজুদ্দিন আহমদ ... আরবজাতির ইতিহাস, প্রথমখণ্ড, শেখ মফিজুদ্দিন আহমদ, দলগ্রাম, তুষভাণ্ডার, রঙ্গপুর, সচিত্র, দ্বিতীয়, ১॥০, ১,০০০।

বিপিনবিহারী চক্রবর্ত্তী ... অবদান, অপূর্ব্বকৃষ্ণ বসু, ২২, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ॥০, ৫০০।

নগেন্দ্রনাথ বসু ... বর্দ্ধমানের ইতিকথা, প্রাচীন ও আধুনিক, দেবেন্দ্রনাথ মিত্র, বর্দ্ধমান, প্রথম, সচিত্র, ১,০০০।

দুর্গাদাস লাহিড়ী ... পৃথিবীর ইতিহাস, দ্বিতীয় খণ্ড, ভারতবর্ষ, ধীরেন্দ্রনাথ লাহিড়ী, হাওড়া, দ্বিতীয়, ৬৲, ১,০০০।

হরিসাধন মুখার্জ্জি ... কলিকাতা, সেকালের ও একালের, উপন্যাস আকারে গঠিত ইতিহাস, কিশোরীমোহন বাগ্‌চী, ৩৮১, মস-

জিদবাড়ী ষ্ট্রীট, সচিত্র, ১ম, ৩৲, ১,০০০।

যজ্ঞেশ্বর ব্যানার্জ্জি ... জগতের সভ্যতার ইতিহাস (সূচনা), ললিতমোহন চৌধুরী, কাশিমবাজার, বহরমপুর, সচিত্র, ১ম, ২৲, ১,০০০।

পূর্ণচন্দ্র ভট্টাচার্য্য ... মহরম, হরিরাম ধর, পটুয়াটুলি, ঢাকা, সচিত্র, দ্বিতীয়, ।৶০, ২,০০০।

রাখালদাস ব্যানার্জ্জি ... বাঙ্গলার ইতিহাস, প্রথম ভাগ, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, সচিত্র, ২৷০, ১,০০০।

সত্যেন্দ্রকুমার বসু ... সচিত্র মহাযুদ্ধের ইতিহাস, ১ম খণ্ড, নটবর চক্রবর্ত্তী, ৩৮-২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট, সচিত্র, ২য়, ।৶০, ২,৫০০।

" " ... দ্বিতীয় খণ্ড, নটবর চক্রবর্ত্তী, ৩৮-২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ।৶০, ৪,০০০।

" " ... তৃতীয় খণ্ড, নটবর চক্রবর্ত্তী, ৩৮-২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ।৶০, ৪,০০০।

ইমদাদুল হক্ (কাজি) ... ঐতিহাসিক পাঠ, দ্বিতীয় ভাগ, গোপীমোহন দত্ত, ষ্টুডেণ্টস্ লাইব্রেরী, ঢাকা, সচিত্র, অষ্টম, ৷৹, ৩,০০০।

কালিবন্ধু গঙ্গোপাধ্যায় ... নূতন প্রণালীর ভূগোল, প্রথম ভাগ, বিনোদবিহারী বসু, প্রেসিডেন্সি লাইব্রেরী, ঢাকা, ৬ষ্ঠ, ।৴০, ২,০০০।

দর্শন

দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ ... ব্রহ্মসূত্র বা বেদান্ত দর্শন, রামকমল সিংহ, ২৪৩।১, আপার সারকুলার রোড, প্রথম, ২॥০, ১,০০০।

শরৎচন্দ্র ঘোষাল ... প্রাচীন ভারতীয় গ্রন্থাবলী, ১ম খণ্ড, বেদান্ত পরিভাষা, সুরেন্দ্রনাথ বসু, ৪।৩, কলেজ স্কোয়ার, প্রথম, ২৲ ১,০০০।

দ্বিজদাস দত্ত ... শ্রীমৎ শঙ্করাচার্য্য, শাঙ্কর দর্শন (২য় ভাগ), শিরিশচন্দ্র দাস গুপ্ত, ৫৪।৩, কলেজ ষ্ট্রীট, চতুর্ব্বিংশ (২৪), ৩৲ ৫০০।

ক্ষেত্রমোহন ব্যানার্জ্জি ... অভয়ের কথা, ঠাকুরাণীর কথা, দেবেন্দ্র নাথ ভট্টাচার্য্য, ২৪, হ্যারিসন রোড, ১ম, ১৲, ১,০০০।

আবদুল গানি নাথল (কবিতা) কাব্যকণা, গ্রন্থকার, ময়মনসিং, ১ম, কবিতা, ⁄১০, ১,০০০।

অমরেন্দ্রনাথ সোম ... দ্রৌপদী প্রতিজ্ঞা, বিজনবিহারী সোম, কুর্ম্মণ, নিত্যচরণ, ষ্টেসন বর্দ্ধমান, ১ম, ।০, ১,০০০।

বিজয়চন্দ্র ঘোষ ... উমাআগমনী, কালীপদ ঘোষ, ৬, মিরজাপুর ষ্ট্রীট, ১ম, ।⁄০ ১,০০০।

চিত্তরঞ্জন দাস ... অন্তর্যামী, শিশির কুমার দত্ত, ২৫, সুকিয়া ষ্ট্রীট, ১ম, ৸০, ১,০০০।

চিত্তরঞ্জন দাস ... মালা, শিশিরকুমার দত্ত, ২৫, সুকিয়া স্ট্রীট, ১ম, ৸০, ১,০০০।

দেবকুমার রায় চৌধুরী ... ধারা, অনাথবন্ধু সেন, বরিশাল, ১ম, ॥০, ১,০০০।

দুর্গাপ্রসন্ন দাসগুপ্ত ... সরল ও সংক্ষিপ্ত রামায়ণ, দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য, ৬৫, কলেজ স্ট্রীট, ২য়, সচিত্র, ১৲, ১,০০০।

ঘনশ্যাম দলাই ... সচিত্র কুচবেহার রাজচিত্র, ১ম খণ্ড, পূর্ণচন্দ্র দাস, ৬১, বৌবাজার স্ট্রীট, ১ম, সচিত্র, ১॥০, ১,০০০।

সরল সাংখ্যযোগ ... পঞ্চশিখা, সিদ্ধান্ত শাস্ত্রী, ৫, ছিদাম মুদী লেন, দ্বিতীয় সং, ।৵০, ৫০০।

রমেশচন্দ্র দেব ... তত্ত্ব-বিজ্ঞান, গ্রন্থকার, আসানসোল, বর্দ্ধমান, প্রথম সং, ১৲, ৬০০।

কবিতা।

পুষ্পবাণ-বিলাসম্ ... গণপতি সরকার, ৬৯, বেলিয়াঘাটা মেন রোড, প্রথম সং, ।৵০, ৫০০।

অমরনাথ সিংহ ... প্রবাস, গ্রন্থকার, ১।২, রমানাথ মজুমদার স্ট্রীট, প্রথম সং, ॥০, ৫০০।

বিজয়লক্ষ্মী গুপ্ত ... অঞ্জলি, বীরেন্দ্রমোহন গুপ্ত, ৯০, মাণিকতলা মেন রোড, প্রথম সং, ॥০, ১,০০০।

চারুশীলা দেবী	...	বেহুলা, সুশীলমাধব মল্লিক, ৪, বলরাম বসু ১ম লেন, ভবানীপুর, প্রথম সং, ।৵০, ১,০০০।
বীরেন্দ্রলাল চৌধুরী	...	প্রবাহিকা, গ্রন্থকার, চট্টগ্রাম, প্রথম সং, ১৲, ১,০০০।
হরিদাস ঘোষ	...	ভাবমাধব, ১ম খণ্ড, নীরদবরণ ঘোষ, ১৪, ক্লাইব ষ্ট্রীট, প্রথম সং, ১,০০০।
জব্বর	...	বিলাস কানন, গ্রন্থকার, কুমিল্লা, প্রথম সং, ।৵০, ১,০০০।
জানকীনাথ মুখার্জ্জি	...	কুসুমাঞ্জলি, গ্রন্থকার, ডায়মণ্ড হারবার, প্রথম সং, ॥০; ২৫০।
কালিদাস রায়	...	বল্লরী, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম সং, ॥০, ১০০০।
কার্ত্তিকচন্দ্র দাসগুপ্ত	...	তাই তাই, কে, ভি, সেন, ৬০, মির্জ্জাপুর ষ্ট্রীট, সচিত্র, প্রথম সং, ।৵০, ২,০০০।
শ্রীশ্রী৺ মনসা (প্রথম খণ্ড)	...	শ্যামাচরণ সরকার, ১৯১, বহুবাজার ষ্ট্রীট, সচিত্র, প্রথম সং, ১৲, ২,২০০।
মানকুমারী	...	কাব্য কুসুমাঞ্জলি, তারাকুমার কবিরত্ন, ২৫, পটলডাঙ্গা ষ্ট্রীট, সপ্তম সং, ১৲, ১,০০০।
মনসরুদ্দিন আহমদ	...	রুমের লড়াইর পুথি, গ্রন্থকার, বাথরগঞ্জ, ত্রিপুরা, প্রথম সং, ।/০, ২,০০০।

নির্ম্মলাবালা দেব ... ভক্তিপুষ্পহার, রামগোপাল ভট্টাচার্য্য, খুলনা, প্রথম, ৵০, ১,০০০।

পরেশনাথ সরকার ... মালা, সুধীরচন্দ্র সেনগুপ্ত, ১, গঙ্গাধর বাবু লেন, প্রথম, ॥০, ৫০০।

প্রমথনাথ রায়চৌধুরী ... গৌরাঙ্গ, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণ-ওয়ালিস ষ্ট্রীট, দ্বিতীয়, ১॥০, ৫০০।

রজনীকান্ত সেন ... বীণা, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণ-ওয়ালিস ষ্ট্রীট, কাপড় ৸০, কাগজ ॥০, ৬ষ্ঠ, ১,০০০।

কার্ত্তিকচন্দ্র দাসগুপ্ত ... ফুলঝুরি, কে, ভি, সেন, ৬০, মির্জাপুর ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ।৵০, ১,০০০।

নিতাইচাঁদ শীল .. আশ্রমে, গ্রন্থকার, চুচড়া, ১ম, ৶০, ২৫০।

রজনীকান্ত সেন ... অমৃত, জে. সি. ঘোষ, ৫৭, হ্যারিসন রোড,৪র্থ, ।০, ৫,০০০।

সত্যেন্দ্রনাথ দত্ত ... অভ্রআবীর, প্রিয়নাথ দাসগুপ্ত, ইণ্ডিয়ান্ পাবলিশিং হাউস্, ১ম, ১।০, ৫০০।

সোহং স্বামী ... শম্বুকবধ কাব্য, সূর্য্যকান্ত ব্যানার্জ্জি, তাঁতিবাজার, ঢাকা, প্রথম, ।০, ১,০০০।

সুধীরকুমার গোস্বামী ... তিমিরপ্রভা, পান্নালাল দে, ১৩-৫,সাকুর্-লার গার্ডেনরীচ রোড, খিদিরপুর, প্রথম, ॥০, ৫০০।

সুরেন্দ্রনাথ সান্যাল ... ধ্রুব, বীরেন্দ্রনাথ সান্যাল, সুসাঙ্গ, ১ম, ।০, ১,০০০।

তারকেশ্বর-মাহাত্ম্য ... নিবারণচন্দ্র স্মৃতিতীর্থ, তারকেশ্বর, প্রথম, ৴০, ২,০০০।

অবিনাশচন্দ্র রায় ... বাঁশরী, প্রথম, ।০, ৫০০।

অজমল হোসেন ... ফুলের সাজী, গ্রন্থকার, খুলনা, প্রথম, ৵০, ২,০০০।

আশুতোষ দাস গুপ্ত মহালনবিশ—বিজ্ঞান বিজয়া, যুগল কৃষ্ণ সিংহ, ৪, তেলকল ঘাট রোড, হাওড়া, প্রথম, ॥০, ৫০০।

বঙ্কিমচন্দ্র মিত্র ... চীবর, তারকনাথ মিত্র, ৩৫-৩, মদন মিত্র লেন, প্রথম, ১।০, ৫০০।

এস, সি, ঘোষ ... সচিত্র কর্ম্ম সঙ্গীত বা কিণ্ডার গার্টেন কবিতা, শরৎচন্দ্র সুর, ১২৪, ক্যানিং ষ্ট্রীট, সংশোধিত, সচিত্র, ৵০, ২,০০০।

গোবিন্দচন্দ্র দাস ... ফুলরেণু, দেবী প্রসন্ন রায় চৌধুরী, ২১০-২, কর্ণওয়ালিস ষ্ট্রীট, দ্বিতীয়, ১৲, ১,০০০।

যতীন্দ্রকিশোর ঘোষ ... জয়দ্রথবধ কাব্য, ক্ষীরোদচন্দ্র ঘোষ, ৭০-২, ক্লাইভ ষ্ট্রীট, প্রথম, ১৲, ১,০০০।

জীবেন্দ্রকুমার দত্ত .. প্রহ্লাদ উপাখ্যান, বৃন্দাবনচন্দ্র বসাক, ঢাকা, সচিত্র, প্রথম, ।৴০, ১,০০০।

জ্যোতির্ম্ময়ী দেবী, (রাণী) .. মালা, গোপালচন্দ্র মুখার্জ্জি, ১০৬-১, গ্রে ষ্ট্রীট, প্রথম, ৫০০।

কবিতা কুসুম ... জিতেন্দ্রলাল দত্ত, ব্রাহ্মণ বেড়িয়া, ত্রিপুরা, প্রথম, ১০০।

কৃষ্ণচন্দ্র মজুমদার ... অবসর সঙ্গিনী, ক্ষেত্র মোহন দাস, ৫৮, সিকদার বাগান ষ্ট্রীট, প্রথম, ২৫০।

মানিক উদ্দিন আহমদ ... শোকোচ্ছ্বাস বা বিদায়গীতি, সাখওয়াল আলি খাঁ, দুপচাচিয়া, বগুরা, প্রথম, /০, ১,০০০।

মিঠে কড়া ... মনোরঞ্জন ব্যানার্জ্জি, ৭০, কলুটোলা ষ্ট্রীট, ৬ষ্ঠ, /০, ১,০০০।

মুন্সি মহম্মদ বরকতউল্লা ... সমাজ সংস্কার, গ্রন্থকার, হরিহরপুর, দিনাজপুর, প্রথম, ।/০, ১,০০০।

নসিরুদ্দিন আহমদ ... বিদায়, আকেরউন্নিসা, শিকারপুর, রাজসাহী, প্রথম ৵০, ১,০০০।

নবকৃষ্ণ দেব ... তর্পণ, অনিলেন্দ্র নাথ সিংহ, ৬৯, কর্ণ-ওয়ালিস ষ্ট্রীট, প্রথম, সচিত্র, ৸০, ১,০০০।

প্রেমমালা ... ব্রজেশ চরণ সেন, খাগড়া, বহরমপুর, প্রথম, ৫০০।

যাদবচন্দ্র সরকার ... কল্পলতা, ১ম ভাগ, গ্রন্থকার, যশোহর, ১ম, ৸০, ১,০০০।

যামিনীকিশোর গুপ্ত রায় .. রাজগীতা বা বঙ্গোচ্ছ্বাস, হেমচন্দ্র সেন, গুপ্ত, পটুয়াটুলি, ঢাকা, সচিত্র, ১ম, কাগজ বাঁধাই ৸০, কাপড় বাঁধাই ১৲, ১,২০০।

নরেন্দ্রনাথ ঘোষ	...	বেসুর বীণ, সত্যচরণ নাথ, নৈহাটী, শ্রীরামপুর, খুলনা, ১ম, ॥০, ৫০০।
প্রমথনাথ মুখার্জ্জি	...	বুকের বোঝা, মনোরঞ্জন ব্যানার্জ্জি, ৭০, কলুটোলা ষ্ট্রীট, ১ম, ॥০, ১,০০০।
”	...	পদাঙ্ক কামনা, বুকের বোঝা, মনোরঞ্জন ব্যানার্জ্জি, ৭০, কলুটোলা ষ্ট্রীট, ১ম, ।০, ১,০০০।
প্রমথনাথ রায় চৌধুরী	...	কাব্য গ্রন্থাবলী, ১ম ভাগ, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, ১ম, ২৲, ৫০০।
”	...	২য় ভাগ, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, ১ম, ২৲, ৭০০।
রজনীকান্ত সেন	...	কল্যাণী, গুরুদাস চ্যাটার্জ্জি, ৫ম, ১৲, ১,০০০।
রামায়ণ ১ম খণ্ড	...	হেমন্ত কুমার মুখার্জ্জি কর্ত্তৃক অনুদিত, বি, এন, সেন, ৮।৯, কলেজ ষ্ট্রীট, ১ম, ১৷৹০, ১,০০০।
রোহিণী কুমার সাঁ	...	পল্লীছায়া, কৃষ্ণচৈতন্য দাসী, ৩৪, মেছুয়া বাজার ষ্ট্রীট, ১ম, ।৶০, ১,০০০।
শচীন্দ্রলাল দাস বর্ম্মা	...	কয়েকটী কবিতা, হরিচরণ মান্না, ২২, সুকিয়া ষ্ট্রীট, ১ম, ।৶০, ২৮০।
সত্যেন্দ্রনাথ দত্ত	...	মণিমঞ্জুষা, প্রিয়নাথ দাশগুপ্ত, ২২, কর্ণওয়ালিস ষ্ট্রীট, ১ম, ১।০, ৫০০।
তারাপ্রসন্ন ঘোষ	...	পূরবী, পি, চৌধুরী, ৭৫।১, হ্যারিসন রোড, ১ম, ॥০, ৩০০।

নারায়ণচন্দ্র নিয়োগী ... পঞ্চপুষ্প, যতীন্দ্রকৃষ্ণ নিয়োগী, ১৩১।১, ক্যানিংষ্ট্রীট, সচিত্র, ১ম, ৵০, ২০০।

প্রীতি উপহার বা টুকটুকে বই, প্রথম খণ্ড—অবনী কুমার দে, পটুয়াটুলি, ঢাকা, প্রথম, ।৵০, ১,০০০।

শিশু পাঠ্য কৃত্তিবাস ... বৃন্দাবন বসাক, ঢাকা, প্রথম, ৶০, ২,০০০।

সোহং স্বামী ... বিবেক গাথা, নগেন্দ্র মোহন গাঙ্গুলি, ১৬৪, কালীঘাট রোড, ভবানীপুর, প্রথম, ।০, ১,০০০।

সুরেন্দ্রনাথ গোস্বামী ... পুষ্পাঞ্জলি, কে, পি, গোস্বামী, ২৮, মাণিকতলা ষ্ট্রীট, দ্বিতীয়, ॥০, ৫০০।

সূর্য্যকান্ত কাব্য-বেদান্তভূষণ ... কিরণ, গ্রন্থকার, নাটোর, রাজসাহী, প্রথম, ।০, ৩০০।

স্বর্ণময়ী দেবী ... নক্ষত্র, বি, এল, চক্রবর্ত্তী, ৮, ডিক্সন লেন, প্রথম, ৫০।

তারিণীপ্রসাদ জ্যোতিষী ... শক্তিমঙ্গল বা পাশ্চাত্য মহাযুদ্ধ, গ্রন্থকার, ৯২-৪, কর্পোরেশন ষ্ট্রীট, প্রথম, ।০, ৫০০।

উদয়চাঁদ রায় ... কবি জীবন, গ্রন্থকার, ৭০, কলুটোলা ষ্ট্রীট, প্রথম, ৶০, ৫০০।

আবদুল মন্নক্ (কাজি) ... নমাজ মাহাত্ম্য, সেখ আব্দুল খলিল কন্নজ, বর্দ্ধমান, ১ম সং, বিনামূল্যে, ৫০০।

আবদুল রসিদ মহম্মদ ... রুস্তম সোরাবের মহাযুদ্ধ, গ্রন্থকার, চট্টগ্রাম, ১ম, ।০, ১০০০।

অদ্বৈতচন্দ্র চক্রবর্ত্তী ... লীলা, গ্রন্থকার, ৩৬, কাঠের পুল, বলিয়া নগর, ঢাকা, ১ম সং, ／১০, ৫০০।

অক্ষয়কুমার ঘোষ ... কাকলী, গ্রন্থকার, নাড়াইল, ১ম সং, ॥০, ৫০০।

অশ্রুহার ... কালীদাস রায়, কড়াই, বর্দ্ধমান, ১ম সং, বিনামূল্যে, ৩০০০।

হরিশচন্দ্র মিত্র ... রামায়ণ মহাকাব্য, ১ম খণ্ড, নগেন্দ্র কুমার রায়, সিটি লাইব্রেরী, ঢাকা। ১ম, ১৲, ১২৫০।

হেমন্তবালা দত্ত ... মাধবী, মণীন্দ্রবিনোদ দত্ত, ছানহারা, ঢাকা, ১ম, ১৲, ৫০০।

হেমলতা দেবী ... নব পদ্মলতিকা, গোষ্ঠবিহারী কইড়া, চোরবাগান লেন, কলিকাতা, ১ম, ৶০, ১০০০।

হীরালাল চট্টোপাধ্যায় ... চোখের জল, দ্বারকানাথ মুখোপাধ্যায়, ১৯, বিডন রো, কলিকাতা, ১ম, বিনামূল্যে, ২০০০।

ঈশ্বরচন্দ্র ঘোষ ... বনকুল, গ্রন্থকার, বটিকামারি, যশোহর, ১ম, ॥৶০, ১০০০।

কালীপদ ঘোষ ... সে, গ্রন্থকার, ঐ, ১ম, ॥০, ১০০০।

কুমুদরঞ্জন মল্লিক ... বীথি, চিন্তাহরণ গুহ, ২৪, মিড্‌ল্ রোড, কলিকাতা, ১ম, ৸০, ৫০০।

মাফিজাল্লা মাষ্টার ... কুলজান কন্যার প্রসঙ্গ, গ্রন্থকার, কসমভাণ্ডি, চট্টগ্রাম, ২য়, ৵৹, ১০০০।

মাইকেল মধুসূদন দত্ত ... মেঘনাদবধ কাব্য, সারদাপ্রসাদ নাথ, ২৫।২৬, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা, ১ম, ৷৹, ২০০০।

" " ... ঐ, দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য ৬৫,কলেজ ষ্ট্রীট, ১ম, ৸৹, ১০০০।

" " ... ঐ, উপেন্দ্রনাথ রায়, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা, সচিত্র, ১ম, ৷৹, ২০০০।

মণীন্দ্রপ্রসাদ সর্ব্বাধিকারী ... মূরজ-মূরলী, মাণিকচন্দ্র ঘোষ, ১৪, মদন বড়াল লেন, কলিকাতা, ১ম, ৷৹, ২০০।

নরেন্দ্রনাথ পাল ... চন্দন, শীতলচন্দ্র ভট্টাচার্য্য, ১৪, রামতনু বসু লেন, কলিকাতা, ১ম, ৷৵৹, ৫০০।

নাটক

পঞ্চ রাত্র ... গুরুবান্ধব ভট্টাচার্য্য, ঢাকা, প্রথম, ।৹, ২৫০।

প্রভাতচন্দ্র রায় ... শ্বেত পদ্ম, প্রভাসচন্দ্র রায়, পাবনা, প্রথম, ১৲, ৫০০।

প্রমথনাথ রায় চৌধুরী ... হাম্বির, হরিদাস চ্যাটার্জ্জি ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, ১৲, ১০০০।

সুরেন্দ্রনাথ ব্যানার্জ্জি	...	শের শা, গ্রন্থকার, বাকুলিয়া, হুগলি। প্রথম, ১৲, ১০০০।
সুরেন্দ্রনারায়ণ রায়	...	রূপের ফাঁদ, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, ।০, ১০০০।
রাইচরণ সরকার	...	যোগবল, যামিনীমোহন রায় চৌধুরী, ৯, রাণি শঙ্করী লেন, কালীঘাট, প্রথম, ৷৷০, ১০০০।
অক্ষয়কুমার মিত্র	...	মরণে বরণ, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১, বেঙ্গল মেডিক্যাল লাইব্রেরী, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, ১ম, ৷৷০, ১০০০।
বঙ্কিমচন্দ্র দাসগুপ্ত	...	জহর যজ্ঞ, অহিন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ১৫, কলেজ স্কোয়ার, কলিকাতা, ১ম, ১৲, ১০০০।
দুর্লভবালা দেবী	...	কমলা হরণ, চন্দ্রভূষণ বন্দ্যোপাধ্যায়, ৩৬, কর্পোরেশন ষ্ট্রীট, কলিকাতা, ১ম, ।৵০, ৫০০।
দ্বিজেন্দ্রলাল রায়	...	চন্দ্রগুপ্ত, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৪র্থ, ১৲, ১০০০।
কালীপ্রসন্ন বিদ্যারত্ন	...	নিমাই সন্ন্যাস গীতাভিনয়, রামলাল শীল, ১৪০, চিৎপুর রোড, কলিকাতা ১ম, ২৲, ২০০০।

মহাতাপচন্দ্র সিংহ ... পারিজাত হরণ গীতাভিনয়, শরচ্চন্দ্র শীল, ১৩৬, অপার চিৎপুর রোড, কলিকাতা, ২য়, ,১০০০।

মৃণালচন্দ্র চ্যাটার্জ্জি ... মানে মানে, পূর্ণচন্দ্র কুণ্ডু, ৩১৭।১, আপার চিৎপুর রোড, কলিকাতা, ১ম, ।০, ১০০০।

নির্ম্মলশিব ব্যানার্জ্জি .. বীররাজা, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, ১ম, ৸০, ১০০০।

আবদুল গনি ... নজিবউদ্দৌলা, গ্রন্থকার, মালদহ, প্রথম, ।/০, ৫০০।

অঘোরনাথ কাব্যতীর্থ ... কুলের ঢেকী, হেমেন্দ্রকুমার শীল, ১১১, আপার চিৎপুর রোড, প্রথম, ।০, ১,০০০।

অম্বা ... প্রবোধচন্দ্র সরকার ৭৫-১-১, হ্যারিসন রোড, প্রথম, ১।০, ১,০০০।

আনন্দপ্রসাদ ঘোষাল ... অজামিলের বৈকুণ্ঠ লাভ, পাল ব্রাদার্স এণ্ড কোং, ৭, শিবকৃষ্ণ দা লেন, সচিত্র, ৪র্থ, ১৵০, ১,০০০।

অপরেশচন্দ্র মুখার্জ্জি ... আহুতি, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, ॥০, ১,০০০।

ভূপেন্দ্রনাথ ব্যানার্জ্জি ... সাইন অফ্ দি ক্রশ্, কানাইলাল মুখার্জ্জি, ১৭-১৮, রাধামাধব সাহা লেন, প্রথম ১৲, ১,০০০।

বিজয়রত্ন মজুমদার ... সংশোধন, বরদাকান্ত মজুমদার, ৬৫-১, বেচু চ্যাটার্জ্জি ষ্ট্রীট, প্রথম, ।০, ১,০০০।

দেবকণ্ঠ বাগচী ... হুলস্থুল, কেশবচন্দ্র ভঞ্জ চৌধুরী, ২০৩-২, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, ।০, ১,০০০।

দেবেন্দ্রনাথ চ্যাটার্জ্জি ... রাজা বৈদ্যনাথ, শ্রীকণ্ঠ চ্যাটার্জ্জি অমরাগড়, বর্দ্ধমান, প্রথম, ॥০, ১,০০০।

দ্বিজেন্দ্রলাল রায় ... পাষাণী, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, দ্বিতীয়, ৸০, ১,০০০।

গিরিশচন্দ্র ঘোষ ... ঝকমারি, অবিনাশচন্দ্র গাঙ্গুলি, ১৩, বসুপাড়া লেন, দ্বিতীয়, ।০, ১,০০০।

কেশবচন্দ্র ব্যানার্জ্জি ... সপ্তর্ষি সৃজন, এইচ, পি, দে, ৭, শিবকৃষ্ণ দা লেন, সচিত্র, ২য়, ১॥০, ২,০৫৬।

ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ ... বরুণা, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, ২য়, ॥০, ১,০০০।

নিতাইপদ চ্যাটার্জ্জি ... শ্মশানে মিলন, এইচ, পি, দে, ৭, শিবকৃষ্ণ দা লেন, সচিত্র, প্রথম, ১॥০, ১,০০০।

পঞ্চানন রায়চৌধুরী ... চারপেয়ে বাবু, রামলাল শীল, ১১০, চিৎপুর রোড, প্রথম, ।০, ২,০০০।

শৈলেন্দ্রনাথ ঘোষ ... কপিলের তেজ, গ্রন্থকার, ১৭, সাগর দত্ত লেন, প্রথম, ১৲, ১,০০০।

অতুলকৃষ্ণ মিত্র ... শিরীফরহাদ, গুরুদাস চট্টোপাধ্যায়, তৃতীয়, ॥০, ১০০০।

ভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ... গোঁসাইজী, গুরুদাস চট্টোপাধ্যায়, প্রথম, ।০, ১০০০।

৺দ্বিজেন্দ্রলাল রায় ... সাজাহান, গুরুদাস চট্টোপাধ্যায়, ষষ্ঠ, ১৲, ১০০০।

হরনাথ বসু ... ভক্তকবীর, দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য, ৬৫, কলেজ ষ্ট্রীট, প্রথম ১৲, ১০০০।

হরিপদ চট্টোপাধ্যায় ... পদ্মিনী, দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য, ৬৫, কলেজ ষ্ট্রীট, চতুর্থ ১৲, ১০০০।

কেশবচন্দ্র বন্দ্যোপাধ্যায় ... জড়ভরত, হরিপদ দে, ৭, শিবকৃষ্ণ দা লেন, প্রথম, ১।০, ১০৫৬।

ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ ... বাদসাজাদী, গুরুদাস চট্টোপাধ্যায়, প্রথম, ১৲, ১০০০।

কুমুদনাথ লাহিড়ী ... সাগরের ডাক, চিন্তাহরণ গুহ, ২৪, মিডল রোড, প্রথম, ।৶০, ১০০০।

মণিলাল বন্দ্যোপাধ্যায় ... মাধবরাও, অমরেন্দ্র দত্ত, ৩৪৭।১, আপার চিৎপুর রোড, প্রথম, ১৲, ১০০০।

মনোজমোহন বসু ... সোণায় সোহাগা, গুরুদাস চট্টোপাধ্যায়, প্রথম, ॥০, ১০০০।

নিবারণচন্দ্র দাস গুপ্ত ...	লেখা বা পত্র দলিল রচনা, হেমচন্দ্র সেন গুপ্ত, পটুয়াটুলী, ঢাকা, প্রথম, ।৵০, ৩,০০০।
মোজাম্মেল হক্‌ ...	পত্র দলিল লিখন শিক্ষা, সূর্য্য কুমার নাথ ও গণেশচন্দ্র নাথ, ২৯, ক্যানিং ষ্ট্রীট, ৮ম, ৵০, ২,০০০।
পূর্ণচন্দ্র ভট্টাচার্য্য ...	বস্তু বিষয়ক পাঠ, প্রথম ভাগ, উপেন্দ্র-চন্দ্র বসাক, ১৩, পটুয়াটুলী, ঢাকা, তৃতীয়, ।০, ২,০০০।
প্যারীমোহন বসু ...	বঙ্গদেশের প্রজাস্বত্ব ও স্বত্বের লিখন, সুরেন্দ্র মোহন বসু, উয়ারী, ঢাকা, ৭ম, ।/০, ৮,০০০।
রাধিকাচরণ গুহ ...	সরল পত্র দলিল শিক্ষা, যশোদা কুমার গুহ, নোয়াখালি, ২য়, ।/০, ২,০০০।
সলামতুল্লা আহমদ ...	কিণ্ডারগার্টেন-কর্ম্ম-সঙ্গীত, গ্রন্থকার, রঙ্গপুর, গাইবান্ধা, সচিত্র, ৫ম, ৵০, ২,২৫০।

সরল স্বাস্থ্যরক্ষা-প্রবেশিকা ... জ্ঞানেন্দ্রনাথ হালদার, ৬৩, কলেজ ষ্ট্রীট, প্রথম, সচিত্র, ৵১০, ২,০০০।

সত্যনারায়ণ ঘোষ ... স্বাস্থ্য সংরক্ষণ, কে, সি, ঘোষ, ১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, সচিত্র, দ্বিতীয়, ৵০, ২,০০০।

সত্যেন্দ্রকুমার দত্ত ... দেশিকছরৎ, গোপীমোহন দত্ত, ষ্টুডেণ্টস্ লাইব্রেরী, ঢাকা, সচিত্র, ৭ম, ।০, ৪,০০০।

শেখ আবদুল জাব্বর ... আদর্শ নূতন পত্র দলিল শিক্ষা, নগেন্দ্রকুমার রায়, ফরিদাবাদ, ঢাকা, ৫ম, ।৵০, ৩,২৫০।

শেখ ইব্রাহিম ... এবারত শিক্ষা, গ্রন্থকার, ময়মনসিংহ, প্রথম, ।০, ৫০০।

সুধাংশুমোহন মিত্র ... পত্র ও দলিল শিক্ষা প্রণালী, বেঙ্গল লাইব্রেরী, পটুয়াটুলী, ঢাকা, নূতন, ।৵০, ২,০০০।

বীরেন্দ্রকিশোর গুহ ... স্বাস্থ্যশিক্ষা, বেঙ্গল লাইব্রেরী, পটুয়াটুলী, ঢাকা, নূতন, ⁄০, ১,০০০।

আশুতোষ মিত্র ... জেঠামহাশয়, গ্রন্থকার, ২-১, কেদারনাথ বসু লেন, ভবানীপুর, দ্বিতীয়, ॥০, ২,০০০।

বামাচরণ মজুমদার ... বাঙ্গলার জমিদার, গ্রন্থকার, ২১-১, এণ্টনিবাগান লেন, প্রথম, ১৲, ২,০০০।

বিনয়কুমার সরকার ... শিক্ষাসমালোচনা, ব্রজেন্দ্রমোহন দত্ত, ৬৭, কলেজ ষ্ট্রীট, দ্বিতীয়,১৲,১,০০০।

ডব্লিউ. এল, কুর্ট্নে ও জে, এম, কেনেডি—ইউরোপের মহাসমর, সুরেশচন্দ্র সমাজপতি, অক্সফোর্ড ইউনিভার্শিটি প্রেস, বম্বে ও মান্দ্রাজ, প্রথম, ৸৵০, ৩,০০০।

গিরিশচন্দ্র চক্রবর্ত্তী ... গোধন, নবীনচন্দ্র গোপ, কিশোরিগঞ্জ, সচিত্র, প্রথম, ২৷৷০ ও ২৲, ২,০০০।

গুরুচরণ কইরী ... সংসার সঙ্গীত, গ্রন্থকার, চুঁচুড়া, প্রথম, ।০, ১,৫০০।

হারাণচন্দ্র রক্ষিত ... সাহিত্য সাধনা, বিপিনবিহারী রক্ষিত, মজিলপুব, ২৪ পরগণা, দ্বিতীয়, ১৲, ১,০০০।

হরপ্রসাদ শাস্ত্রী ... অষ্টম বঙ্গীয় সাহিত্য সম্মিলনের সভাপতির সম্বোধন, রাখালচন্দ্র মিত্র, ৯, কান্তপুকুর বাইলেন, কলিকাতা, ১ম, বিনামূল্যে, ১,০০০।

হরপ্রসাদ শাস্ত্রী ... অষ্টম বঙ্গীয় সাহিত্যশাখার সভাপতির সম্বোধন, রাখাল চন্দ্র মিত্র, ৯, কান্তপুকুর বাইলেন, কলিকাতা, ১ম, বিনামূল্যে, ১,০০০।

হরিদাস হালদার ... গোবর গণেশের গবেষণা, সীতাপতি ভট্টাচার্য্য, ৭৮।২, হ্যারিসন রোড, ১ম, ১৲, ১,০০০

যোতীন্দ্রমোহন সেন, হেমেন্দ্রনাথ দাস গুপ্ত ও হরিপদ সেন শাস্ত্রী— আবেদন, যোতীন্দ্রমোহন সেন, ২১৭, কর্ণওয়ালিস ষ্ট্রীট, ১ম, বিনা-মূল্যে, ৪,০০০।

জ্ঞানেন্দ্রলাল রায় ... প্রবন্ধ লহরী, তারেন্দ্রলাল রায়, কৃষ্ণনগর, ২য়, ৸০, ১,০০০।

কালীকৃষ্ণ ঘোষ ... অঞ্জন, অমূল্যকৃষ্ণ ঘোষ, ২৪।৩ বি, কলেজ ষ্ট্রীট, কলিকাতা, ১ম, ২৲, ১,০০০।

কালীপ্রসন্ন বিদ্যাসাগর ... প্রভাত চিন্তা, গোপীমোহন দত্ত, ঢাকা, একাদশ, ৸০, ১,০০০।

কামাখ্যা তন্ত্র ... শশীভূষণ পাল কর্ত্তৃক সংগৃহীত, অধরচন্দ্র চক্রবর্ত্তী, ১০৫, আপার চিৎপুর রোড, ৫ম, সচিত্র, ১৲, ৪,০০০।

কেশবচন্দ্র রাহা ... আদর্শ জমিদারী, গ্রন্থকার, হুগলি, ১ম, ২৲, ১,৫০০।

খাইরন নিসা খাতুন ... সতীর পতিভক্তি, মৌলুবি আসিরুদ্দিন আহম্মদ, নেত্রকণা, ময়মনসিং, ২য়, ।০, ১,০০০।

ক্ষত্রিয় শৌণ্ডিক ও ব্রাত্যক্ষত্র... এফ, মণ্ডল, মালিয়ারা, বাঁকুড়া, ১ম, ।০, ৫০০।

কুলদাপ্রসাদ মল্লিক ... পথের আলো, পূর্ণচন্দ্র দাস, ৬১, বৌ-বাজার ষ্ট্রীট, প্রথম, ৫০০।

কুমারনাথ মুখোপাধ্যায় ... শ্রীশ্রীনিত্যবৃন্দাবন ও মধুবন, যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৩০, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, দ্বিতীয়, ।৵০, ১,০০০।

লীলাবতী আদিত্য ... লীলার দপ্তর, দেবীপ্রসন্ন রায় চৌধুরী, ২১০।৫, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, প্রথম, ॥০, ৫০০।

মাখমলাল রায় চৌধুরী ... মৈত্রীর পথে, সুরেন্দ্রনাথ বসু, ৪।৩, কলেজ স্কোয়ার, কলিকাতা, প্রথম, ৵০, ১,০০০।

মেয়িক যে, পি (রেভ্) ... গো সেবা, গ্রন্থকার, বোলপুর, বীরভূম, প্রথম, ৵১৫।

মহম্মদ মেজেরুল্লা ... সমাজ চিত্র, গ্রন্থকার, পাবনা, প্রথম, ।০, ১,০০০।

মোহিনীমোহন বসু ... পরলোক তত্ত্ব, হৃষিকেশ চক্রবর্ত্তী, ৪১, হ্যারিসন রোড, প্রথম, ।০, ১,০০০।

মুকুন্দ দাস (দেওয়ান) ... সমাজ, গ্রন্থকার, ঢাকা, প্রথম, ।৴০, ২,০০০।

নসিরুদ্দিন অমাদ্ ... ইসলামী নামকরণ, গ্রন্থকার, সিকারপুর, রাজসাহী, প্রথম, ।৴০, ২,০০০।

নুর-অল-ঈমান সমাজ ... মির্জ্জা মহম্মদ ইয়াকুব আলি, মির্জ্জাবাগ ভিলা, রাজসাহী, প্রথম, ১,০০০।

পরলোকের পত্র ... অম্বিকাচরণ সেন গুপ্ত, ৬৩, বিডন ষ্ট্রীট, কলিকাতা, প্রথম, ১৲, ১,০০০।

রবীন্দ্র সাহিত্যে ভারতের বাণী—ব্রজেন্দ্রমোহন দত্ত, ৬৭, কলেজ ষ্ট্রীট, কলিকাতা, প্রথম, ॥৵০, ১,০০০।

রজনীকান্ত মজুমদার ... বগুড়া বঙ্গ দেশীয় কায়স্থসভার ত্রয়োদশ বার্ষিক অধিবেশন, এস্ জামিরুদ্দিন, বগুড়া, প্রথম, বিনামূল্যে, ৩০০।

রাজেন্দ্রনারায়ণ সিংহ (সরস্বতী সিন্ধু)—মহত্ত্ব, নলিনাক্ষ মিত্র, বৰ্দ্ধমান, প্রথম, বিনামূল্যে, ২৫০।

রাখালদাস মুখোপাধ্যায় ... বৰ্দ্ধমান, রাজবংশানুচরিত, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, ১।০, ১,০০০।

সচ্চিদানন্দ স্বামী ... ব্রহ্মচর্য্য রক্ষা, গ্রন্থকার, বেদান্ত মিসন, গৌহাটী, আসাম, প্রথম, ৶০, ১,০০০।

সাহিত্য-পরিষৎ পঞ্জিকা ও বঙ্গীয় কাৰ্য্য বিবরণী সাহিত্য-পরিষদের বিংশ সাংবৎসরিক—রামকমল সিংহ, ১৪৩।১, আপার সারকুলার রোড, কলিকাতা, প্রথম, ২,৫০০।

সারদানন্দ স্বামী ... ৺দেবীপূজার শুভাবসর, ১, মুখার্জ্জি লেন, প্রথম, ১,০০০।

সরযূবালা দাসগুপ্ত ... ত্রিবেণীসঙ্গম, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, ১॥০, ১,০০০।

শরৎচন্দ্র ব্যানার্জ্জি ... ব্রাহ্মণ বংশ বৃত্তান্ত, গিরিজানাথ রায়, নদীয়া, তৃতীয়, ১৲, ১,০০০।

শরৎচন্দ্র ধর ... সতীধর্ম্ম, শরৎচন্দ্র দত্ত এণ্ড সন্স, বাঙ্গালা বাজার, ঢাকা, দ্বিতীয়, ১৲, ২,০০০।

সেবা ... দেবকুমার রায় চৌধুরী, বরিশাল, প্রথম, ১৲, ১,০০০।

বঙ্গীয় হিতসাধন মণ্ডলীর উদ্বোধন সভার বক্তৃতাবলী—আবদুল লতিফ, ৬, কলেজ স্কোয়ার, প্রথম, ৶০, ২,০০০।

বসন্ত উৎসব ... পঞ্চম বর্ষ, রজনীকান্ত চৌধুরী, সুহৃদ পরিষদ, ময়মনসিংহ, প্রথম, ১,০০০।

স্বামী বিবেকানন্দ ... শিক্ষা, পূর্ণচন্দ্র মুখার্জ্জি, ১৬৬, বৌবাজার ষ্ট্রীট, প্রথম, ।০, ১,০০০।

নবীনচন্দ্র সেন ... প্রবাসের পত্র, গোষ্ঠবিহারী কয়ারি, ২৮, বাঞ্ছারাম অক্রুর লেন, সচিত্র, দ্বিতীয়, ১৲, ১,১০০।

দ্বিজেন্দ্রলাল রায় ... হাসির গান, গুরুদাস চট্টোপাধ্যায়, পঞ্চম, ॥০, ১,০০০।

দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য ... নিবিচার চন্দ্রিকা, প্রকাশক, ৬৫, কলেজ ষ্ট্রীট, প্রথম, ১৲, ১,০০৫।

অতুলচন্দ্র মুখার্জ্জি ... গয়া কাহিনী, মথুরানাথ সেন, ৬৪, কলেজ ষ্ট্রীট, প্রথম, সচিত্র, ২৲, ১,০২৫।

বল্লাল চরিতম্ ... রজনীকান্ত নাথ, শঙ্কর প্রেস, কুমিল্লা, প্রথম, ৵৹, ৫০০।

বঙ্কিমচন্দ্র চ্যাটার্জ্জি ... বঙ্কিম গ্রন্থাবলী, পঞ্চম খণ্ড, উপেন্দ্রনাথ মুখার্জ্জি, ১৬৬, বহুবাজার ষ্ট্রীট, প্রথম, ৪৲, ২,০০০।

বসন্তকুমার রায় ... সাহিত্য বিবৃতি, অবনীকুমার রায়, ৮, বাবুর বাজার, ঢাকা, চতুর্থ, ১৲, ১,০০০।

খগেন্দ্রনাথ চ্যাটার্জ্জি ... চাণক্যশ্লোক, সারদাপ্রসাদ নাথ, ২৫-২৬, ক্যানিং ষ্ট্রীট, প্রথম, ।৵৹, ২,০০০।

কৃষি সংগ্রহঃ ... নটবর চক্রবর্ত্তী, ৩৮-২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট, দ্বিতীয়, ১৲, ১,০০০।

কল্যাণময়ী চিন্তার উপকারিতা—অমৃতলাল রায়, ১২, পীতাম্বর ঘটক লেন, প্রথম, ॥৹, ১,০০০।

উপেন্দ্রনাথ মুখার্জ্জি ... হিন্দুজাতি ও শিক্ষা, (২য় ভাগ), শ্রীকালি ঘোষ, ৫৬, মির্জাপুর ষ্ট্রীট, ১ম, ১৲, ১,০০০।

বঙ্গীয় বৈশ্য বারুজীবি সভার ১৪শ বার্ষিক কার্য্য-বিবরণ—যোগেন্দ্রনাথ দে, যশোহর, ১ম, ৫০০।

জ্ঞানেন্দ্রচরণ ঘোষ ... প্রকৃতি পাঠ, মহম্মদ রেয়াজুদ্দিন আহম্মদ, ১৫৯, কড়েয়া রোড, ১ম, ॥/৹, ১,০০০।

রাজনারায়ণ দাস ... লিখন পত্র দলিল শিক্ষা, আশুতোষ ধর, ঢাকা, ত্রয়োবিংশ, ।৵৹, ৩,০০০।

উত্তর-বঙ্গ সাহিত্য-সম্মিলন। তৃতীয় অধিবেশন।

অভ্যর্থনা সমিতির সভাপতি

সভাপতি

যশোহর সাহিত্য-সম্মিলন

ভূদেব মুখার্জ্জি ... বিবিধ প্রবন্ধ, ১ম ভাগ, রাজকুমার সেন, চুঁচুড়া, দ্বিতীয়, ॥০, ৪০০।

হরিশচন্দ্র সান্ন্যাল ... ভীষ্ম, দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য, ৬৫, কলেজ ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ।৵০, ২,০০০।

যোগেন্দ্রনাথ গুপ্ত ... অর্জ্জুন, দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য, ৬৫, কলেজ ষ্ট্রীট, সচিত্র, প্রথম, ॥০, ২,১০০।

ললিতকুমার ব্যানার্জ্জি ... ককারের অহঙ্কার, বৈদ্যনাথ মুখার্জ্জি, ২৫-১, স্কট লেন, প্রথম, ।/০, ৫০০।

নগেন্দ্রকুমার গুহ রায় ... পঞ্চ ব্যঞ্জনের আত্ম কথা, অহিন্দ্রনাথ চ্যাটার্জ্জি, ১৫, কলেজ স্কোয়ার, প্রথম, ॥০, ১,০০০।

সত্যচরণ চক্রবর্ত্তী ... বেহুলা, বরেন্দ্রনাথ ঘোষ, ২০৪-২, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, সচিত্র, ।০, ১,০০০।

বাঙ্গলা ভাষা ... দ্বিতীয় ভাগ, বাঙ্গলা শব্দকোষ, চতুর্থ খণ্ড, রামকমল সিংহ, ২৪৩-১, আপার সার্কুলার রোড, প্রথম, ১৲, ১,০০০।

আশুতোষ ঘোষ ... সঙ্গীত ভাণ্ডার, গ্রন্থকার, নয়ানচাঁদ দত্ত ষ্ট্রীট, দ্বিতীয়, ৵০, ৪০০।

বরদাকান্ত মজুমদার ... সতী চিত্র, গ্রন্থকার, ৬৫-১, বেচু চ্যাটার্জ্জি ষ্ট্রীট, প্রথম, সচিত্র, ১।০, ১,০০০

ভারতে অর্থশাস্ত্র ... সুবোধচন্দ্র দে, ২৭-১, বিডন রো, প্রথম, ।০, ৫০০।

ভূদেব মুখার্জ্জি ... শিক্ষা বিধায়ক প্রস্তাব, রাজকুমার সেন, চুঁচুড়া, পঞ্চম, ১৲, ৫০০।

দামোদর মুখার্জ্জি ... দামোদর গ্রন্থাবলী, পঞ্চম ভাগ, উপেন্দ্রনাথ মুখার্জ্জি, ১৬৬, বৌবাজার ষ্ট্রীট, প্রথম, ১৲, ২,০০০।

দ্বিজেন্দ্রলাল রায় ... গান, গুরুদাস চ্যাটার্জ্জি, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, প্রথম, ২৲, ১,০০০।

জ্ঞানেন্দ্রমোহন দাস ... বঙ্গের বাহিরে বাঙ্গালী (উত্তর ভারত), অনাথনাথ মুখার্জ্জি, ৫০, বাগবাজার ষ্ট্রীট, প্রথম, সচিত্র, ৩৲, ২,১০০।

জ্ঞানেন্দ্রনাথ কুমার ... সদ্গোপ জাতির ইতিহাস, দ্বিতীয় খণ্ড, গ্রন্থকার, ৬৩, নিমতলা ষ্ট্রীট, প্রথম, ॥০, ৫০০।

যোগেন্দ্রলাল চৌধুরী ... আদর্শ জননী, দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য, ৬৫, কলেজ ষ্ট্রীট, প্রথম, ॥০, ১,০২৫।

ক্ষত্রিয় শৌণ্ডিক ও ব্রাত্যক্ষত্র—১ম ও ২য় ভাগ, এচ, মণ্ডল, মালিয়ারা, বাঁকুড়া, প্রথম, ।০, ৫০০।

ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ ... ক্ষীরোদ গ্রন্থাবলী, ৪র্থ খণ্ড, নীরদবরণ দাস, ৭০, কলুটোলা ষ্ট্রীট, প্রথম, ১॥০, ২,০০০।

কুমুদকান্ত বসু ... সমুদ্রযাত্রা, বরদাকান্ত পাল, ময়মনসিংহ, প্রথম, ।০, ৫০০।

মহম্মদ ইসমাইল	...	যুবকবন্ধু, প্রথমভাগ, গ্রন্থকার, দুর্গাবাড়ী, কুমিল্লা, প্রথম, ।০, ১,০০০।
মোক্ষদাপ্রসাদ রায় চৌধুরী	...	সদ্গোপ কুলীন-সংহিতা, গ্রন্থকার, ১৯, পাণ্ডে ঘাট, বেণারস, প্রথম, ।৵০, ৫০০।
নাস্তিক ও জাপানী যোগী	...	কালীপ্রসন্ন চ্যাটার্জ্জি, যশোহর, প্রথম, ১৲, ৬০০।
প্রিয়প্রসঙ্গ	...	তারাকুমার কবিরত্ন, ২৫, পটলডাঙ্গা ষ্ট্রীট, তৃতীয়, ॥৵০, ১,০০০।
পিয়ারীশঙ্কর দাসগুপ্ত	...	স্ত্রীশিক্ষা, নগেন্দ্রমোহন সেনগুপ্ত, ৬০, মির্জ্জাপুর ষ্ট্রীট, তৃতীয়, ॥০, ১,০০০।
রজনীকান্ত চ্যাটার্জ্জি	...	আলোচনা, প্রথম খণ্ড, গ্রন্থকার, রাম-পুরহাট, প্রথম, ।/০, ১,০০০।
রামপদ ব্যানার্জ্জি	...	আমার ডায়েরী, প্রথম ভাগ, হরিপদ ব্যানার্জ্জি, ১০০, আপার চিৎপুর রোড, প্রথম, ১।০, ১,০০০।
রেকর্ড সঙ্গীত	...	বসন্তকুমার পাল, ১৮২, ধর্ম্মতলা ষ্ট্রীট, নূতন, ৵০, ১,০০০।
সুরেন্দ্রমোহন ভক্তিবিনোদ	...	গঙ্গা, শ্যামলাল চক্রবর্ত্তী, ৯২, বৌবাজার ষ্ট্রীট, প্রথম, ॥৵০, ১,০০০।
উপেন্দ্রনাথ মুখার্জ্জি	...	হিন্দুজাতি ও শিক্ষা, প্রথম ভাগ, শ্রীকালি ঘোষ, ৬, মির্জ্জাপুর ষ্ট্রীট, প্রথম, ১৲, ১,০০০।

তৃতীয় অধ্যায়

বাঙ্গালা সাময়িক পত্রিকার তালিকা (১৩২২)

পত্রের নামের পরেই সম্পাদক, স্বত্বাধিকারী, ম্যানেজার বা প্রকাশকের নাম লিখিত হইয়াছে।

আনন্দবাজার পত্রিকা ও বিষ্ণুপ্রিয়া পত্রিকা—২, আনন্দ চ্যাটার্জ্জি লেন, বাগবাজার, কলিকাতা।

এডুকেশন গেজেট—স্বত্বাধিকারী বিশ্বনাথ ফণ্ড, চুঁচুড়া।

কাশীপুর নিবাসী—সম্পাদক শ্রীপ্রতাপচন্দ্র মুখোপাধ্যায়, বরিশাল।

খুলনাবাসী—শ্রীযতীন্দ্রনাথ বসু, খুলনা।

গৌড়দূত—শ্রীকৃষ্ণচন্দ্র আগরওয়ালা, মালদহ।

চব্বিশপরগণা-বার্ত্তাবহ—সম্পাদক শ্রীঅবনীকান্ত সেন সাহিত্য বিশারদ, ২৬, কাঁসারিপাড়া রোড, ভবানীপুর (কলিকাতা), অষ্টম বর্ষ।

চারুমিহির—শ্রীপ্রকাশচন্দ্র গুহ, ময়মনসিংহ।

চুঁচুড়া-বার্ত্তাবহ—শ্রীদীননাথ মুখোপাধ্যায়, চুঁচুড়া।

জঙ্গিপুর সংবাদ—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, রঘুনাথ গঞ্জ, (মুর্শিদাবাদ)।

জাগরণ—বাঘেরহাট (খুলনা)।

জ্যোতিঃ—শ্রীকালীশঙ্কর চক্রবর্ত্তী, চট্টগ্রাম।

ডায়মণ্ড হার্বার হিতৈষী—শ্রীমহেন্দ্রনাথ তত্ত্বনিধি, ডায়মণ্ড হার্বার, (২৪ পরগণা)।

ঢাকাপ্রকাশ—শ্রীমধুসূদন চৌধুরী, ২৯২, বাঙ্গলা বাজার, ঢাকা।

ত্রিপুরা হিতৈষী—শ্রীকমনীয়কুমার সিংহ, কুমিল্লা। ১৯ বর্ষ।

দর্শক—(সচিত্র)—শ্রীপ্রিয়নাথ দাস, ১৪৭, বারাণসী ঘোষ ষ্ট্রীট, কলিকাতা।

দৈনিক চন্দ্রিকা—শ্রীহরিদাস দত্ত, ১৪, মদন বড়াল লেন, কলিকাতা।

দৈনিক বসুমতী—শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ১৬৬, বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নায়ক (দৈনিক)—শ্রীপাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বিএ, ৫৬, সীতারাম ঘোষ ষ্ট্রীট, কলিকাতা।

নীহার—শ্রীমধুসূদন জানা, কাঁথি (মেদিনীপুর)।

পতাকা—শ্রীহরিচরণ দাস, ৩৫, পটল ডাঙ্গা ষ্ট্রীট, কলিকাতা।

পল্লীবার্ত্তা—শ্রীচারুচন্দ্র রায়, বনগ্রাম, যশোহর।

পল্লীবাসী—শ্রীশশীভূষণ বন্দ্যোপাধ্যায়, কালনা, বর্দ্ধমান।

পাবনা বগুড়া-হিতৈষী—শ্রীবসন্তকুমার ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ, পাবনা।

পুরুলিয়া দর্পণ—পুরুলিয়া।

প্রতিকার—শ্রীকামাখ্যাপ্রসাদ গঙ্গোপাধ্যায়, বহরমপুর, মুর্শিদাবাদ।

প্রবাহিনী (সচিত্র)—শ্রী এস্, সি, মিত্র, ১২, নারিকেল বাগান লেন, কলিকাতা।

প্রসূন—শ্রীজ্যোতিঃপ্রসাদ সিংহ, কাটোয়া, বর্দ্ধমান।

ফরিদপুর-হিতৈষিণী—শ্রীনিবারণচন্দ্র মজুমদার, ফরিদপুর।

বঙ্গবাসী—রায়সাহেব শ্রীবিহারীলাল সরকার, ৩৮-২, ভবানীচরণ দত্ত ষ্ট্রীট, কলিকাতা।

বরিশাল-হিতৈষী—শ্রীললিতমোহন সেনগুপ্ত, বরিশাল।

বর্দ্ধমান-সঞ্জীবনী—শ্রীপ্রবোধানন্দ সরকার এবং ভ্রাতৃগণ, বর্দ্ধমান।

বসুমতী—শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ১৬৬, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

বাঁকুড়া-দর্পণ—শ্রীরামনাথ মুখোপাধ্যায়, বাঁকুড়া।

বাঙ্গালী—শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ১৫৬, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

বার্ত্তাবহ—শ্রীগিরিজানাথ মুখোপাধ্যায়, রাণাঘাট, নদীয়া।

বিশ্বদূত—শ্রীসরোজেন্দ্র পালচৌধুরী, ৯৩, কালীকুণ্ডু লেন, হাওড়া।

বিশ্ববার্ত্তা—শ্রীবিরাজমোহন দে, ঢাকা। সম্পাদক শ্রীঅবিনাশচন্দ্র গুপ্ত এম্-এ, বি-এল্, পঞ্চম বর্ষ।

বীরভূমবার্ত্তা—শ্রীদেবেন্দ্রনাথ চক্রবর্ত্তী, সিউড়ী (বীরভূম)।

বীরভূমবাসী—শ্রীনীলরতন মুখোপাধ্যায়, রামপুরহাট (বীরভূম)।

মহম্মদী—৩৩, বেণেপুকুর রোড, কলিকাতা।

মানভূম—শ্রীকালীচরণ ত্রিবেদী, পুরুলিয়া।

মালদহ সমাচার—শ্রীরঙ্গলাল ঘোষ, ইংরেজবাজার, মালদহ।

মুর্শিদাবাদ হিতৈষী—শ্রীবেনোয়ারিলাল গোস্বামী, সৈদাবাদ, খাগড়া (মুর্শিদাবাদ)।

মেদিনীপুর হিতৈষী—শ্রীমন্মথনাথ নাগ, বক্সীবাজার, মেদিনীপুর।

মেদিনীবান্ধব—শ্রীগোসাঁইদাস করণ, কোতবাজার, মেদিনীপুর।

মোসলেম হিতৈষী—১৮, হ্যারিসন রোড, কলিকাতা।

যশোহর—শ্রী এ, এম্, চৌধুরী, যশোহর।

রঙ্গপুর দর্পণ—শ্রীশরচ্চন্দ্র মজুমদার, নবাবগঞ্জ, রঙ্গপুর।

রঙ্গপুর দিক্‌প্রকাশ—কাঁকিনা, রঙ্গপুর।

রত্নাকর—আসানসোল্ (বর্দ্ধমান)।

সঞ্জীবনী—শ্রীকৃষ্ণকুমার মিত্র বিএ, ৬, কলেজ স্কোয়ার, কলিকাতা।

সময়—শ্রীজ্ঞানেন্দ্রনাথ দাস এম্ এ, বিএল্, ৪, উইলিয়ম লেন, কলিকাতা।

সুরমা—শ্রী বি, এম্, ভট্টাচার্য্য, শিলচর (আসাম)।

স্বরাজ—প্রতিষ্ঠাতা ৺ কিশোরীমোহন রায়, শ্রীমন্মথনাথ মজুমদার, পাবনা।

সুহৃদ্—শ্রীরামচরণ পাল বিদ্যানিধি, পিরোজপুর (বরিশাল)।

হিতবাদী—পণ্ডিত শ্রীচন্দ্রোদয় বিদ্যাবিনোদ, ৭০ কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

হিন্দুরঞ্জিকা—বোয়ালিয়া (রাজসাহী)।

অন্তঃপুর (১৩০৪)—মহিলা পরিচালিত, সম্পাদিকা—শ্রীমতী বিরাজ-মোহিনী রায়, মূল্য ২৲, ১৫, মাণিকতলা মেন রোড, কলিকাতা, প্রতি সংখ্যা ৵০।

অবসর (১৩১১)—সচিত্র, সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র ঘোষ, ৩৪, কালীপ্রসাদ দত্তের ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ৶১০, ২,২৫০।

অর্ঘ্য—সম্পাদক শ্রীঅমূল্যচরণ সেন, ৩, ভৈরব বিশ্বাস লেন, কলিকাতা।

অর্চ্চনা—সম্পাদক শ্রীকেশবচন্দ্র গুপ্ত এম্ এ, বি এল, মূল্য ১।০, ১৮, পার্ব্বতীচরণ ঘোষ লেন, কলিকাতা।

অলৌকিক রহস্য (১৩১৬)—সম্পাদক শ্রীক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্এ, ৫৬।১, কলেজ ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ৵০, ১,০০০।

আনন্দ (১৩২১)—বৈষ্ণব ধর্ম্ম বিষয়ক, সম্পাদক শ্রীমহেশচন্দ্র ভট্টাচার্য্য, সান্যুয়াই (ময়মনসিংহ)।

আনন্দ সঙ্গীত পত্রিকা (১৩২০)—স্বরলিপি সম্বলিত সঙ্গীত বিষয়ক পত্রিকা, সম্পাদক শ্রীমতী প্রতিভা ও ইন্দিরা দেবী, ৫৫, আপার চিৎপুর রোড, কলিকাতা, ৪০০, প্রতি সংখ্যা ।০।

আয়ুর্ব্বেদ বিকাশ (১৩২০)—সম্পাদক শ্রীসুধাংশুভূষণ সেন, পটুয়াটুলি, ঢাকা।

আর্য্যকায়স্থ প্রতিভা (১৩১৫)—সম্পাদক শ্রীকালীপ্রসন্ন সরকার বি এ, ফরিদপুর।

আলোচনা (১৩০৪)—সম্পাদক শ্রীযোগীনাথ চট্টোপাধ্যায় ও শ্রীগোবিন্দ-লাল দত্ত, মূল্য সমর্থপক্ষে ৩৲, অসমর্থ পক্ষে ১॥০, ১০৮, পঞ্চানন তলা রোড, হাওড়া, ৫০০।

ইউনাইটেড ট্রেড গেজেট (১৩১৫)—সম্পাদক নারায়ণকৃষ্ণ গোস্বামী, ৪৬, নিমুগোস্বামীর লেন, প্রতি সংখ্যা /০, ৫,০০০।

উৎসব (১৩১৩)—সম্পাদক শ্রীরামদয়াল মজুমদার এম্ এ, ১৬২, বহু-
বাজার ষ্ট্রীট, কলিকাতা।

উপাসনা (১৩১১)—সচিত্র, সম্পাদক শ্রীরাধাকমল মুখোপাধ্যায় এম্ এ,
কাশিমবাজার, রাজবাটি, মূল্য ২।৵০, ১,০০০।

কল্যাণী (১৩০৮)—সম্পাদক শ্রীবিশ্বেশ্বর মুখোপাধ্যায়, মাগুরা, যশোহর।

কাজের লোক (১৩১৪)—সম্পাদক শ্রীস, প, চট্টোপাধ্যায়, ১৭, অক্রুর দত্ত
লেন, কলিকাতা, মূল্য ২॥০, প্রতি সংখ্যা।০ আনা, ১,০০০।

কায়স্থ পত্রিকা (১৩০৯)—বঙ্গদেশীয় কায়স্থ সভাকর্ত্তৃক, ৮৩, গ্রে ষ্ট্রীট,
কলিকাতা, মূল্য ২৲, ৪৬, গ্রে ষ্ট্রীট, কলিকাতা, ১,১০০।

কুশদহ—সম্পাদক শ্রীযোগেন্দ্রনাথ কুণ্ডু, বার্ষিক মূল্য ১৲, ২৮।১, সুকিয়া
ষ্ট্রীট, কলিকাতা।

কৃষক (১৩০৮)—সচিত্র, সম্পাদক শ্রীনিকুঞ্জবিহারী দত্ত, মূল্য ২৲, ১৬২,
বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ৶০, ৭৫০।

কৃষি সম্বাদ—শ্রীবিরাজমোহন দে। ঢাকা।

কৃষি সংবাদ—সম্পাদক শ্রীপ্রভাসচন্দ্র ঘোষ, ১৭৯, মাণিকতলা ষ্ট্রীট,
কলিকাতা।

ক্ষত্রিয় বান্ধব (১৩২২)—সম্পাদক শ্রীনাগেশ্বরপ্রসাদ সিংহ, কেঁচকাপুর,
(মেদিনীপুর)'

গম্ভীরা (১৩২১)—দ্বৈমাসিক, স্বত্বাধিকারী শ্রীকৃষ্ণচরণ সরকার, কলিগ্রাম,
(মালদহ), ১৲, ৫০০।

গল্প লহরী (১৩২০)—সম্পাদক শ্রীজ্ঞানেনাথ বসু, 'বার্ষিক মূল্য ২॥০ টাকা,
২৯, দুর্গাচরণ মিত্র ষ্ট্রীট, কলিকাতা, সচিত্র।

গৃহস্থ (১৩১৭)—স্বত্বাধিকারী শ্রীরামরাখাল ঘোষ, মূল্য ২৲ টাকা, ২৪,
মিডিল রোড, ইটালি, কলিকাতা।

চিকিৎসা তত্ত্ববিজ্ঞান (১৩১৯)—আয়ুর্ব্বেদ ও পাশ্চাত্য চিকিৎসা সম্বন্ধীয়, সম্পাদক শ্রীযুক্ত ডি মিত্র ও কবিরাজ শ্রীবিনোদলাল দাসগুপ্ত, মূল্য ২৲, ২৬, গ্রে ষ্ট্রীট, কলিকাতা, ৫০০।

চিকিৎসা প্রকাশ (১৩১৫)—এলোঃ ও হোমিওঃ, সম্পাদক ডাঃ শ্রীধীরেন্দ্রনাথ হালদার, আন্দুল বেড়িয়া, (নদীয়া), প্রতি সংখ্যা ।৵০, ১,২০০।

চিকিৎসা সম্মিলনী (১৩২০)—সম্পাদক কবিরাজ শ্রীপরেশনাথ কবিভূষণ, ২০০, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

জগজ্জ্যোতিঃ (১৩১৫)—বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার মুখপত্র, সম্পাদক শ্রীগুণালঙ্কার মহাস্থবির, মূল্য ২৲, ১, বুদ্ধিষ্ট টেম্পল লেন, বহুবাজার, কলিকাতা, ৭৫০।

জন্মভূমি (১২৯৭)—সম্পাদক শ্রীযতীন্দ্রনাথ দত্ত, ৩৯, মাণিক বসু ঘাট ষ্ট্রীট, কলিকাতা, মূল্য ১৷০।

জাহ্নবী (১৩১১) সচিত্র—সম্পাদক শ্রীসুধাকৃষ্ণ বাগ্‌চি বিএ, বাগনান, (হাওড়া), ৫০০।

ঝঙ্কার (১৩২২)—সম্পাদক শ্রীফণীন্দ্রনাথ পাল ও শ্রীসত্যচরণ চক্রবর্ত্তী, মূল্য ২।৵০, ৬৫।১, বেচু চ্যাটার্জ্জি ষ্ট্রীট, কলিকাতা, সচিত্র, ১২৫০।

ঢাকা রিভিউ ও সম্মিলনী—সম্পাদক শ্রীসত্যেন্দ্রনাথ ভদ্র এম্ এ, ও শ্রীবিধুভূষণ গোস্বামী, এম্‌এ, পূর্ব্ববঙ্গ সাহিত্যসমাজ কর্ত্তৃক প্রকাশিত, দ্বৈভাষিক (ইংরেজী ও বাঙ্গলা)।

তত্ত্ববোধিনী পত্রিকা (১২৫০)—সম্পাদক শ্রীসত্যেন্দ্রনাথ ঠাকুর ও শ্রীক্ষিতীন্দ্রনাথ ঠাকুর বিএ তত্ত্বনিধি, ৫৫, আপার চিৎপুর রোড, কলিকাতা, প্রতি সংখ্যা ।০, ৪০০।

তত্ত্বমঞ্জরী (১৩০৪)—সম্পাদক শ্রীস্বামী যোগবিনোদ, মূল্য ১৲, ৬, ভীম ঘোষ লেন, কলিকাতা, প্রতি সংখ্যা ৵০, ৯০০।

তপোবল (১৩২১)—সম্পাদক শ্রীশ্যামাচরণ সরকার, মূল্য ২।৶০, প্রতি সংখ্যা।০, ১৯১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা, ২৫০।

তাম্বুলি পত্রিকা (১৩২১)—সম্পাদক শ্রীযোগেন্দ্রনাথ সিংহ বিএল্ ও শ্রীরাজেন্দ্রনাথ সোম বিএ, মূল্য ১৲, ৪৪, তেলকল ঘাট রোড, হাওড়া।

তাম্বুলিসমাজ (১৩০৯)—সম্পাদক শ্রীরাজকৃষ্ণ পাল, শ্রীযোগেন্দ্রনাথ সিংহ ও শ্রীরাজেন্দ্রনাথ সোম, মূল্য ১৲, ২৪, গোলোক দত্ত লেন, কলিকাতা, ৪০০।

তিলিবান্ধব (১৩১৬)—সম্পাদক শ্রীবহির্দাস পাল, ১, ব্যাঁটরা রোড, কদমতলা, হাওড়া, ১৲, ৩,০০০।

তোষিণী (১৩১৭)—সম্পাদক শ্রীঅনুকূলচন্দ্র শাস্ত্রী, কবিরাজ লেন, ঢাকা।

দেবালয় (১৩১৬)—সম্পাদক শ্রীসতীন্দ্রনাথ রায় চৌধুরী এম্এ, বিএল, দেবালয়ের মুখপত্র, ২১০।৩।২, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ধন্বন্তরী (১৩২২)—সম্পাদক শ্রীপূর্ণচন্দ্র গুপ্ত, ২১৭, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ৵০, ১,০০০।

ধর্ম্মতত্ত্ব (পাক্ষিক্)—পম্পাদক শ্রী কে, পি, নাথ, ৩, রমানাথ মজুমদার ষ্ট্রীট, কলিকাতা।

নন্দিনী—সম্পাদক শ্রীআশুতোষ দাশগুপ্ত মহলানবীশ, ৪, তেলকলঘাট রোড, হাওড়া।

নববঙ্গ—সম্পাদক শ্রীহরেন্দ্রকুমার রায়, চাঁদপুর।

নব্যভারত (১২৯০)—সম্পাদক শ্রীদেবীপ্রসন্ন রায় চৌধুরী, ২১০।৪, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ॥০, ২,২৫০।

নাট্যমন্দির (১৩১৭) সচিত্র—সম্পাদক শ্রীমণিলাল বন্দ্যোপাধ্যায়, ৩৪৭।১, আপার চিৎপুর, কলিকাতা, (রঙ্গমঞ্চ সংক্রান্ত একমাত্র পত্রিকা), প্রতি সংখ্যা।/০, ১,০০০।

নারায়ণ (১৩২১)—সম্পাদক শ্রীচিত্তরঞ্জন দাশ, ব্যারিষ্টার, মূল্য ৩।৵০, ২০৮।২ ডি, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ।৵০, ২,০০০।

নৈবেদ্য (১৩২২)—সম্পাদক শ্রীপ্রকাশচন্দ্র প্রধান বিএ, মূল্য ২৲, ৭৪, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

নোয়াখালি—কার্য্যাধ্যক্ষ শ্রীমহেন্দ্রকুমার ঘোষ, ৯৬, হ্যারিসন রোড, কলিকাতা।

পতাকা—জে, ভি, রঃ, বরিশাল, ৫০০।

পন্থা (নব পর্য্যায়, ১৩১৯) সচিত্র—সম্পাদক শ্রীরাজেন্দ্রলাল মুখোপাধ্যায় এম্‌এ, বিএল্‌ ও শ্রীঅর্দ্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায়, মূল্য ১৲, ১৩, ব্রজনাথ মিত্র লেন, কলিকাতা, ১,০০০।

প্রকৃতি (১৩১৫)—শিশুপাঠ্য, সম্পাদক শ্রী ডি, এন্‌, সেন, ৮০।৩, হ্যারিসন রোড, কলিকাতা।

প্রজাপতি (১৩১৬) বিবাহের পাত্রপাত্রী বিষয়ক একমাত্র পত্র—সম্পাদক শ্রীজ্ঞানেন্দ্রনাথ কুমার, ৬৩, নিমতলা ঘাট ষ্ট্রীট, কলিকাতা, ২৲, ১,২৫০।

প্রতিজ্ঞা—সম্পাদক শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ১১৪, হাজরা রোড, কালীঘাট, কলিকাতা।

প্রতিভা—সম্পাদক শ্রীঅবিনাশচন্দ্র মজুমদার এম্‌এ, ঢাকা সাহিত্য-পরিষদ কর্ত্তৃক প্রকাশিত, ২৲, ৫৫০।

প্রবাসী,—সচিত্র—সম্পাদক শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম্‌এ, ২১০।৩।১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, ৩।৵০, প্রতি সংখ্যা ।০, ৬,০০০।

প্রীতি (১৩১৯) সচিত্র—সম্পাদক শ্রীপ্রাণশঙ্কর সেন এম্‌এ, বিএল্‌, ৩৪, মেছুয়াবাজার, ১।০, ৩০০।

প্রীতিবার্ত্তা—দ্বৈমাসিক, বৈষ্ণবধর্ম্ম বিষয়ক—সম্পাদক শ্রীকালিদাস পাল, কুমিল্লা, মূল্য ১৲।

বঙ্গমহিলা (১৩২২)—সম্পাদক শ্রীঅভিলাষচন্দ্র সার্ব্বভৌম, ঘোড়ামারা, রাজসাহী।

বসুধা (১৩০৮) সচিত্র—সম্পাদক শ্রীবঙ্কুবিহারী ধর, মূল্য ১৲, ২২, ফকিরচাঁদ চক্রবর্ত্তী লেন, কলিকাতা, ৪০০।

বামাবোধিনী পত্রিকা (১২৭০)—সম্পাদক শ্রীসুকুমার দত্ত, ৩৯, আণ্টনি বাগান লেন, কলিকাতা, প্রতি সংখ্যা ।০, ৬৫০।

বালক (১৯১২)—সম্পাদক রেভাঃ জে, এম্ বি ডান্‌কান্ এম্-এ, বি-ডি, শিশুপাঠ্য, মূল্য ॥৵০, ২৩, চৌরঙ্গী, কলিকাতা।

বাঁশরী (১৩২২) সচিত্র—শ্রীতপনকুমার দাস, শ্রীসন্তোষকুমার মুখোপাধ্যায় ও শ্রীহরেন্দ্রকৃষ্ণ মিত্র, ১০, শ্রীনাথদাসের গলি, বহুবাজার, কলিকাতা, মূল্য ১॥০, ১,০১৫।

বিক্রমপুর (১৩২০)—সম্পাদক শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত, মূল্য ২।৵০, মহীরাম কোল, ময়মনসিংহ।

বিজয়া (১৩১৯) সচিত্র—সম্পাদক শ্রীমনোরঞ্জন গুহ ঠাকুরতা, ২০, পটুয়াটোলা লেন, কলিকাতা, প্রতি সংখ্যা ।৵০, ১,২০০।

বিজ্ঞান (১৯১২) সচিত্র—সম্পাদক ডাঃ শ্রীঅমৃতলাল সরকার এফ্, সি, এস্, বিজ্ঞান বিষয়ক একমাত্র পত্রিকা, ৫১, শাঁকারিটোলা লেন, কলিকাতা, প্রতি সংখ্যা ।০, ২৲, ৩০০।

বীরভূমি (১৩০৬) সচিত্র—সম্পাদক শ্রীকুলদাপ্রসাদ মল্লিক বিএ ভাগবতরত্ন, ১৫, গুরুপ্রসাদ চৌধুরী লেন, কলিকাতা, প্রতি সংখ্যা ৵০, ১,০০০।

বৈদ্য-সঞ্জীবনী—শ্রীভূপেন্দ্রনাথ সেন, ৬৯, বারাণসী ঘোষ ষ্ট্রীট, কলিকাতা।

বৈশ্যপত্রিকা (১৩১৭)—সম্পাদক শ্রীযোগেন্দ্রনাথ দে, যশোহর, ১৲, প্রতি-সংখ্যা ৵০, ১,০০০।

বৈষ্ণব-সঙ্গিনী বা ভক্তিপ্রভা (১৩১২)—সম্পাদক শ্রীমধুসূদন দাস অধিকারী, মূল্য ১৲, পশ্চিম পাড়া, এলাটি, হুগলী।

বৌদ্ধবন্ধু—শ্রমণ পূর্ণানন্দ, ৪৬।৭, হ্যারিসন রোড, কলিকাতা।

ব্যবসা ও বাণিজ্য (১৩১৯)—সম্পাদক শ্রীশচীন্দ্রপ্রসাদ বসু বিএ, মূল্য ৩।৴০, ২৯, কলেজ ষ্ট্রীট, কলিকাতা, ১,০০০।

ব্রহ্মবাদী (১৩০৭)—সম্পাদক শ্রীমনোমোহন চক্রবর্ত্তী, বরিশাল।

ব্রহ্মবিদ্যা (১৩১৯)—সম্পাদক মাননীয় রায় শ্রীযুক্ত পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাদুর এম্-এ, বি-এল্ ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্-এ, বি-এল্, ৪।৩-এ, কলেজ স্কোয়ার, কলিকাতা, মূল্য ২॥০ টাকা।

ব্রাহ্মণ সমাজ (১৩১৯)—বঙ্গদেশীয় ব্রাহ্মণসভা কর্ত্তৃক প্রকাশিত, ৬২, আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

ভক্তি (১৩০৯)—সম্পাদক শ্রীদীনেশচন্দ্র ভট্টাচার্য্য, মূল্য ১৲, কোঁয়ার বাগান, হাওড়া ৬০০।

ভারতবর্ষ (১৩২০) সচিত্র—সম্পাদক শ্রীজলধর সেন, মূল্য ৬৲, প্রতি সংখ্যা ॥০, ২০১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, ৫,০০০।

ভারতমহিলা (১৩১২) সচিত্র—সম্পাদক শ্রীমতী সরযূবালা দত্ত, ওয়ারি, ঢাকা, প্রতি সংখ্যা ।০, ৬০০।

ভারতী (১২৮৪)—সম্পাদক শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় বি-এল্ ও শ্রীমণিলাল গাঙ্গুলি, মূল্য ৩।৴০, প্রতি সংখ্যা ।০, ২২, সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা, ২৫০।

ভিষক্ দর্পণ—সম্পাদক রায় সাহেব ডাঃ শ্রীগিরিশচন্দ্র বাগ্‌চি, মূল্য ৬৲, ২৫, রায়বাগান ষ্ট্রীট, কলিকাতা।

মন্দারমালা (১৩২১) বৈদ্যজাতীয় পত্রিকা—সম্পাদক শ্রীউমেশচন্দ্র বিদ্যারত্ন, ৬, সিমলা ষ্ট্রীট, কলিকাতা।

মহিলা (১৩০২)—প্রকাশক কে, পি, নাথ, ৩, রমানাথ মজুমদার ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ৵০, ৩০০।

মহিলা-বান্ধব (১২৯১)—কে, এ, ব্লেয়ার, ৪১, লোয়ার সাকুলার রোড, প্রতি সংখ্যা ⁄০, ১,০০০।

মানসী ও মর্ম্মবাণী (১৩১৫)—সম্পাদক মাননীয় মহারাজ শ্রীজগদিন্দ্রনাথ রায় ও শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায় বিএ, বার-এট-ল, মূল্য ৪৲, সমবায় বিল্ডিং, ৫ নং ফ্লাট, কলিকাতা।

মালঞ্চ (১৩২১)—সচিত্র, সম্পাদক শ্রীকালীপ্রসন্ন দাসগুপ্ত এম্ এ, সাহিত্য প্রচার কোম্পানী কর্ত্তৃক ২৪, ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা হইতে প্রকাশিত, মূল্য ৩৲, প্রতি সংখ্যা ।০, ১,৫০০।

মাহিষ্য মহিলা (১৩১৮)—সম্পাদক শ্রীমতী কৃষ্ণভামিনী বিশ্বাস, উদয়পুর, নদীয়া।

মাহিষ্য সমাজ (১৩১৮)—সম্পাদক শ্রীসেবানন্দ ভারতী, ৩৮, পুলিশ হাঁসপাতাল রোড, ইটালি, কলিকাতা, প্রতি সংখ্যা ।০, ১,০০০।

মুকুল (১৩০২)—শিশুপাঠ্য—প্রকাশক শ্রীঅবিনাশচন্দ্র সরকার, মূল্য ১৷৷০, ২১১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা ।০, ৬০০।

যমুনা (১৩১০)—সম্পাদক শ্রীফণীন্দ্রনাথ পাল বি এ, মূল্য ২৲, ৫১, কর্ণ-ওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

যুবক (১৩০৫)—সম্পাদক শ্রীযোগানন্দ প্রামাণিক ভারতী, শান্তিপুর, (নদীয়া)।

যোগবল (১৩২২)—সম্পাদক শ্রীঅমৃতলাল গুপ্ত কবিভূষণ, ১৭, কাশীনাথ দত্ত ষ্ট্রীট, কলিকাতা।

যোগি সম্মিলনী পত্রিকা (১৩১৮)—সম্পাদক শ্রীরাধাগোবিন্দনাথ এম্ এ, কুমিল্লা।

রঙ্গপুর সাহিত্য পরিষৎ পত্রিকা (১৩১৩)—রঙ্গপুর সাহিত্য পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত, ত্রৈমাসিক।

শাশ্বতী (১৩২০)—সম্পাদক শ্রীনিখিলনাথ রায় বি এল্, মূল্য ২৲, এথোরা ভায়া, সীতারামপুর (বর্দ্ধমান), প্রতি সংখ্যা।০, ৫০০।

শিক্ষা ও স্বাস্থ্য (১৩২০)—সম্পাদক শ্রীঅতুলচন্দ্র সেন এম্ এ, বি এল্, মূল্য ১৲, ১৫৫।৪, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শিক্ষা সমাচার—প্রকাশক শ্রীবিরাজমোহন দে, কবিরাজ লেন, ঢাকা।

শিশু (১৩১৯)—সচিত্র, সম্পাদক শ্রীবরদাকান্ত মজুমদার, ৬৭।১, বেচু চ্যাটার্জ্জি ষ্ট্রীট, ১৲, ৮,০০০।

শ্রীনিত্যানন্দ সেবক (১৩২০)—পৌণ্ড্র জাতীয় পত্র, শ্রীপূর্ণচন্দ্র রায়, সন্ন্যাসী-ডাঙ্গা, কাশিমবাজার (মুর্শিদাবাদ)।

শ্রীভূমি (১৩২২)—মূল্য ২।৵০, করিমগঞ্জ, শ্রীহট্ট।

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য তত্ত্ব প্রচারক (১৩২১)—সম্পাদক ডাঃ শ্রীযুক্ত প্রিয়নাথ নন্দী, বিনামূল্যে বিতরিত, ১১ আপার সার্কুলার রোড, কলিকাতা।

শ্রীশ্রীগৌরাঙ্গ সেবক (১৩১৭)—সম্পাদক শ্রীললিতমোহন বন্দ্যোপাধ্যায়, কাশিমবাজার, মুর্শিদাবাদ, মূল্য ২৲।

শ্রীশ্রীনিত্যধর্ম্ম (১৩২০)—সম্পাদক শ্রীসত্যনাথ বিশ্বাস ও শ্রীউপেন্দ্রনাথ নাগ এল এম্ এস্, মহানির্ব্বাণ মঠ, কালীঘাট, কলিকাতা।

সজ্জনতোষিণী (১৮৯৮) বৈষ্ণবধর্ম্ম-বিষয়িণী পত্রিকা—সম্পাদক পণ্ডিত শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্ত সরস্বতী, মায়াপুর (নদীয়া), মূল্য ১৲।

সন্দেশ (১৩২০) সচিত্র, শিশুপাঠ্য—শ্রীসুকুমার রায় বি এস্ সি, মূল্য ১॥০, ১০০, গড়পার রোড, কলিকাতা, নগদ মূল্য ৵০, ৩,০০০।

সবুজপত্র (১৩২১)—সম্পাদক শ্রীপ্রমথ চৌধুরী এম্‌এ, বার্-এট্-ল, মূল্য ২।৵০, ৩, হেষ্টিংস্ ষ্ট্রীট, কলিকাতা, প্রতি সংখ্যা।০, ১,০০০।

সমাজবন্ধু (১৩১৬) মাহিষ্যজাতীয়—সম্পাদক শ্রীঅধরচন্দ্র দাস, মূল্য ২৲ টাকা, ১২, চোরবাগান লেন, কলিকাতা।

সম্মিলনী (১৩১৭) সচিত্র—সম্পাদক শ্রীসত্যেন্দ্রনাথ ভদ্র, ঢাকা, ২৷৶০, ১,০০০।

সম্মিলনী (১৩১৪)—সম্পাদক এন্, জে, বসু এম্এ, ৫৮, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, ১৲, ৩০০।

সংশোধিনী — শ্রীকাশীচন্দ্র গুপ্ত, চন্দনপুরা, চট্টগ্রাম।

সাহিত্য (১২৯৭)—সম্পাদক শ্রীসুরেশচন্দ্র সমাজপতি, মূল্য ৩৲, ২৷১, রামধন মিত্র লেন, কলিকাতা।

সাহিত্যপরিষৎ-পত্রিকা (১৩০১) সচিত্র—বঙ্গীয় সাহিত্যপরিষৎ কর্ত্তৃক প্রকাশিত, ত্রৈমাসিক পত্রিকা, মূল্য ৩৷৶০, ২৪৩৷১, আপার সার্কুলার রোড, কলিকাতা, প্রতি সংখ্যা ৸০, ২,৭৫০।

সাহিত্য সংবাদ—সচিত্র (১৩১৮)—সম্পাদক শ্রীধীরেন্দ্রনাথ লাহিড়ী, মূল্য ২৲, হাওড়া, প্রতি সংখ্যা।০, ১,৩০০।

সাহিত্য-সংহিতা (নব পর্য্যায়, ১৩১৯)—সাহিত্য সভা কর্ত্তৃক প্রকাশিত, ১০৬৷১, গ্রে ষ্ট্রীট, কলিকাতা, ২৲, প্রতি সংখ্যা।০, ৫০০।

সুপ্রভাত—সচিত্র (১৩১৪)—সম্পাদক শ্রীমতী কুমুদিনী বসু সরস্বতী, মূল্য ২৷৶০, ৬, কলেজ স্কোয়ার, কলিকাতা, ৫০০।

সুমতি—স্বত্বাধিকারী শ্রীপূর্ণচন্দ্র ঘোষ, ২৬, বেচারামের দেউড়ি, ঢাকা।

সুরভি (১৩১৯)—সম্পাদক শ্রীপ্রমথনানাথ বন্দ্যোপাধ্যায়, কাঁথি, (মেদিনীপুর)।

সেবক (১৩০৪)—সম্পাদক শ্রীহেমেন্দ্রনাথ দত্ত, ঢাকা, প্রতি সংখ্যা ৶০, ৩০০।

সোপান—সচিত্র (১৩১৭)—সম্পাদক শ্রীহেমেন্দ্রনাথ দত্ত, ঢাকা, প্রতি সংখ্যা।০, ৬০০।

উত্তর-বঙ্গ সাহিত্য-সম্মিলন

পাবনা সম্মিলনের অভ্যর্থনা সমিতির সভাপতি
দিনাজপুর সম্মিলনেব সভাপতি

মান্যবর বিচারপতি শ্রীযুক্ত [illegible]

পাবনা সম্মিলনেব সভাপতি

সৌরভ—সম্পাদক শ্রীকেদারনাথ মজুমদার, ময়মনসিংহ।

স্বাস্থ্য-সমাচার (১৩১৯)—সম্পাদক শ্রীকার্ত্তিকচন্দ্র বসু এম্ বি, মূল্য ১৲, ৪৫, আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা, ৩,০০০।

হিন্দু-পত্রিকা (১৩০১)—সম্পাদক রায় শ্রীযদুনাথ মজুমদার বাহাদুর বেদান্ত বাচস্পতি এম্-এ, বি-এল্, যশোহর, মূল্য ২৲।

হিন্দু-সখা (১৩১৫)—সম্পাদক শ্রীরাজকুমার কাব্য-স্মৃতি-বেদতীর্থ ও শ্রীহরিপদ বন্দ্যোপাধ্যায় বি-এল্, কৈকালা, হুগলী।

মন্তব্য—প্রথম প্রকাশের তারিখ বন্ধনী মধ্যে দেওয়া হইয়াছে। পত্রিকা কতগুলি করিয়া ছাপা হয় তাহা সংখ্যা দ্বারা নির্দ্ধারণ করা হইয়াছে। যেখানে কিছু লিখিত হয় নাই, সেখানে বাৎসরিক মূল্য বুঝিতে হইবে।

চতুর্থ অধ্যায়

বিগত বর্ষের মাসিক পত্রিকার সংক্ষিপ্ত বিবরণ

যথাসময়ে গত বর্ষের সমস্ত মাসিক পত্র আমাদের হস্তগত না হওয়ায় বর্ণানুক্রমে বিবরণ লিপিবদ্ধ করিতে পারি নাই। এই অনুচ্ছেদে যে সকল মাসিকপত্রের বিবরণ আছে সেগুলির নাম বর্ণানুক্রমে নিম্নে প্রদত্ত হইল,—

অর্চ্চনা, কায়স্থ পত্রিকা, কুশদহ, গম্ভীরা, গৃহস্থ, জগজ্জ্যোতিঃ ঢাকা রিভিউ ও সম্মিলন, তোষিণী, নারায়ণ, প্রতিভা, প্রবাসী, বিক্রমপুর, বৌদ্ধ-বন্ধু, ব্রহ্মবিদ্যা, ভারতবর্ষ, ভারতী, মানসী ও মর্ম্মবাণী, মালঞ্চ, শিল্প ও সাহিত্য, শ্রীনিত্যানন্দ সেবক, শ্রীভূমি, শাশ্বতী, সন্দেশ, সবুজপত্র, সাহিত্য-পরিষৎ-পত্রিকা, সাহিত্য-সংবাদ, সৌরভ, হিন্দু-পত্রিকা।

আগামী বৎসর হইতে আমরা উল্লেখযোগ্য প্রবন্ধের সারসঙ্কলন করিয়া দিব।

কায়স্থ পত্রিকা—১৩২২ বৈশাখ হইতে চৈত্র, চতুর্দ্দশ বর্ষ ও নবপর্য্যায়ের ষষ্ঠ খণ্ড, বঙ্গদেশীয় কায়স্থ সভার মুখপত্র, ৪৬, গ্রে ষ্ট্রীট, কলিকাতা হইতে প্রকাশিত, বার্ষিক মূল্য ২৲। এই খণ্ডে নিম্নলিখিত বিষয়ক প্রবন্ধ আছে;—জাতিতত্ত্ব ১১, কবিতা ১৪, ঐতিহাসিক প্রবন্ধ ৪, জীবনী ৬, বংশের ইতিবৃত্ত ৪, বিজ্ঞান ৩, সমাজতত্ত্ব ৪, আলোচনা ৪, (অসম্পূর্ণ) উপন্যাস ১, গল্প ১, ধর্ম্মতত্ত্ব ১, (অসম্পূর্ণ) নাটক ১, বিবিধ প্রবন্ধ ২৫। উল্লেখযোগ্য প্রবন্ধের নাম—কায়স্থ শব্দের নিরুক্তি, প্রাচীন ইতিহাসের উপাদান, মহাভারতের সময়, ধর্ম্মতত্ত্ব, সৃষ্টিরহস্য, মানবতত্ত্ব, শ্রীশ্রীচিত্রগুপ্তের দেবত্ব। এই বর্ষের পত্র সংখ্যা ৭১৮, আকার ডিমাই আট পেজী।

সংক্ষিপ্ত ইতিহাস—বঙ্গদেশীয় কায়স্থসভা, রিজলী সাহেবের কথার প্রতিবাদের জন্য ১৩০৯ সালে প্রাচ্যবিদ্যা মহার্ণব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের সম্পাদকতায় ইহা প্রথম প্রকাশ করেন। ৫ বৎসর পরে এই পত্রিকা বন্ধ হইয়া যায়। অতঃপর শ্রীযুক্ত উপেন্দ্রনাথ মিত্র শাস্ত্রী মহাশয় ইহা ১৩১৫ সালের বৈশাখ হইতে ভাদ্র পর্য্যন্ত "কায়স্থ-সংহিতা" নামে প্রকাশ করেন। তৎপরে শ্রীযুক্ত শরৎকুমার মিত্র বিএল্, মহাশয় পত্রিকা পরিচালনার্থ এক সম্পাদক-সমিতি গঠন করিয়া ইহাকে ত্রৈমাসিক কায়স্থ পত্রিকা করেন। ১৩১৭ সাল হইতে ইহা পুনরায় মাসিক হইয়াছে।

গম্ভীরা—১৩২২ বৈশাখ হইতে ফাল্গুন, ইহা বাঙ্গলায় একমাত্র (সচিত্র) দ্বৈমাসিক পত্র, মূল্য ডাকমাশুল সমেত বার্ষিক ১৲, আকার রয়াল আট পেজী, ৩১০ পৃঃ, স্বত্বাধিকারী ও প্রকাশক শ্রীকৃষ্ণচরণ সরকার,

কালিগাঁও (মালদহ)। এই বৎসরে ২য় বর্ষ পূর্ণ হইয়াছে। ইহার আলোচনা অংশে "গৃহস্থের" ন্যায় বিশেষত্ব আছে। "বিবিধ প্রসঙ্গ" নামে এই অংশে ৪৩টি বিষয় আছে তন্মধ্যে "গম্ভীরা উৎসবে লোক-শিক্ষা"ই বিশেষ উল্লেখযোগ্য। প্রবন্ধের মধ্যে শিল্পবিজ্ঞান-বিষয়ক ১১টি, সমাজতত্ত্ব ৫, জীবনী ২, ইতিহাস ৪, ভ্রমণকাহিনী ১, হিন্দুশাস্ত্র-বিষয়ক ২, কবিতা ১৫, শিক্ষা-বিষয়ক ২টি। মাসিক ও সাময়িক পত্রিকা হইতে ১৭টি প্রবন্ধ "বঙ্গবাসী" নামে উদ্ধৃত হইয়াছে, এই বৎসরে ৬ খানি চিত্র আছে। উল্লেখযোগ্য প্রবন্ধের নাম,—অসবর্ণে বিবাহ, অভিব্যক্তিবাদ ও বিবর্ত্তনবাদ, ইয়ুরোপে শ্রমজীবি সমস্যা, উদ্ভিদের উৎকর্ষ-বিধান, বাঙ্গালীজাতির ভবিষ্যৎ, পণ্ডিত ভুবনমোহন, পাশ্চাত্য কর্ম্মবিজ্ঞানের সংক্ষিপ্ত পরিচয় (ধারাবাহিক), মালদহের পল্লীকথা, শাস্ত্র-সংগৃহীত, পরিস্ফুট জ্যোতিঃ, মফঃস্বলে পানীয় জল সমস্যা, মালদহের রেশম শিল্পের উত্থান পতন ও হিন্দুশাস্ত্র (ধারাবাহিক)।

গৃহস্থ (সচিত্র)—১৩২১ কার্ত্তিক হইতে ১৩২২ আশ্বিন পর্য্যন্ত, ৬ষ্ঠ বর্ষ, দুই খণ্ড, মূল্য বার্ষিক ২৲, আকার রয়াল আট পেজী, ১২৯২ পৃঃ, স্বত্বাধিকারী শ্রীরামরাখাল ঘোষ, ২৪, মিডল্ রোড, ইটালি, কলিকাতা। ইহার আলোচনা অংশই ইহার বিশেষত্ব। এই অংশে ১৩৬টি বিষয় আলোচিত হইয়াছে। মফঃস্বলের বাণী নামে সংবাদপত্র হইতে ৫৩টি প্রয়োজনীয় বিষয় উদ্ধৃত হইয়াছে। ৯৫টি প্রবন্ধ আছে। গল্প, উপন্যাস বা কবিতা মোটেই নাই। তন্মধ্যে সাহিত্য-বিষয়ক ২০, শিল্প ও বিজ্ঞান-বিষয়ক ১৩, দেশবিদেশের বিবরণ ১৬, শাস্ত্র ও ধর্ম্ম-তত্ত্ব ৮, সমাজতত্ত্ব ১২, ধনবিজ্ঞান ৩, ইতিহাস ও প্রত্নতত্ত্ব ৫, শিক্ষা ৫, জীবনী ৪ এবং বিবিধ প্রবন্ধ ৯টি। উল্লেখযোগ্য প্রবন্ধের নাম,—

স্কট্‌ল্যাণ্ডের বিশ্ববিদ্যালয়, কালিদাসের আবির্ভাবকাল, গুরুগৃহ, গোদুগ্ধ, নিগ্রোজাতির কর্ম্মবীর, বঙ্গীয় সাহিত্যপরিষৎ ও বাঙ্গলার প্রাচীন সাহিত্যসম্পদ, বঙ্গে রেশম, বিংশ শতাব্দীর কুরুক্ষেত্র (পুস্তকাকারে পুনর্মুদ্রিত হইয়াছে), ভূস্বামী কে, সভাপতির অভিভাষণ, সুকবি ৺ রজনীকান্ত, হিন্দুট্রাষ্ট, আমার আমিত্ব, কদলীর চাষ, কবে দেখা পাব, জাফরাণের চাষ, তাজমহল, নব নাগরিক সাহিত্য, নায়াগ্রাঝোরা, নাট্য-সাহিত্যের বর্ত্তমানগতি, মার্কিন-রাষ্ট্রে ফেডারাল কেন্দ্র, মাংস ভোজন, শ্যামারূপার গড়, সমাজ ও সেবা এবং পুণ্যক্ষেত্র ৺ কালীক্ষেত্র। তদ্ভিন্ন পরিশিষ্টে জৈমিনীয় উপদেশ সূত্র ও মার্কণ্ডেয় পুরাণের কিয়দংশ (মূল সমেত অনুবাদ) মুদ্রিত হইয়াছে।

প্রবাসী (সচিত্র)—১৩২২ বৈশাখ হইতে চৈত্র, ১৫শ ভাগ দুই খণ্ড, আকার ডবলক্রাউন আট পেজী, ১৪৬২ পৃঃ। বার্ষিক মূল্য ৩৷৵০। সম্পাদক ও স্বত্বাধিকারী শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম্-এ। ঠিকানা—২১০।৩।১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। এ বৎসরে পত্রিকায় ৪৩টি কবিতা, ৩ স্বরলিপি ১৯ গল্প, ৩ উপন্যাস (২টি অসম্পূর্ণ), দেশ-বিদেশের বিবরণ ১৭, শিল্প বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ ১৭, ইতিহাস ও প্রত্নতত্ত্ব ১৮, সাহিত্য ১৪, সমাজ-তত্ত্ব ৮, দর্শন ৭, অর্থনীতি ৪, জীবনী ৩, ও শিক্ষা বিষয়ক প্রবন্ধ ৬টি আছে, তদ্ভিন্ন আলোচনা, সমালোচনা, দেশের কথা ও বিবিধ প্রসঙ্গে বহু বিষয়ের আলোচনা আছে। "কষ্টি পাথর" নামে বহু মাসিক পত্রিকা হইতে সংক্ষিপ্ত আকারে প্রবন্ধ উদ্ধৃত হইয়াছে, পঞ্চশস্যে বিবিধ ইংরেজী মাসিক পত্রিকা হইতে সার সঙ্কলিত হইয়াছে এবং "হারামণি"তে নিরক্ষর গ্রাম্য কবির কবিতা সংগৃহীত হইয়াছে। এই বর্ষে উল্লেখযোগ্য

প্রবন্ধের নাম,—আমেরিকার কথা, ইতিহাসের ক্রম, ঈশ্বর ঘোষের তাম্রশাসন, গৌতম বুদ্ধের ধর্ম্ম, জগদীশচন্দ্রের আবিষ্কার, ধীমান ও বীতপাল, পরশুরাম ক্ষেত্রে, পাতালের অক্সফোর্ড, পুরাবৃত্ত আলোচনা, পৌরাণিকী, বাজার দর ও বর্ত্তমান সমস্যা, বৈজ্ঞানিক আবিষ্কারের প্রকৃতি, শ্যামে হিন্দুধর্ম্ম, সমাধিসাধনা ও বিভূতি লাভ, সহিত্য-সম্মিলনে ৫ জন সভাপতির অভিভাষণ, হিন্দুর রসায়ন শাস্ত্রের প্রাচীনত্ব, কবিতার ভাষা ও ছন্দঃ, খাসিয়া, চীনদেশে ভারতবর্ষের প্রভাব, চীনের প্রাচীনতম বৌদ্ধজনপদ, পরাবিদ্যা ও অপরাবিদ্যা বোধন, ভারতের অর্থ সমস্যা, মার্কিন মেয়েদের কথা, মৌমাছি পালন।

বিক্রমপুর (সচিত্র)—৩য় বর্ষ, ১৩২২ বৈশাখ হইতে চৈত্র। আকার ডিমাই আট পেজী, ৫৩২ পৃঃ। বার্ষিক মূল্য ২।৵৹, সম্পাদক শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত, মহীরাম কোল, ফুলকোটা (ময়মন সিংহ)। এই বর্ষে কবিতা ৩৬, স্থানীয় ইতিবৃত্ত ৮, ভ্রমণ কাহিনী ৩, জীবনী ৫, গল্প ৪, উপন্যাস (অসম্পুর্ণ) ১, সাহিত্য ৬, সমাজ তত্ত্ব ৩, ইতিহাস ও প্রত্নতত্ত্ব ৪, কৃষি ও উদ্ভিদ তত্ত্ব ২ ও বিবিধ বিষয়ক ৪ টি প্রবন্ধ আছে, তদ্ভিন্ন সংগ্রহ, বিক্রমপুর প্রসঙ্গ ও প্রসঙ্গ কথার বিবিধ বিষয়ক আলোচনা ও গ্রন্থ সমালোচনা আছে। উল্লেখযোগ্য প্রবন্ধ,—হৃদয়বাণী, বিক্রমপুরের ঐতিহাসিক তত্ব, বিক্রমপুরের বনফুল, চ্যাণ্ডিক্যাণ নগরী, বিক্রমপুর সম্মিলনীর সভাপতিদ্বয়ের অভিভাষণ, হল্‌দিয়া, বীরতারা, কনকসার, সোণারঙ্গ, মধ্যপাড়া ও ষোলঘরের গ্রাম্য বিবরণ।

ব্রহ্মবিদ্যা—ধর্ম্ম ও অধ্যাত্মবিদ্যা (Theosophy) সম্বন্ধীয় মাসিকপত্র। চতুর্থ বৎসর, ১৩২২ বৈশাখ হইতে চৈত্র, সম্পাদক মাননীয় রায় শ্রীযুক্ত পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাদুর এম্‌-এ, বি-এল্‌ ও শ্রীযুক্ত

হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্-এ, বি-এল্, ৪।৩ A, কলেজ স্কোয়ার, কলিকাতা, বঙ্গীয় তত্ত্ববিদ্যা-সমিতি হইতে প্রকাশিত, বার্ষিক মূল্য ২॥০ টাকা, আকার রয়াল আট পেজী, ৫৭৬ পৃঃ। এ বৎসর ৬০টি কবিতা, ১৩ দর্শন, ১৩ ধর্ম্মতত্ত্ব ও উপনিষদ্, ৩ অধ্যাত্মবিদ্যা, ৩ ধর্ম্ম-নীতি; ৪ বিজ্ঞান, ৩ মনোবিজ্ঞান, ১ যোগ, ২ প্রত্নতত্ত্ব বিষয়ক প্রবন্ধ, ২ শাস্ত্রানুবাদ, ১ সমালোচনা, ১৩টি বিবিধ প্রসঙ্গ ও পুস্তক প্রসঙ্গ আছে, উল্লেখযোগ্য প্রবন্ধের নাম,—আত্মন্ বিষয়ক জ্ঞান, আত্মরক্ষার স্বাভাবিক উপায়, গীতোক্ত ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ-তত্ত্ব, চিন্তাশক্তি তাহার সংযম ও সাধনা, জগদ্গুরুর আবির্ভাব, দর্শন শব্দের নিরুক্ত, দেবাপি ও মরু, নব্য ইয়ুরোপীয় দর্শন, পাশ্চাত্য দর্শনের অভিনব ব্যঞ্জনা, প্রকৃতির প্রতীকারে জীবনীশক্তির ক্রিয়া, প্রণব তত্ত্ব, প্রাণের কথা, বিশ্বের জাগরণ, বৌদ্ধধর্ম্মে মুক্তি বা নির্ব্বাণ, ভক্তির ক্রমবিকাশ, শ্রীমৎসায়ণাচার্য্য, সরল যোগসাধন, সাধনা।

মানসী (সচিত্র)—সপ্তমবর্ষ, দুই খণ্ড, ফাল্গুন ১৩২১ হইতে মাঘ ১৩২২, সম্পাদক মাননীয় মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায়, কার্য্যালয় ৪, চৌরঙ্গী রোড, কলিকাতা, বার্ষিক মূল্য ২।৶০, আকার ডিমাই আট পেজী, ১৩৫০ পৃঃ, পূর্ণ পৃষ্ঠাব্যাপী চিত্রের সংখ্যা ২৬। এই বৎসরে ৯৮টি কবিতা, ২১ গল্প, ২ উপন্যাস, ২ গান, ৩০ সাহিত্য, ৬ জীবনী, ৩ দর্শন, ১১ ইতিহাস ও প্রত্নতত্ত্ব, ৩ সমাজতত্ত্ব, ২ ভ্রমণ-কাহিনী ও ৮ বিবিধ-বিষয়ক প্রবন্ধ আছে। তদ্ভিন্ন মাসিক সাহিত্য-সমালোচনা, গ্রন্থ-সমালোচনা ও সাহিত্য-সমাচার আছে। উল্লেখযোগ্য প্রবন্ধ,—নববর্ষে, নূরজাহান, সাহিত্য ও মানব হৃদয়, ৺ দ্বিজেন্দ্রলাল, শ্রুতি-স্মৃতি, ছোটগল্প, তিন, সামাজিক সমস্যা, কাব্যে অলঙ্কার শাস্ত্রের নিয়মের প্রয়োজনীয়তা, বাঙ্গলার ইতিহাস (সমালোচনা) প্রাচীন

যৌধেয় জাতি, রামপাল, শেষ হিন্দু-সাম্রাজ্য, গুপ্তযুগে বঙ্গদেশ, রোগ-শয্যার প্রলাপ, সংস্কৃত নাটকের জন্মকথা, তত্ত্ব ও সাহিত্য, অভিভাষণের সমালোচনা, পদ্মাবক্ষে, ডাকঘরের আত্মকাহিনী, বাঙ্গলা সাহিত্য, জন্মান্তর, ক্রিসাসের স্বর্ণমুদ্রা, কবি বরদাচরণ, মহানবমী, শিলিমপুর প্রশস্তি ভারতীয় শকুনশাস্ত্র, আধুনিক দর্শনের গতি, উপ, খেদা।

ভারতী (সচিত্র)—৩৯শ বর্ষ, দুই খণ্ড, ১৩২২ বৈশাখ হইতে চৈত্র, সম্পাদক শ্রীমণিলাল গঙ্গোপাধ্যায় ও শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় বিএল্, কার্য্যালয় ২২, সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা, বার্ষিক মূল্য ৩৷৵০, আকার রয়াল আট পেজী, ১২১৬ পৃঃ। এই বৎসরে ৩০টি কবিতা, ২১ গল্প, ৪ উপন্যাস (৩টি অসম্পূর্ণ), আখ্যায়িকা ১, ৩ নাটিকা, ১২ সাহিত্য, ১৬ ইতিহাস, ১৩ দেশবিদেশের বিবরণ, শিল্প ও বিজ্ঞান ৭, অর্থনীতি ৫, দর্শন ও ধর্ম্মতত্ত্ব ৫, ব্যাসচিত্র ও নক্সা ৫ ও বিবিধ-বিষয়ক প্রবন্ধ ৩টি আছে। তদ্ভিন্ন "চয়নে" ৫৯টি বিষয় সংক্ষিপ্তভাবে সঙ্কলিত হইয়াছে। উল্লেখযোগ্য প্রবন্ধ,—আর্য্যদিগের আদি জন্মভূমি, উপনিষদ ও ব্রাহ্মণগ্রন্থে আর্য্যদিগের কুরুবাসের প্রমাণ, ক্ষত্রিয় নামের প্রকৃত রহস্য, দুনিয়ার পশ্চিমতম নগর, বৈদিক সভ্যতা, রুষসম্ভব পর্ব্বাধ্যায়, বর্দ্ধমান সম্মিলনের পঞ্চ অভিভাষণ, অতএব, অতৃপ্তি, আমেরিকায় ভারতীয় শ্রমজীবি, কথা ও কাজ, প্রাণিরাজ্যে মনুষ্যের স্থান, বাঙ্গলার ইতিহাস ও তাহার উপাদান, বিনয় পরিচয়, বিজ্ঞান-সম্মিলন, বিদেশে "আর্য্যসমাজ", ভাষাসংস্কার ও বিচার, ভারতের ব্যবসাবাণিজ্য, মুদ্রা, খনিজপদার্থ, আয়ব্যয়, মফঃস্বলের হাকিম ও মোক্তার, মার্কিনের জাপানী ম্লেচ্ছ ও সেকেলে কথা।

পূর্ব্বতন সম্পাদকগণ—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, শ্রীমতী স্বর্ণকুমারী দেবী, শ্রীমতী সরলা দেবী (চৌধুরাণী), শ্রীমতী ইন্দিরা দেবী, শ্রীমতী হিরণ্ময়ী দেবী, শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর।

শ্রীভুমি (সচিত্র)—১ম বর্ষ বৈশাখ হইতে চৈত্র ১৩২২। কার্য্যালয়—করিমগঞ্জ, শ্রীহট্ট। বার্ষিক মূল্য ২।৵০, আকার ডিমাই আট পেজী, ৭৮৪ পৃঃ। এই বৎসরে ৫০ কবিতা, ৬টি গানের স্বরলিপি, ৮ গল্প, ১ উপকথা (অসম্পূর্ণ), দর্শন ৬, সাহিত্য ১০, ইতিহাস ও প্রত্নতত্ত্ব ৭, অনুবাদ (ইংরাজী পুস্তকের) ১, শাস্ত্রকথা ২, শিল্প ও বিজ্ঞান ৯, শিক্ষা ১, ভ্রমণকাহিনী ২, দেশবিদেশ ৪, অর্থনীতি ২ ও সমাজ তত্ত্ব বিষয়ক ১টি প্রবন্ধ আছে। উল্লেখযোগ্য প্রবন্ধের নাম আমাদের সাহিত্য ও সাহিত্য চর্চ্চা, আসামে শ্রীচৈতন্য, ৺কবি রামকুমার নন্দী, কেশব ভারতী, গুরুপ্রসাদ, চট্টল ভ্রমণ, টাকার আত্মকথা, দেহের উপর মনের প্রভাব, ধন ও বিলাসিতা, ধর্ম্মের উপর আহারের প্রভাব, নাগাজাতি, পীর শাহজলাল, প্রতাপগড়ের প্রস্তর শিল্প, বঙ্গনাটকের অপূর্ণতা, বর্ণাশ্রম ধর্ম্ম, শ্রীভুমির পূর্ব্বকথা, শ্রীহট্ট-ব্রাহ্মণ-পরিষদের সভাপতির অভিভাষণ, সামবেদ পাঠের ভূমিকা, সামাজিক সহায়তা, সুহ্ম ও শিলিউটলো এবং হাসি বনাম কান্না।

সবুজ পত্র—১৩২২ বৈশাখ হইতে চৈত্র ২য় বর্ষ, দুই খণ্ড, কার্য্যালয়—৩, হেষ্টিংস্ ষ্ট্রীট, কলিকাতা, বার্ষিক মূল্য ২।৵০, আকার ফুলস্কাপ চার পেজী, ৮০২ পৃঃ, সম্পাদক—শ্রীপ্রমথ চৌধুরী এম্-এ, বার-এট-ল, এই বৎসরে ১৭টি কবিতা, ২টি উপন্যাস (১টি অসম্পূর্ণ), ৩ গল্প, ২ নাটক (মিষ্টিক্), ৬ সমাজ তত্ত্ব, ৫ আলোচনা, ১২ সাহিত্য ও ৪ শিক্ষা বিষয়ক প্রবন্ধ আছে, উল্লেখযোগ্য প্রবন্ধের নাম,—কৃপণতা, চুটকি, ভাষার কথা, সম্বন্ধ, সোণার কাঠি, অলঙ্কারের সূত্রপাত,

পুস্তক প্রশংসা, বর্ত্তমান বঙ্গসাহিত্য, শিক্ষার বাহন, সবুজ পত্রের ছাপার বিশেষত্ব এই যে সমস্ত বাঙ্গলা সংবাদপত্র ও মাসিক পত্র স্মল পাইকা অক্ষরে মুদ্রিত হয় কিন্তু সবুজ পত্র পাইকা অক্ষরে ছাপান।

সাহিত্য পরিষৎ পত্রিকা (সচিত্র)—ত্রৈমাসিক, ১৩২২ সালে দ্বাবিংশ ভাগ, আকার রয়াল আটপেজী, ৩১২ পৃঃ, বার্ষিক মূল্য গ্রাহক পক্ষে ৩৶০, ইহা বঙ্গীয় সাহিত্য-পরিষদের মুখপত্র, পরিষদের সদস্যগণকে পৃথক্ মূল্য দিতে হয় না। কার্য্যালয়—বঙ্গীয় সাহিত্য-পরিষৎ মন্দির, ২৪৩।১, আপার সার্কুলার রোড, কলিকাতা। পত্রিকাধ্যক্ষ মহামহোপাধ্যায় শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্-এ, পি এইচ্ ডি, ইহাতে মোট ২১টি প্রবন্ধ আছে, তন্মধ্যে ৮টি ইতিহাস, ৬ সাহিত্য, ৩ শব্দতত্ত্ব ও ৪টি দর্শন বিষয়ক, প্রবন্ধগুলির নাম,—আসামে শ্রীচৈতন্য, একখানি সত্যপীরের পুঁথি, one per centএর প্রতিশব্দ, কয়েকটি প্রাচীন পল্লী সঙ্গীত, কৃষ্ণকীর্ত্তনের লিপিকাল নির্ণয়, গুপ্তবলভী সংবৎ, জঙ্গিপুরের গ্রাম্য শব্দ, জ্ঞানদাসের পদাবলী, নেহ ও লেহ শব্দের উৎপত্তি, প্রত্যভিজ্ঞা দর্শন, বৰ্দ্ধমানের বিবরণ, বাঁশে লিখিত ঠিকুজী, বৌদ্ধ-ন্যায়, মানভূম জেলার গ্রাম্য সঙ্গীত, রাঘব পণ্ডিত ও শ্রীপাট পাণিহাটি মাহাত্ম্য, লখ্নৌ সহরের নামের উৎপত্তি, শঙ্করাচার্য্য ও বৌদ্ধধর্ম্ম, শ্রীবিক্রমপুর (প্রতিবাদ) ও তাহার উত্তর, সম্বোধন (বৰ্দ্ধমান সম্মিলনের) ও সুশ্রুতে ধর্ম্মভাব। ইহার বিশেষত্ব—প্রবন্ধ লেখক মুদ্রিত প্রবন্ধের ১০ কপি বিনামূল্যে প্রাপ্ত হন।

হিন্দুপত্রিকা—হিন্দুধর্ম্ম-বিষয়িণী পত্রিকা, ১৩২২ বৈশাখ হইতে চৈত্র, দ্বাবিংশ বর্ষ, আকার রয়াল আট পেজী, ৫৬৮ পৃঃ, সম্পাদক ও স্বত্বাধিকারী রায় শ্রীযুক্ত যদুনাথ মজুমদার বাহাদুর, এম্‌এ, বিএল্, বেদান্তবাচস্পতি, বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত

২৲। এই বৎসরে মোট ৪৯টি প্রবন্ধ, ৩৯টি কবিতা ও ৫টি শাস্ত্রানুবাদ আছে। ১টি ব্যতীত সমস্ত প্রবন্ধই ধর্ম্ম ও শাস্ত্র-বিষয়ক। উল্লেখযোগ্য প্রবন্ধ,—সাহিত্য-সম্মিলন, পুনর্জন্মবাদ, মনোবিজ্ঞান-বিষয়িণী নীতি, কে তুমি, উপায়ের কথা, প্রেম, বধদণ্ড, রাজশাসন, মোক্ষতত্ত্ব, আহারতত্ত্ব, একই পথ, ব্রাহ্মণ ও শূদ্র, জীবনের পরপারে, মানবজীবনের উদ্দেশ্য কি, দেবতত্ত্ব, শ্রীগৌরাঙ্গ কথা, জীবে দয়া নামে রুচি, মানবের কর্ত্তব্য, কর্ম্মফল ও পরিত্রাণ এবং সাহিত্যে বর্ণলিপি।

তোষিণী (শিশুপাঠ্য, সচিত্র)—ষষ্ঠ বর্ষ, ১৩২২ বৈশাখ হইতে চৈত্র, আকার ডবল ক্রাউন আট পেজী, ২৮৪ পৃঃ, সম্পাদক শ্রীঅনুকূলচন্দ্র শাস্ত্রী, ঢাকা। এই বৎসরে ৪৪টি কবিতা, ৪৮ শিক্ষাপ্রদ গল্প ও পৌরাণিক উপাখ্যান, ১ ধারাবাহিক উপন্যাস (অসম্পূর্ণ), ১৪ প্রাকৃতিক প্রবন্ধ, ১২ সচিত্র জীবনী, ৩ দেশ বিদেশের বিবরণ, ৪ নৈতিক উপদেশ ও ৩ ঐতিহাসিক প্রবন্ধ আছে। ১২ মাসে বিবিধ প্রকারের ধাঁধাঁ আছে এবং ধাঁধাঁর উত্তরের জন্য ৩ জন গ্রাহককে পুরস্কার প্রদত্ত হইয়াছে। উল্লেখযোগ্য প্রবন্ধ,—অনুকারী পাখী, অহিংসককে কেহ হিংসা করে না, আশ্চর্য্য মৎস্য, কৃষক, কয়লার কথা, জাতি ও ধর্ম্মের কথা, তপস্বীর জীবে দয়া, নানা দেশের নানা লোকের কথা, নারায়ণ পাল, পৃথিবীর লোক ও তাহাদের বেশভূষা, বিদ্যালয়ে কৃষিশিক্ষা, বুদ্ধগয়া, মহেশ মণ্ডল, মাছের কথা, রেশমকীট, রোম নগরের সৃষ্টি, শনি, জড়পদার্থ, ব্যোম, শালিবাহন।

জগজ্জ্যোতিঃ—বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার মুখপত্র, অষ্টম বর্ষ, আষাঢ় ১৩২২ হইতে জ্যৈষ্ঠ ১৩২৩, আকার রয়াল আট পেজী, ৩৮৮ পৃঃ, মূল

২৲ টাকা, কার্য্যালয় ১, বুদ্ধিষ্ট টেম্পল লেন, কলিকাতা, সম্পাদক শ্রীমৎ কবিধ্বজ গুণালঙ্কার মহাস্থবির এম, আর, এ, এস। এই বর্ষে ২৭টি কবিতা, ৮ ঐতিহাসিক প্রবন্ধ, ৩ দার্শনিক প্রবন্ধ, ৮ জাতকানুবাদ, ৩ অবদান ও ৩ অন্যান্য বৌদ্ধগ্রন্থের অনুবাদ, ১ ঐতিহাসিকতথ্য সহিত স্ত্রীশিক্ষা-বিষয়ক ও ৫ বিবিধ প্রবন্ধ আছে। তন্মধ্যে জাতক ও অবদান ব্যতীত উল্লেখযোগ্য প্রবন্ধ ও অনুবাদ,—অশোক অনুশাসনের উদ্দেশ্য ও অশোকের ব্রাহ্মণবিদ্বেষ, আর্য্যমার্গ-দীপিকা (ধারাবাহিক), জন্মান্তর ও বংশানুক্রম, নির্ব্বাণ (ধারাবাহিক), পাটলীপুত্র, বৌদ্ধদর্শনের নিকট হিন্দুদর্শনের ঋণ, বৌদ্ধ কর্ম্মপদ্ধতি (ধারাবাহিক), বাসনার বিকাশ ও ব্যাপ্তি, মারের ঐতিহাসিকতত্ত্ব (ধারাবাহিক), স্ত্রীশিক্ষা (ধারাবাহিক), সংযুক্ত নিকায় (ধারাবাহিক)।

অর্চ্চনা—দ্বাদশ বর্ষ, ফাল্গুন ১৩২১ হইতে মাঘ ১৩২২, ১৮, পার্ব্বতীচরণ ঘোষ লেন, কলিকাতা, মূল্য ১।০, সম্পাদক শ্রীকেশবচন্দ্র গুপ্ত এম্‌এ, বিএল্, আকার ডিমাই আট পেজী, ৪৮০ পৃঃ। এই বর্ষে (৪র্থ সংখ্যা নাই), ১৬টি গল্প, ১৩ কবিতা, ১৭ সাহিত্য, ৬ ইতিহাস, ১ দর্শন, ২ শিল্প, ২ ভ্রমণ-বিষয়ক প্রবন্ধ, ৩ জীবনী ও ১ বিবিধ-বিষয়ক প্রবন্ধ আছে। তদ্ভিন্ন সহযোগী সাহিত্য ও গ্রন্থ-সমালোচনা আছে। উল্লেখযোগ্য প্রবন্ধ,—চৈতন্যচন্দ্রোদয়, সাহিত্যপ্রসঙ্গ, সঙ্গীতের ক্রম-বিকাশ, নানাকথা, সাহিত্যকথা, ব্যোপদেব, হুগলীর ফৌজদার, ন্যায়রত্নের জীবনকথা, চিত্রকূটের পথে, সচেতন ও অচেতন, চিৎ ও অচিৎ, চিদাভাস, হিন্দুর দেবত্বতত্ত্ব, আত্মা ও বর্ত্তমান ভারত-শিল্প।

প্রতিভা—ঢাকা সাহিত্য-পরিষদের মুখপত্র, পঞ্চম বর্ষ, বৈশাখ হইতে চৈত্র ১৩২২। সম্পাদক শ্রীঅবিনাশচন্দ্র মজুমদার এম্-এ, বি-এল্, আকার

ডবল ক্রাউন আট পেজী, ৪৭০+৪০ পৃঃ, এই বর্ষে ১৫ টি কবিতা, ১০টি সাহিত্য, ৫ শিল্প ও বিজ্ঞান, ৮ প্রত্নতত্ত্ব ও ইতিহাস, ৫ শিক্ষা, ১ জীবনী, ১১ দেশবিদেশের বিবরণ বিষয়ক প্রবন্ধ, ৬ গ্রাম্যসাহিত্য ও ব্রতকথা, ১টি বৃহৎ সমালোচনা, ৩ সংস্কৃত নাটকানুবাদ (১ অসম্পূর্ণ) আছে, উল্লেখযোগ্য প্রবন্ধের নাম,—ভারতীয় প্রত্নতত্ত্ব, কাম্বোজ প্রদেশ, ঈশা খাঁর কত্রাভূনগরী, গৌড়াধিপ ৩য় গোপাল, চন্দ্রকান্ত প্রসঙ্গ, অল্ বা দারুহরিদ্রা, চিকিৎসার্ণবের কবি গোবিন্দরাম, কাগু-নামা, একজন পুরাতন পর্ত্তুগীজ লেখক, বাঙ্গলার ইতিহাস (সমা-লোচনা), উত্তর ব্রহ্ম ভ্রমণ, সোসিয়ালিজ্‌ম, পাখীর কথা, ভাটিয়াল গান সংগ্রহ, মিত্র কবি হরিশ্চন্দ্র।

শাশ্বতি (সচিত্র)—৩য় বর্ষ, বৈশাখ হইতে চৈত্র ১৩২২ (শেষের দুই সংখ্যা নাই), সম্পাদক—শ্রীনিখিলনাথ রায় বি-এল্, এথোরা ভায়া, সীতারামপুর (বর্দ্ধমান), আকার ডিমাই আট পেজী, ৫৭৪ পৃঃ, এই বর্ষে ২৮টি কবিতা, ১০ সাহিত্য, ৮ শাস্ত্র, ৬ ইতিহাস, ২৮ আলো-চনা বিষয়ক প্রবন্ধ, ১ ভ্রমণকাহিনী ও ১০টি উপাখ্যান ও গল্প আছে, উল্লেখযোগ্য প্রবন্ধের নাম,—কবিকথা (ধারাবাহিক), পৃথ্বীরাজ রাসো (ধারাবাহিক), কালিদাস (তাঁহার ধর্ম্মমত), আগমনী, চূড়ামণি ও বঙ্কিমচন্দ্র, কালিকা তত্ত্ব, বেদ, পরলোক রহস্য, কেদার-নাথ ও বদরিকাশ্রম (ধারাবাহিক), হিন্দুধর্ম্ম কথা, মুষ্টিযোগ, সতী-ধর্ম্ম, দিল্লী (ধারাবাহিক), হিন্দু ও বৌদ্ধধর্ম্ম, আরবীয়দের সিন্ধু অধিকার, রাণা মল্লদেব।

সাহিত্য সংবাদ—পঞ্চম বর্ষ, শ্রাবণ ১৩২২ হইতে জ্যৈষ্ঠ ১৩২৩, আকার রয়াল ৮ পেজী, ৬০৬ পৃঃ, শ্রীদুর্গাদাস লাহিড়ী মহাশয়ের উপদেশে শ্রীপ্রমথনাথ সান্যাল কর্ত্তৃক সম্পাদিত, অগ্রিম মূল্য ২৲, পশ্চাদ্দেয়

২॥০, হাওড়া, "পৃথিবীর ইতিহাস কার্য্যালয়" হইতে প্রকাশিত, এই বর্ষে ৬৭টি কবিতা ৪৪টি গান, ১৯টি গল্প, ৭ দর্শন, ৪ সমাজ তত্ত্ব, ২ জীবনী, ১১ ধর্ম্ম ও শাস্ত্রকথা, ১২ সাহিত্য, ৩ অর্থনীতি, ৫ ইতিহাস বিষয়ক প্রবন্ধ আছে, তদ্ভিন্ন সাময়িক সংবাদ ও ধর্ম্মভাবোন্মেষক সম্পাদকীয় মন্তব্য আছে। উল্লেখ যোগ্য প্রবন্ধ,—সম্পাদকীয় মন্তব্য, রাষ্ট্রীয় সঙ্ঘের উদ্ভব, শাক্ত-কবি নীলাম্বর, বিহারের কতিপয় প্রাচীন কীর্ত্তি, সৎপ্রসঙ্গ, সপ্তদ্বীপ-নিরুক্তি, শ্রীকৃষ্ণ, পুরাণরহস্য, বাহ্যপূজা, উপাসনাতত্ত্ব, সুখতত্ত্ব, আত্মা-রামের নববঙ্গ, ধন ও ভোগ, ভারতের প্রাকৃতিক সম্পদ ও প্রাচীন ভারতের কামানবন্দুক।

ঢাকা রিভিউ ও সম্মিলন—পঞ্চম বর্ষ বৈশাখ হইতে চৈত্র ১৩২২, পঞ্চম, ষষ্ঠ ও অষ্টম সংখ্যা নাই), দ্বৈভাষিক, মাসিক পত্রিকা, সম্পাদক—শ্রীবিধুভূষণ গোস্বামী, এম্-এ ও শ্রীসত্যেন্দ্রনাথ ভদ্র, এম্-এ, আকার ডবলক্রাউন ৮ পেজী (কেবল সম্মিলনের) ৩৭৫ পৃঃ, এই বর্ষে ২৭টি কবিতা, ১০ গল্প, ৫ ভ্রমণকাহিনী, ১ জীবনী, ১২ সাহিত্য, ৭ ইতি-হাস ও ৭ বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ ও ১ উল্লেখযোগ্য সমালোচনা আছে, তন্মধ্যে উল্লেখযোগ্য প্রবন্ধ,—সমশের গাজির পুথি, শ্রীকান্তের রামায়ণ, বৈষ্ণব পদাবলীর রস বৈচিত্র, দিব্য প্রবন্ধ, উত্তর-বঙ্গ সাহিত্য-সম্মিলনের সভাপতির অভিভাষণ, কবিতার প্রাণ, কৃত্তিবাস, বাঙ্গলানগরী, রাজর্ষি জনকের কাল, রাজতত্ত্ব, খ্রীষ্টধর্ম্মের ক্রুশচিহ্ন, গুর্জ্জর ভূমি, বর্দ্ধমান সম্মিলনের বিজ্ঞানশাখার অভিভাষণ, (সমালোচনা), রায় হরিচরণ শর্ম্মা বাহাদুর।

ভারতবর্ষ (সচিত্র)—১৩২২ আষাঢ় হইতে ১৩২৩ জ্যৈষ্ঠ, আকার ডবল ক্রাউন আট পেজী, ২২১৭ পৃঃ, ১ম খণ্ডের সম্পাদক শ্রীজলধর সেন

